

৪৯তম স্পেশাল বিসিএস প্রস্তুতির জন্য

বিশেষ সাম্প্রতিক সমাচার

[জুলাই, ২০২৪ - অক্টোবর, ২০২৫]

সূচিপত্র

| | |
|--|----|
| সেকশন ১ - কালানুক্রমিক সাম্প্রতিক তথ্যাবলি | 3 |
| সেকশন ২ - বিশেষ তথ্যাবলি | 15 |
| বাংলাদেশ বিষয়াবলি | 15 |
| আন্তর্জাতিক বিষয়াবলি | 21 |
| জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস | 29 |
| সম্মেলন, বৈঠক ও প্রদর্শনী | 30 |
| জুলাই, ২০২৪ - সেপ্টেম্বর ২০২৫ | 30 |
| সেকশন ৩ - পদক ও পুরস্কার | 31 |
| ❖ আন্তর্জাতিক বুকুর পুরস্কার- ২০২৫ | 31 |
| ❖ রাজা তৃতীয় চার্লস হারমনি অ্যাওয়ার্ড | 31 |
| ❖ স্বাধীনতা পুরস্কার - ২০২৫ | 31 |
| ❖ একুশে পদক - ২০২৫ | 32 |
| ❖ রায়মন ম্যাগসেসে পুরস্কার- ২০২৪: | 32 |
| ❖ নোবেল পুরস্কার - ২০২৪: | 33 |
| অন্যান্য পুরস্কার/সম্মাননা: | 34 |
| ❖ বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ | 34 |
| ❖ উইমেন ইন ডিপ্লোমেসি পুরস্কার | 34 |
| ❖ রবীন্দ্র পুরস্কার- ২০২৫ | 34 |
| ❖ নজরুল পুরস্কার- ২০২৫ | 34 |
| ❖ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার - ২০২৪ | 35 |
| ❖ আগা খান স্থাপত্য পুরস্কার | 35 |
| ❖ ৭৮ তম কান চলচ্চিত্র পুরস্কার | 35 |
| ❖ ৯৭তম অস্কার/একাডেমী পুরস্কার - ২০২৫: | 36 |
| সেকশন ৪ - সমীক্ষা ও রিপোর্ট সংক্রান্ত তথ্য | 36 |
| ❖ মানব উন্নয়ন প্রতিবেদন- ২০২৫ | 36 |
| ❖ বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন- ২০২৫ | 36 |
| ❖ World Energy Transition Index - 2025 | 37 |
| ❖ বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন - ২০২৫ | 37 |
| ❖ বৈশ্বিক লিঙ্গ সমতা প্রতিবেদন- ২০২৫ | 38 |
| ❖ বৈশ্বিক শান্তি সূচক- ২০২৫ | 38 |
| ❖ Food Outlook- 2025 | 39 |
| ❖ অর্থনৈতিক স্বাধীনতা সূচক- ২০২৫ | 39 |

| | |
|--|----|
| ❖ বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক- ২০২৫ | 39 |
| ❖ বৈশ্বিক সামরিক শক্তি সূচক- ২০২৫ | 40 |
| ❖ বৈশ্বিক সুখ প্রতিবেদন- ২০২৫ | 40 |
| ❖ বিশ্ব বাণিজ্য পরিসংখ্যান- ২০২৪ | 40 |
| ❖ টেকসই উন্নয়ন প্রতিবেদন- ২০২৫: | 41 |
| ❖ বিশ্ব বাসযোগ্যতার সূচক - ২০২৫ | 42 |
| ❖ বৈশ্বিক উদ্ভাবনী সূচক- ২০২৫ | 42 |
| ❖ জাতীয় বাজেট: ২০২৫-২৬ | 42 |
| ❖ GDP'র সাময়িক হিসাব: ২০২৪-২৫ | 44 |
| ❖ কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ- ২০২৪ | 45 |
| ❖ জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক | 45 |
| ❖ শ্রমশক্তি জরিপ- ২০২৪ | 47 |
| সেকশন ৫ – আলোচিত ঘটনাবলি | 48 |
| বাংলাদেশ বিষয়াবলি | 48 |
| আন্তর্জাতিক বিষয়াবলি | 49 |
| বিশ্বের উল্লেখযোগ্য ক্রীড়া আসর | 51 |
| ❖ US OPEN 2025 | 53 |
| ফিফা বিশ্বকাপ আয়োজক সমাচার | 53 |

সেকশন ১ - কালানুক্রমিক সাম্প্রতিক তথ্যাবলি

(তারিখ অনুসারে পূর্ববর্তী মাসে ঘটে যাওয়া গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক ঘটনাবলী)

জুলাই - ২০২৪

জুলাই - ০১

- ❖ কোটা বাতিলের পরিপত্র পুনর্বহালের দাবিতে ছাত্রসমাবেশ ও বিক্ষোভ অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে।

জুলাই - ০৬

- ❖ 'বাংলা ব্লকেড' নামে অবরোধ কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

জুলাই - ১০

- ❖ আপিল বিভাগ সরকারি চাকরির প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে মুক্তিযোদ্ধা কোটা নিয়ম বাতিলের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের ওপর এক মাসের স্থিতাবস্থা জারি করা হয়।

জুলাই - ১৬

- ❖ রংপুরে আন্দোলনকারী বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ পুলিশের বুলেটে নিহত হন।

জুলাই - ২১

- ❖ বাংলাদেশের কোটা সংস্কার আন্দোলনের মুখে প্রধান বিচারপতি (সাবেক) ওবায়দুল হাসানের নেতৃত্বে ৭ বিচারপতির বেঞ্চ পূর্বের কোটা নিয়ম বাতিল করে ৯৩% মেধা ও ৭% কোটা রাখার পক্ষে রায় দেন।

জুলাই - ২৩

- ❖ সরকারি চাকরি নিয়োগে ৯৩% মেধা ও ৭% কোটার বিধান রেখে সরকারের প্রজ্ঞাপন জারি।

জুলাই - ২৬

- ❖ ফ্রান্সের প্যারিসে ৩৩তম গ্রীষ্মকালীন অলিম্পিকের উদ্বোধন।

জুলাই - ২৮

- ❖ নারী টি-২০ এশিয়া কাপে ভারতকে হারিয়ে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হয় শ্রীলংকা।

জুলাই - ৩০

- ❖ 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচি পালন করার ঘোষণা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের।

জুলাই - ৩১

- ❖ ফিলিস্তিনের মুক্তিকামী সংগঠন হামাসের প্রধান নেতা ইসমাইল হানিয়া ইরানে নিহত হন।

আগস্ট - ২০২৪

আগস্ট - ০৫

- ❖ সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হয়ে ভারতে পালিয়ে যান।

আগস্ট - ০৬

- ❖ দ্বাদশ জাতীয় সংসদ বিলুপ্ত ঘোষণা করেন রাষ্ট্রপতি।

আগস্ট - ০৮

- ❖ বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ গ্রহণ করেন নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস।

আগস্ট - ১১

- ❖ দেশের ২৫তম বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন সৈয়দ রেফাত আহমেদ।

আগস্ট - ১৩

- ❖ বাংলাদেশ ব্যাংকের ১৩তম গভর্নর হিসেবে নিয়োগ পান আহসান এইচ মনসুর।

আগস্ট - ২৮

- ❖ সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।

সেপ্টেম্বর - ২০২৪

সেপ্টেম্বর - ০৬

- ❖ জাতিসংঘ সাধারণ পরিষদ ৬ জুলাইকে 'বিশ্ব পল্লী উন্নয়ন দিবস' হিসেবে ঘোষণা করে।

সেপ্টেম্বর - ১০

- ❖ জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন শুরু।

সেপ্টেম্বর - ১২

- ❖ বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) এমপক্সের প্রথম টিকার অনুমোদন।
- ❖ সৌদি আরব বিশ্বে প্রথমবারের মতো 'রোবোটিক হার্ট' ট্রান্সপ্লান্ট করে।

সেপ্টেম্বর - ১৪

- ❖ ইরান মহাকাশে 'চামরান-১' (Chamran-1) নামের গবেষণা স্যাটেলাইটটি উৎক্ষেপণ করে।

সেপ্টেম্বর - ১৭

- ❖ জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ লাভের সুবর্ণজয়ন্তী।

সেপ্টেম্বর - ১৮

- ❖ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (ECNEC) সভায় আপাতত পঞ্চবার্ষিক পরিকল্পনা স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়।

সেপ্টেম্বর - ১৯

- ❖ 'অন্তর্বর্তীকালীন সরকার অধ্যাদেশ, ২০২৪' খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ।

সেপ্টেম্বর - ২৭

- ❖ জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে ভাষণ দেন ড. মুহাম্মদ ইউনুস।

অক্টোবর - ২০২৪

অক্টোবর - ০১

- ❖ দেশের সকল সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয়।
- ❖ সামরিক জোট ন্যাটোর ১৪তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সাবেক ডাচ প্রধানমন্ত্রী মার্ক রুটে।

অক্টোবর- ০৩

- ❖ ভারতে ধ্রুপদী ভাষার মর্যাদা পায় বাংলাসহ আরও ৫টি ভাষা।

অক্টোবর- ০৯

- ❖ BPSC'র চেয়ারম্যান হিসেবে শপথ গ্রহণ করেন অধ্যাপক মোবাস্শের মোনেম।
- ❖ বিশ্ব স্বাস্থ্য সংস্থা মিসরকে ম্যালেরিয়ামুক্ত হিসেবে স্বীকৃতি দেয়।
- ❖ টি-২০ নারী বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় নিউজিল্যান্ড।

অক্টোবর - ২২

- ❖ রাশিয়ার কাজানে ব্রিকসের ১৬তম সম্মেলন শুরু।

অক্টোবর - ২৩

- ❖ জার্মানি ও যুক্তরাজ্য নতুন প্রতিরক্ষা চুক্তি Trinity House Agreement' স্বাক্ষর করে।

অক্টোবর - ২৬

- ❖ বাংলা একাডেমির নতুন সভাপতি হলেন অধ্যাপক ও প্রাবন্ধিক আবুল কাসেম ফজলুল হক।

অক্টোবর - ৩০

- ❖ ২-১ গোলে নেপালকে হারিয়ে টানা দ্বিতীয়বারের মতো সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপে শিরোপা নিজেদের করে নিলো বাংলাদেশ।

নভেম্বর - ২০২৪

নভেম্বর - ০১

- ❖ দেশের বাজারে পলিথিন ব্যাগ নিষিদ্ধ।

নভেম্বর - ০৭

- ❖ উপদেষ্টা পরিষদের ১২তম বৈঠকে 'সাইবার নিরাপত্তা আইন (রহিতকরণ অধ্যাদেশ, ২০২৪)-এর খসড়া নীতিগত অনুমোদন করা হয়।

নভেম্বর - ১৩

- ❖ COP-29 সম্মেলনে কার্বন নিঃসরণ কমাতে ভুটানের নেতৃত্বে নতুন ফোরাম 'জি-জিরো (G-Zero)' গঠিত হয়।

ডিসেম্বর - ২০২৪

ডিসেম্বর- ০৩

- ❖ প্রথমবারের মতো বাংলাদেশ অ-২১ হকি দল জুনিয়র বিশ্বকাপে খেলা নিশ্চিত করে।

ডিসেম্বর- ০৫

- ❖ জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ জারি।

ডিসেম্বর - ০৯

- ❖ মানবাধিকার কাউন্সিলের ভাইস প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয় বাংলাদেশ।

ডিসেম্বর - ১০

- ❖ ৪র্থ অর্থনৈতিক শুমারি শুরু হয়।

ডিসেম্বর - ১৩

- ❖ হেলাল হাফিজ পরলোক গমন করেন।

ডিসেম্বর- ১৯

- ❖ ইকোনমিস্টের কান্ডি অব দ্য ইয়ার- ২০২৪ নির্বাচিত বাংলাদেশ; রানারআপ- সিরিয়া।

ডিসেম্বর- ২৩

- ❖ মেয়েদের প্রথম শ্রেণির ক্রিকেটে সর্বপ্রথম সেঞ্চুরি করেন নিগার সুলতানা জ্যোতি।

ডিসেম্বর - ৩০

- ❖ বিশ্বের চতুর্থ দেশ হিসেবে 'স্পেডেক্স' মিশন পরিচালনা করে ভারত।

জানুয়ারি - ২০২৫

জানুয়ারি - ০১

- ❖ আসবাবপত্রকে ২০২৫ সালের 'বর্ষসেরা পণ্য' ঘোষণা করা হয়।
- ❖ পূর্ণাঙ্গ সদস্য হিসেবে শেনজেন অঞ্চলে যুক্ত হয় বুলগেরিয়া ও রোমানিয়া।

জানুয়ারি- ০৩

- ❖ চট্টগ্রামের প্রথম এলিভেটেড এক্সপ্রেসওয়েতে (উড়ালপথ) আনুষ্ঠানিকভাবে যানবাহন চলাচল শুরু।
- ❖ ১১৯তম মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস-অধিবেশন শুরু।

জানুয়ারি - ০৬

- ❖ ব্রিকসের দশম সদস্য হিসেবে যোগ দেয় ইন্দোনেশিয়া।
- ❖ কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো পদত্যাগের ঘোষণা দেন।

জানুয়ারি - ১০

- ❖ দেশে প্রথমবারের মতো মানবদেহে 'ব্যাট-রিওভাইরাস' নামে ভাইরাসের উপস্থিতি পাওয়া যায়।

জানুয়ারি - ১৫

- ❖ জুলাই গণঅভ্যুত্থানে ৮৩৪ জন 'শহীদের' তালিকা করে গেজেট প্রকাশ।

জানুয়ারি - ২০

- ❖ ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ডোনাল্ড ট্রাম্প।

জানুয়ারি - ২৬

- ❖ মুক্তিযুদ্ধে ৩ নম্বর সেক্টরের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব.) কে এম সফিউল্লাহ (বীর উত্তম) মৃত্যুবরণ করেন।

জানুয়ারি - ৩০

- ❖ দেশে প্রথমবারের মতো কৃষক দিবস পালিত।

ফেব্রুয়ারি - ২০২৫

ফেব্রুয়ারি - ০৬

- ❖ আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) ওপর নিষেধাজ্ঞা সংক্রান্ত নির্বাহী আদেশে স্বাক্ষর করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ❖ চীনের 'বেল্ট অ্যান্ড রোড' প্রকল্প থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেয় পানামা।

ফেব্রুয়ারি - ১০

- ❖ বাংলাদেশ ব্যাংক ২০২৪-২৫ অর্থবছরের দ্বিতীয়ার্ধের (জানুয়ারি-জুন ২০২৫) জন্য মুদ্রানীতি ঘোষণা করে।

ফেব্রুয়ারি - ১৬

- ❖ দেশে প্রথমবারের মতো জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চালু হয় 'স্কিন ব্যাংক'।

ফেব্রুয়ারি - ১৭

- ❖ মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের কার্যপরিধিতে যুক্ত হয় জুলাই গণঅভ্যুত্থান।

ফেব্রুয়ারি- ১৯

- ❖ নবম আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি শুরু।

ফেব্রুয়ারি - ২৭

- ❖ জুলাই গণঅভ্যুত্থানে আহত ১৪০১ জনকে জুলাই যোদ্ধার স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করে সরকার।

মার্চ - ২০২৫

মার্চ - ০৭

- ❖ সৌদি আরবের জেদ্দায় OIC'র পররাষ্ট্রমন্ত্রীদের ২০তম জরুরি অধিবেশনে সদস্যপদ ফিরে পায় সিরিয়া।

মার্চ - ১৫

- ❖ ঢাকার গুলশানে জাতিসংঘ হাউজ উদ্বোধন করেন সংস্থাটির মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস।

মার্চ - ১৮

- ❖ যমুনা রেলসেতু আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

মার্চ - ১৯

- ❖ আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে (আইএসএস) দীর্ঘ ৯ মাস কাটিয়ে অবশেষে পৃথিবীতে ফিরতে সক্ষম হন দুই বিশিষ্ট মার্কিন নভোচারী বুচ উইলমোর ও সুনিতা উইলিয়ামস।

মার্চ - ২৪

- ❖ দেশে প্রথমবারের মতো চট্টগ্রাম-সন্দ্বীপ রুটেস মুদ্রপথে ফেরি চলাচল শুরু হয়।

মার্চ - ২৮

- ❖ বাংলাদেশ ও চীনের মধ্যে অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহযোগিতার বিষয়ে একটি চুক্তি এবং আটটি সমঝোতা স্মারক সই হয়।

এপ্রিল - ২০২৫

এপ্রিল- ০৪

- ❖ ভারতের পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভায় বিতর্কিত 'ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫' পাস।
- ❖ থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে ষষ্ঠ বিমসটেক সম্মেলন অনুষ্ঠিত।

এপ্রিল- ০৭

- ❖ 'গ্লোবাল স্ট্রাইক ফর গাজা' কর্মসূচি পালিত হয়।
- ❖ বাংলাদেশের পাসপোর্টে Except Israel (ইসরায়েল ব্যতীত) শর্ত পুনরায় বহাল করা হয়।

এপ্রিল- ০৮

- ❖ বাংলাদেশের পণ্য রপ্তানির ট্রান্সশিপমেন্ট সুবিধা বাতিল করে ভারত।
- ❖ ৫৪তম দেশ হিসেবে বাংলাদেশ যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসার আর্টেমিস অ্যাকর্ডসে স্বাক্ষর করে।

এপ্রিল- ০৯

- ❖ বাংলাদেশে পরীক্ষামূলকভাবে স্টারলিংকের ইন্টারনেট-সেবা চালু করা হয়।
- ❖ ইয়াংওয়ানের চেয়ারম্যান কিহাক সাংয়ের হাতে সম্মানসূচক নাগরিকত্ব সনদ তুলে দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

এপ্রিল- ১১

- ❖ বাংলা নববর্ষের শোভাযাত্রার নতুন নামকরণ করা হয় 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'।

এপ্রিল - ১৩

- ❖ অন্তর্বর্তী সরকার ১০টি অর্থনৈতিক অঞ্চল বাতিল করে।
- ❖ বাংলাদেশ ওআইসি (OIC) শ্রম কেন্দ্রের সংবিধিতে আনুষ্ঠানিকভাবে স্বাক্ষর করে।

এপ্রিল - ১৫

- ❖ দেশে প্রথমবারের মতো 'বাংলা' ডোমেইনে ই-মেইল ব্যবহার চালু হয়।
- ❖ ইসরায়েলিদের প্রবেশ নিষিদ্ধ করে আইন পাস করে মালদ্বীপ সরকার।
- ❖ চীন থেকে আমদানি করা কিছু পণ্যের ওপর যুক্তরাষ্ট্র সর্বোচ্চ ২৪৫% শুল্ক আরোপ করে।

এপ্রিল- ১৭

- ❖ বিরল খনিজ নিয়ে যুক্তরাষ্ট্র ও ইউক্রেনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত।

এপ্রিল- ২১

- ❖ ক্যাথলিক খ্রিষ্টানদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস মারা যান।

এপ্রিল- ২২

- ❖ ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের পেহেলগামে পর্যটকদের ওপর বন্দুকধারীদের হামলা হয়।

এপ্রিল- ২৩

- ❖ মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তরের আনুষ্ঠানিক যাত্রার প্রজ্ঞাপন জারি।

এপ্রিল- ২৬

- ❖ নির্বাসিত কবি দাউদ হায়দার মৃত্যুবরণ করেন।
- ❖ ইরান-যুক্তরাষ্ট্র পরোক্ষ সংলাপের ৩য় দফা ওমানের রাজধানী মাসকটে অনুষ্ঠিত হয়।

মে - ২০২৫

মে - ০১

- ❖ বাংলাদেশের চতুর্থ নারী হিসেবে আন্তর্জাতিক নারী মাস্টারের আনুষ্ঠানিক স্বীকৃতি পান ওয়াদিফা আহমেদ।

মে - ০২

- ❖ সৌদি আরবের কাছে ৩৫০ কোটি ডলারের ক্ষেপণাস্ত্র বিক্রির অনুমোদন দেয় যুক্তরাষ্ট্র।

মে - ০৪

- ❖ যুক্তরাষ্ট্রের বাইরে নির্মিত সব চলচ্চিত্রের ওপর ১০০% শুল্ক আরোপের নির্দেশ দেওয়ার কথা জানান দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মে - ০৫

- ❖ মাইক্রোসফটের জনপ্রিয় যোগাযোগ মাধ্যম স্কাইপে আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায়।

মে - ০৬

- ❖ ধূমকেতু এক্সপ্লোরেশন টেকনোলজিস লিমিটেড (ধূমকেতুএক্স) দেশের প্রথম বাণিজ্যিক সাব-অরবিটাল রকেট 'বিদ্রোহী' উন্মোচন করে।
- ❖ জার্মানির ১০ম চ্যান্সেলর নির্বাচিত হন রক্ষণশীল নেতা ফ্রিডরিখ মের্ৎস।

মে - ০৭

- ❖ রাজশাহীর তানোর ও গোদাগাড়ী উপজেলায় দুটি জলাভূমিকে দেশে প্রথম 'জলাভূমি নির্ভর প্রাণী অভয়ারণ্য' ঘোষণা।
- ❖ ভারত পাকিস্তানে 'অপারেশন সিঁদুর' অভিযান শুরু করে।

মে - ০৮

- ❖ Code of Civil Procedure (Amendment) Ordinance. ২০২৫ জারি।
- ❖ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ গঠন।
- ❖ প্রথম আমেরিকান হিসেবে রোমান ক্যাথলিকদের ২৬৭তম পোপ নির্বাচিত হন রবার্ট প্রেভোস্ট।

মে - ০৯

- ❖ ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ, ২০২৫ জারি।

মে - ১০

- ❖ ভারতের 'অপারেশন সিঁদুর' সেনা অভিযানের পাল্টা জবাবে পাকিস্তান 'অপারেশন বুনিয়ানুম মারসুস' শুরু করে।
- ❖ যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ভারত এবং পাকিস্তান অস্ত্রবিরতিতে সম্মত হয়।

মে - ১১

- ❖ সন্ত্রাসী কার্যক্রমে জড়িত এমন ব্যক্তি ও সংগঠনের (সত্তা) কর্মকাণ্ড নিষিদ্ধ করার বিধান রেখে 'সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি করে।
- ❖ ওমানের রাজধানী মাস্কাটে যুক্তরাষ্ট্রের সঙ্গে চতুর্থ দফায় পরমাণু আলোচনায় বসে ইরান।

মে - ১২

- ❖ রাজনৈতিক দল হিসেবে বাংলাদেশ আওয়ামী লীগ-এর নিবন্ধন স্থগিত করে প্রজ্ঞাপন জারি।
- ❖ কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (PKK) আনুষ্ঠানিকভাবে বিলুপ্তির ঘোষণা।

মে - ১৩

- ❖ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মধ্যপ্রাচ্যের দেশ সিরিয়ার ওপর থেকে সব ধরনের নিষেধাজ্ঞা তুলে নেওয়ার ঘোষণা দেন।

মে - ১৪

- ❖ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসকে সম্মানসূচক ডি. লিট ডিগ্রি প্রদান করা হয়।
- ❖ চট্টগ্রামে কর্ণফুলী নদীর ওপর কালুরঘাট রেল-সড়ক সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন।
- ❖ কলম্বিয়া আনুষ্ঠানিকভাবে চীনের Belt and Road Initiative (BRI) যোগ দেয়।

মে - ১৫

- ❖ বৃক্ষরোপণ কর্মসূচিতে ইউক্যালিপটাস ও আকাশমণিগাছের চারা তৈরি ও রোপণ এবং বিক্রয় নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি করে সরকার।
- ❖ ইসরায়েলের বাহিনী গাজায় চারদিক থেকে Operation Gideon's Chariot নামক সামরিক আক্রমণ শুরু করে।

মে - ১৭

- ❖ নিজেদের স্থলবন্দর দিয়ে বাংলাদেশি পোশাকসহ বিভিন্ন পণ্য প্রবেশে নিষেধাজ্ঞা দেয় ভারত।
- ❖ আরব লীগের বার্ষিক শীর্ষ সম্মেলন- ২০২৫ অনুষ্ঠিত।

মে - ১৮

- ❖ জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC) ২০২৫-২৬ অর্থবছরের জন্য ২ লাখ ৩০ হাজার কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) অনুমোদন করে।

মে - ১৯

- ❖ ৬ষ্ঠ বাংলাদেশি হিসেবে বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট আরোহণ করেন ইকরামুল হাসান শাকিল।

মে - ২০

- ❖ বাংলাদেশ স্যাটেলাইট ইন্টারনেটের যুগে প্রবেশ করে।
- ❖ পাকিস্তানের ইতিহাসে দ্বিতীয় ব্যক্তি হিসেবে ফিল্ড মার্শাল র্যাংক পান দেশটির বর্তমান সেনাপ্রধান আসিম মুনির।

মে - ২১

- ❖ 'সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়।
- ❖ ইরানের পার্লামেন্ট রাশিয়া ও ইরানের মধ্যে স্বাক্ষরিত ২০ বছরের কৌশলগত অংশীদারিত্ব চুক্তি অনুমোদন করে।

মে - ২২

- ❖ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানি প্রথমবারের মতো দেশের বাইরে লিথুয়ানিয়ার রাজধানী ভিলনিয়াসে স্থায়ীভাবে সেনা মোতায়েন করে।

মে - ২৫

- ❖ সরকারি চাকরি (সংশোধন) অধ্যাদেশ-২০২৫ জারি করা হয়।

মে - ২৬

- ❖ 'এক ঠিকানায় সকল নাগরিক সেবা' শ্লোগানকে সামনে রেখে সরকারি সেবাগুলো জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে 'নাগরিক সেবা বাংলাদেশ'- প্রকল্পের যাত্রা শুরু।
- ❖ ৪৬তম আসিয়ান শীর্ষ সম্মেলন শুরু হয়।

মে - ২৮

- ❖ বাংলাদেশ থেকে প্রথমবারের মতো চীনে আম রপ্তানি শুরু হয়।

মে - ২৯

- ❖ প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস জাপানের টোকিওতে আয়োজিত ৩০তম 'নিক্কেই ফোরাম: ফিউচার অব এশিয়া'র উদ্বোধনী অধিবেশনে যোগ দেন।
- ❖ ইলন মাস্ক যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের অধীনে 'ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিসিয়েন্সি' (ডিওজি) থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন।

মে - ৩০

- ❖ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ও জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকে ছয়টি সমঝোতা স্মারক সই হয়।
- ❖ প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুসকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদান করেছে জাপানের সোকা বিশ্ববিদ্যালয়।
- ❖ বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ১৬তম সভাপতি হিসেবে নির্বাচিত হলেন জাতীয় দলের সাবেক অধিনায়ক আমিনুল ইসলাম বুলবুল।

জুন - ২০২৫

জুন - ০১

- ❖ ঢাকায় বাংলাদেশ-চীন বিনিয়োগ ও বাণিজ্য সম্মেলন অনুষ্ঠিত।
- ❖ চট্টগ্রামে দেশের প্রথম মনোরেল নির্মাণের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সঙ্গে জার্মান প্রতিষ্ঠান ওরাসকম ও মিসরের প্রতিষ্ঠান আরব কন্ট্রাক্টর গ্রুপের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- ❖ গাজা অভিযুক্তী ব্রাহ্মবাহী জাহাজ 'ম্যাডলিন' ১ জুন ইতালির সিসিলির কাতানিয়া শহর থেকে যাত্রা শুরু করে।
- ❖ বিশ্বের প্রথম দেশ হিসেবে মেক্সিকোতে জনগণের ভোটে সকল পর্যায়ের আদালতের বিচারক নির্বাচন অনুষ্ঠিত।

জুন - ০২

- ❖ অর্থ অধ্যাদেশ, ২০২৫ জারি।
- ❖ জাতিসংঘ সাধারণ পরিষদের পঞ্চম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হন জার্মানির সাবেক পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বায়েরবোক।
- ❖ আইএলও'র সদর দপ্তরে অনুষ্ঠিত ১১৩তম আন্তর্জাতিক সম্মেলনে ফিলিস্তিনকে 'অ-সদস্য পর্যবেক্ষক রাষ্ট্র' হিসেবে ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

জুন - ০৩

- ❖ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয়- বাহরাইন, কলম্বিয়া, গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র, লাটভিয়া এবং লাইবেরিয়া।
- ❖ 'দুই সন্তান নীতি' বাতিল করে কমিউনিস্ট শাসিত রাষ্ট্র ভিয়েতনাম।

জুন - ০৪

- ❖ দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লি জ্যা মিয়ং।

জুন - ০৫

- ❖ সংবিধানের ৯৬ নং অনুচ্ছেদ পুনর্বহাল করে আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশ।

জুন - ০৬

- ❖ জম্মু-কাশ্মীরের চেনাব নদীর উপরে নির্মিত বিশ্বের সর্বোচ্চ রেল সেতুর উদ্বোধন।

জুন - ১২

- ❖ লন্ডনের সেন্ট জেমস প্যালেসে 'রাজা তৃতীয় চার্লস হারমনি অ্যাওয়ার্ড' গ্রহণ করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস।

জুন - ১৩

- ❖ ইসরায়েল ইরানে অপারেশন 'রাইজিং লায়ন' নামক অভিযান শুরু করে।
- ❖ অপারেশন রাইজিং লায়ন এর বিপরীতে ইসরায়েলে পাল্টা অপারেশন 'ট্রু প্রমিজ থ্রি' শুরু করে ইরান।

জুন - ১৪

- ❖ যুক্তরাষ্ট্রে ২১তম ফিফা ক্লাব বিশ্বকাপ শুরু।
- ❖ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে অস্ট্রেলিয়াকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় দক্ষিণ আফ্রিকা।

জুন - ১৫

- ❖ নেপাল থেকে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি শুরু করে বাংলাদেশ।
- ❖ কানাডায় জি-৭-এর ৫১তম শীর্ষ সম্মেলন শুরু।

জুন - ১৬

- ❖ দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রাম উদ্বোধন।

জুন - ১৭

- ❖ জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং 'জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫' জারি।

জুন - ১৮

- ❖ ইরানে হামলার পরিকল্পনায় অনুমোদন দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

জুন - ২০

- ❖ এশিয়া কাপ আর্চারিতে স্বর্ণ পদক লাভ করেন আবদুর রহমান আলিফ।

জুন - ২১

- ❖ প্রথম বাংলাদেশি অধিনায়ক হিসেবে টেস্টের দুই ইনিংসে সেঞ্চুরি করেন নাজমুল হোসেন শান্ত।

- ❖ তুরস্কের ইস্তানবুলে ইসলামিক সহযোগিতা সংস্থার (OIC) পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ৫১তম বৈঠক অনুষ্ঠিত।

জুন - ২২

- ❖ যুক্তরাষ্ট্র ইরানে 'অপারেশন মিডনাইট হ্যামার' নামক সামরিক অভিযান চালায়।

জুন - ২৩

- ❖ আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (IOC) প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেন জিম্বাবুয়ের ক্রিস্টি কভেন্টি।
- ❖ পারমাণবিক স্থাপনায় মার্কিন হামলার জেরে কাতার ও ইরাকের মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইরান।

জুন - ২৪

- ❖ দেশে গুগল ওয়ালেট সেবা কার্যক্রম শুরু করে সিটি ব্যাংক।
- ❖ ইরান ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি শুরু।
- ❖ নেদারল্যান্ডসের হেগে দু'দিনব্যাপী ন্যাটো শীর্ষ সম্মেলন শুরু।

জুন - ২৫

- ❖ ৫ আগস্টকে 'গণ-অভ্যুত্থান দিবস' এবং ১৬ জুলাইকে 'জুলাই শহীদ দিবস' ঘোষণা।

জুন - ২৭

- ❖ তৃতীয় দফায় বাংলাদেশ থেকে স্থলপথে নতুন করে ৯ ধরনের পণ্য আমদানি নিষিদ্ধ করেছে ভারত।
- ❖ যুদ্ধ অবসানে রুয়ান্ডা ও ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো এর শান্তি চুক্তি স্বাক্ষর।

জুন - ৩০

- ❖ জাতিসংঘের চতুর্থ আন্তর্জাতিক উন্নয়ন অর্থায়ন সম্মেলন শুরু হয়।

জুলাই - ২০২৫

জুলাই - ০১

- ❖ ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেট কার্যকর হয়।
- ❖ যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক সহায়তা সংস্থা USAID আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায়।

জুলাই - ০২

- ❖ জাতিসংঘের আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (IAEA) সঙ্গে আনুষ্ঠানিকভাবে সহযোগিতা স্থগিত করে ইরান।

জুলাই- ০৩

- ❖ বিশ্বের প্রথম দেশ হিসেবে তালেবান সরকারকে স্বীকৃতি দেয় রাশিয়া।

জুলাই - ০৪

- ❖ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে (সিকৃবি) 'জুলাই ৩৬ গেইট' উদ্বোধন করা হয়।

জুলাই - ০৫

- ❖ বিশ্বের প্রথম বায়োমেট্রিক মেটাল ক্রেডিট কার্ড বাংলাদেশে চালু করে ইস্টার্ন ব্যাংক।

জুলাই - ০৬

- ❖ ব্রাজিলের রিও ডি জেনিরোতে শুরু হয় ব্রিকস শীর্ষ সম্মেলন- ২০২৫।

জুলাই- ১০

- ❖ বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সুপার স্পেশালাইজড হাসপাতালে দেশের প্রথম রোবটিক-রিহ্যাবিলিটেশন সেন্টার চালু।
- ❖ মালয়েশিয়ার জোহর বাহরুতে বাংলাদেশের নতুন কনসুলেট জেনারেল স্থাপনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়।

জুলাই - ১১

- ❖ মালয়েশিয়ার কুয়ালালামপুর আসিয়ান রিজিওনাল ফোরামের ৩২তম মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত।
- ❖ ২০২৬ সালের টি-২০ বিশ্বকাপে ইতিহাসে প্রথমবার নিজেদের জায়গা নিশ্চিত করে ইউরোপীয় দেশ ইতালি।
- ❖ কুর্দি বিদ্রোহী সংগঠন কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (PKK) আনুষ্ঠানিক অস্ত্র সমর্পণ শুরু।

জুলাই - ১৪

- ❖ 'জুলাই উইমেন ডে' পালিত।
- ❖ জুলাই শহিদদের স্মরণে বাংলাদেশে প্রথমবারের মতো নির্মিত স্মৃতিস্তম্ভের উদ্বোধন হয় নারায়ণগঞ্জে।

জুলাই - ১৬

- ❖ 'জুলাই শহিদ দিবস' উপলক্ষে রাষ্ট্রীয়ভাবে শোক পালন।
- ❖ শ্রীলংকার মাটিতে প্রথমবারের মতো T20 সিরিজ জয় পায় বাংলাদেশ ক্রিকেট দল।

জুলাই- ১৭

- ❖ ইউক্রেনের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ ইউলিয়া সিভিরিৎস্কা।

জুলাই - ২০

- ❖ বাণিজ্যঘাটতি কমাতে যুক্তরাষ্ট্র থেকে সরকারিভাবে গম আমদানি করতে সমঝোতা স্মারক সই।
- ❖ ভাস্কর হামিদুজ্জামান খান মৃত্যুবরণ করেন।

জুলাই - ২১

- ❖ ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল ক্যাম্পাসে প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়।

জুলাই- ২২

- ❖ ইউনেস্কো থেকে পুনরায় বের হওয়ার ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র।
- ❖ তেহরানে রাশিয়া-চীন-ইরান ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত।
- ❖ মিগ-২১ যুদ্ধবিমান ব্যবহার বন্ধ করে দেওয়ার ঘোষণা দেয় ভারত।

জুলাই - ২৩

- ❖ বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের জন্মশতবার্ষিকী।
- ❖ রাশিয়া-ইউক্রেন তৃতীয় দফা আলোচনা অনুষ্ঠিত।

জুলাই - ২৪

- ❖ সীমান্ত বিরোধ নিয়ে থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে সংঘাত শুরু হয়।
- ❖ ভারত ও যুক্তরাজ্য ৬ বিলিয়ন বা ৬০০ কোটি ব্রিটিশ পাউন্ডের ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সই।

জুলাই - ২৬

- ❖ চীনের সাংহাইয়ে 'বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) সম্মেলন- ২০২৫' শুরু।

জুলাই - ২৭

- ❖ ঢাকা বিশ্ববিদ্যালয়ে জুলাই গণ-অভ্যুত্থান বিষয়ক প্রথম আন্তর্জাতিক সম্মেলন (আইসিজেআর-১) অনুষ্ঠিত হয়।

জুলাই - ২৮

- ❖ দ্বিতীয় ধাপে ১০ জন শহীদসহ তিন ক্যাটাগরির আহত আরও ১ হাজার ৭৫৭ জন জুলাই যোদ্ধার গেজেট প্রকাশ করেছে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়।

জুলাই - ২৯

- ❖ বাংলাদেশে ২৫০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দেয়- হংকংভিত্তিক টেক্সটাইল ও পোশাক চেইন 'হান্ডা ইন্ডাস্ট্রিজ'।

জুলাই- ৩০

- ❖ রাশিয়ার পূর্ব উপকূলে ৮ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে।

জুলাই - ৩১

- ❖ ২০২৫-২৬ অর্থবছরের প্রথমার্ধের (জুলাই-ডিসেম্বর) মুদ্রানীতি ঘোষণা।

আগস্ট - ২০২৫

আগস্ট - ০১

- ❖ যুক্তরাষ্ট্র বাংলাদেশের ওপর ২০% পাল্টা শুল্ক চূড়ান্ত করে।

আগস্ট - ০২

- ❖ নারী কোপা আমেরিকার ফাইনালে টাইব্রেকারে কলম্বিয়াকে হারিয়ে নবমবারের মতো শিরোপা জিতে ব্রাজিল।

আগস্ট- ০৪

- ❖ যুক্তরাষ্ট্রের সাথে স্বাক্ষরিত ইন্টারমিডিয়েট রেঞ্জ নিউক্লিয়ার ফোর্সেস (আইএনএফ) চুক্তি থেকে বের হয়ে আসে রাশিয়া।

আগস্ট - ০৫

- ❖ জুলাই গণঅভ্যুত্থানের এক বছর পূর্তির দিন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ঢাকার মানিক মিয়া অ্যাভিনিউতে জুলাই ঘোষণাপত্র পাঠ করেন।

আগস্ট - ০৬

- ❖ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৪ তম প্রয়াণবার্ষিকী। (২২শে শ্রাবণ)
- ❖ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতের ওপর অতিরিক্ত ২৫ শতাংশ শুল্ক আরোপ করেন।
- ❖ হিরোশিমায় পারমাণবিক বোমা হামলার ৮০ বছর পূর্তি পালন।

আগস্ট - ০৭

- ❖ বাংলাদেশি পণ্যে ২০% পাল্টা মার্কিন শুল্ক কার্যকর।

- ❖ যুক্তরাজ্যে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত এমপি এবং গৃহহীনতা বিষয়ক মন্ত্রী রুশনারা আলী পদত্যাগ করেন।
- ❖ জাতিসংঘ শান্তি রক্ষা মিশন মনুস্কোতে দায়িত্বরত বাংলাদেশ পুলিশের নারী কন্টিনজেন্ট ব্যানএফপিইউ-১ জাতিসংঘ শান্তি রক্ষা পদক প্রদান করা হয়।
- ❖ রাশিয়ায় বিশ্বের প্রথম আন্তর্জাতিক ড্রোন টুর্নামেন্ট শুরু।

আগস্ট - ০৮

- ❖ জুলাই গণঅভ্যুত্থানে অংশ নেওয়া ১০০ জন নারীকে জুলাই কন্যা অ্যাওয়ার্ড-২০২৫ প্রদান করা হয়।
- ❖ ইসরায়েলের মন্ত্রিসভা অবরুদ্ধ গাজা সিটি দখলের অনুমোদন দেয়।
- ❖ স্থায়ী সালিশি আদালত (PCA) ভারতকে সিন্ধু নদের পানিবন্টন চুক্তির ওপর স্বগিতাদেশ তুলে নেওয়ার নির্দেশ দেয়।
- ❖ যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে আর্মেনিয়া বা ও আজারবাইজানের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষর।

আগস্ট- ১০

- ❖ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ ও Code of Criminal Procedure (Second Amendment) Ordinance, 2025 জারি।
- ❖ চিত্রশিল্পী এস এম সুলতানের ১০১ তম জন্মবার্ষিকী পালিত।
- ❖ ফিলিস্তিনের গাজা শহরের আল-শিফা হাসপাতালের কাছে ইসরায়েলি হামলায় কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার পাঁচ সাংবাদিক নিহত হয়।

আগস্ট - ১১

- ❖ বাংলাদেশ থেকে চার ধরনের পাটপণ্য আমদানিতে বিধিনিষেধ আরোপ করে ভারত।
- ❖ পাকিস্তানের বিচ্ছিন্নতাবাদী সংগঠন বালুচ লিবারেশন আর্মি এবং তাদের অপারেশন শাখা মাজিদ ব্রিগেডকে 'বিদেশি সন্ত্রাসী সংগঠন' হিসেবে তালিকাভুক্ত করে যুক্তরাষ্ট্র।

আগস্ট - ১২

- ❖ বাংলাদেশ ব্যাংক ২০২৫-২৬ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ঘোষণা করে।

- ❖ বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে ৫টি সমঝোতা স্মারক সই ও ৩টি নোট অব এক্সচেঞ্জ বিনিময় হয়।

আগস্ট - ১৩

- ❖ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মালয়েশিয়া ন্যাশনাল ইউনিভার্সিটি (UKM) থেকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি গ্রহণ করেন।

আগস্ট - ১৪

- ❖ পাকিস্তানের সেনাবাহিনীর 'রকেট ফোর্স কমান্ড' গঠনের ঘোষণা দেয় দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

আগস্ট- ১৫

- ❖ যুক্তরাষ্ট্রের আলাস্কা অঙ্গরাজ্যে অবস্থিত 'জয়েন্ট বেস এলমেনডার্ড-রিচার্ডসন' সামরিক ঘাঁটিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বৈঠক অনুষ্ঠিত।
- ❖ চীনের বেইজিংয়ে বিশ্বের প্রথম মানবাকৃতি রোবট গেমস শুরু।

আগস্ট- ১৬

- ❖ বন্দরনগরী চট্টগ্রাম থেকে রাজধানী ঢাকায় পাইপলাইনে জ্বালানি তেল সরবরাহ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন।

আগস্ট - ১৭

- ❖ ঢাকা জেলার সাভার উপজেলাকে 'ডিগ্রেন্ডেড এয়ারশেড' হিসেবে ঘোষণা।

আগস্ট - ১৮

- ❖ মৎস্য খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় মৎস্য পদক ২০২৫ পেয়েছেন ১৬ ব্যক্তি ও প্রতিষ্ঠান।
- ❖ ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (DITF) নাম পরিবর্তন করে 'ঢাকা বাণিজ্য মেলা (DIF)' করা হয়।

আগস্ট - ২০

- ❖ গাইবান্ধার সুন্দরগঞ্জ ও কুড়িগ্রামের চিলমারী উপজেলার মধ্যে সংযোগ স্থাপনকারী 'মওলানা ভাসানী' সেতুর উদ্বোধন।
- ❖ জাপানের ইয়োকোহামায় আফ্রিকার উন্নয়নবিষয়ক নবম টোকিও আন্তর্জাতিক সম্মেলন শুরু।

আগস্ট- ২১

- ❖ জুলাই-আগস্ট গণহত্যার বিচারের দাবি এবং জাতিসংঘের প্রতিবেদনকে 'ঐতিহাসিক দলিল' হিসেবে ঘোষণার নির্দেশ দেয় হাইকোর্ট।

আগস্ট - ২২

- ❖ গাজায় প্রথমবার আনুষ্ঠানিকভাবে দুর্ভিক্ষ ঘোষণা করে জাতিসংঘ।
- ❖ ইসরায়েলের রাজধানী তেল আবিবে প্রথমবারের মতো ক্লাস্টার ওয়ারহেডযুক্ত ব্যালিস্টিক মিসাইল দিয়ে হামলা চালিয়েছে ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতি।

আগস্ট - ২৩

- ❖ পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার দুই দিনের সফরে ঢাকায় আসেন।

আগস্ট - ২৪

- ❖ বাংলাদেশ-পাকিস্তানের মধ্যে একটি চুক্তি, চারটি সমঝোতা স্মারক (এমওইউ) ও একটি কর্মসূচি (প্রোগ্রাম) সই।
- ❖ কক্সবাজারে রোহিঙ্গা ইস্যুতে ৪০টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু।

আগস্ট - ২৫

- ❖ বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় দেশে প্রথমবারের মতো চার অঞ্চলকে 'অতি উচ্চ পানি সংকটাপন্ন এলাকা' হিসেবে ঘোষণা করা হয়েছে।
- ❖ মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে ডাক পরিষেবা সাময়িকভাবে স্থগিত করে ভারত।
- ❖ যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং ও দক্ষিণ কোরিয়ার বিমান পরিবহন সংস্থা কোরিয়ান এয়ার প্রায় ৩ হাজার ৬০০ কোটি ডলারের চুক্তি করে।

আগস্ট - ২৬

- ❖ জাতিসংঘ আন্তর্জাতিক কৃত্রিম বুদ্ধিমত্তা উপদেষ্টা পরিষদ গঠন।

আগস্ট - ২৭

- ❖ কবি কাজী নজরুল ইসলামের ৪৯তম মৃত্যুবার্ষিকী। (১২ ভাদ্র)

আগস্ট - ২৮

- ❖ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২৪ দফা অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা রেখে রোডম্যাপ ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)।
- ❖ বাংলাদেশ-ভারত সীমান্তের অলাভজনক তিনটি স্থলবন্দর বন্ধ এবং আরেকটি স্থলবন্দরের কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ।

আগস্ট- ২৯

- ❖ ঢাকায় দুদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন ‘বেঙ্গল ডেল্টা কনফারেন্স ২০২৫’ শুরু।
- ❖ থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পদ থেকে পেতংতান সিনাওয়াত্রাকে বরখাস্ত করেছেন দেশটির সাংবিধানিক আদালত।
- ❖ ইসরায়েলের জন্য আকাশসীমা ও সমুদ্রবন্দর বন্ধের ঘোষণা দিয়েছে তুরস্ক।

আগস্ট - ৩১

- ❖ সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) ২৫তম শীর্ষ সম্মেলন চীনের তিয়ানজিনে শুরু হয়।

সেপ্টেম্বর - ২০২৫

সেপ্টেম্বর - ০১

- ❖ দেশে বাণিজ্যিকভাবে পঞ্চম প্রজন্মের মোবাইল নেটওয়ার্ক ৫-জি সেবা চালু করে- গ্রামীণফোন ও রবি আজিয়াটা লিমিটেড।
- ❖ 'রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি।
- ❖ ২৫তম SCO সম্মেলনে চীনের প্রেসিডেন্ট সি চিন পিং Global Governance Initiative এর প্রস্তাব তুলে ধরেন।

সেপ্টেম্বর- ০৩

- ❖ আনুষ্ঠানিকভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুই বিভাগ জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগকে একীভূত করা হয়েছে।
- ❖ দ্বিতীয় বিশ্বযুদ্ধের ৮০তম বার্ষিকীতে বেইজিংয়ে সামরিক কুচকাওয়াজে পুতিন, কিমসহ ২৬ রাষ্ট্রনেতা অংশ নেয়।

সেপ্টেম্বর- ০৪

- ❖ জাতীয় সংসদের পুনর্নির্ধারিত নির্বাচনি এলাকার চূড়ান্ত তালিকা, ২০২৫ গেজেট আকারে প্রকাশ।
- ❖ উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জারি।

সেপ্টেম্বর - ০৫

- ❖ থাইল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন ভুমজাইধাই পার্টির নেতা অনুতিন চার্নভিরাকুল।

সেপ্টেম্বর - ০৭

- ❖ প্রখ্যাত লেখক, গবেষক ও বুদ্ধিজীবী বদরুদ্দীন উমর ইন্তেকাল করেন।

সেপ্টেম্বর - ০৮

- ❖ পাকিস্তান ও যুক্তরাষ্ট্রের মধ্যে খনিজ খাতে বিনিয়োগ চুক্তি স্বাক্ষর।

সেপ্টেম্বর - ০৯

- ❖ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের ৩৮তম নির্বাচন অনুষ্ঠিত।
- ❖ বিক্ষোভের মুখে পদত্যাগ করেন নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি।
- ❖ কাতারের রাজধানী দোহায় বিমান হামলা চালায় ইসরায়েল।
- ❖ গ্র্যান্ড ইথিওপিয়ান রেনেসা ড্যামের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

সেপ্টেম্বর- ১০

- ❖ 'জুলাই জাতীয় সনদ ২০২৫'- এর অঙ্গীকারনামা চূড়ান্ত করে জাতীয় ঐকমত্য কমিশন।
- ❖ যুক্তরাষ্ট্রের প্রভাবশালী রক্ষণশীল রাজনৈতিক নেতা চার্লি কার্ক গুলিবিদ্ধ হয়ে নিহত হন।

সেপ্টেম্বর - ১১

- ❖ ৩৩ বছর পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত।
- ❖ বিশ্বের প্রথম দেশ হিসেবে AI-মানবীকে মন্ত্রীর পদ দেয় ইউরোপের বলকান অঞ্চলের দেশ আলবেনিয়া।

সেপ্টেম্বর - ১২

- ❖ স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তাবে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৪২টি দেশ প্রস্তাবের পক্ষে ভোট দেয়।

- ❖ নেপালের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন দেশটির প্রথম নারী প্রধান বিচারপতি সুশীলা কার্কি।

সেপ্টেম্বর - ১৫

- ❖ পদ্মা সেতুতে পরীক্ষামূলকভাবে চালু হয় আধুনিক নন-স্টপ ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সিস্টেম।
- ❖ কাতারের হাজধানী দোহায় শীর্ষ সংম্মলনে নেয় ইসলামী সহযোগিতা সংস্থার ৫৭টি দেশের এবং আরব লীগের ২২টি দেশের নেতারা।

সেপ্টেম্বর - ১৭

- ❖ পাকিস্তান ও সৌদি আরব ঐতিহাসিক প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর।

সেপ্টেম্বর - ১৮

- ❖ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সফরে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের মধ্যে ৩১ বিলিয়ন পাউন্ড মূল্যের 'টেক প্রস্পেরিটি ডিল' স্বাক্ষরিত হয়।
- ❖ জাতিসংঘের নিরাপত্তা পরিষদে গাজায় যুদ্ধবিরতির প্রস্তাবে ষষ্ঠবারেরমতো ভেটো দেয় যুক্তরাষ্ট্র।

সেপ্টেম্বর - ১৯

- ❖ H1B ভিসার বাৎসরিক ফি ১ লাখ ডলারে উন্নীত করে ট্রাম্প প্রশাসন।

সেপ্টেম্বর - ২০

- ❖ ২০২৫ এশিয়ান কাপ বাছাইয়ে ইরানের বিপক্ষে ম্যাচ দিয়ে আন্তর্জাতিক ফুটসালে অভিষেক হয় বাংলাদেশের ছেলেদের।

সেপ্টেম্বর - ২১

- ❖ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয় যুক্তরাজ্য, কানাডা, পর্তুগাল ও অস্ট্রেলিয়া।

সেপ্টেম্বর - ২২

- ❖ ফ্রান্স, লুক্সেমবার্গ, মাল্টা, অ্যান্ডোরা ও মোনাকো আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দেয়।
- ❖ অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্রে দুটি জলবিদ্যুৎ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সেপ্টেম্বর - ২৩

- ❖ সান ম্যারিনো ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রের স্বীকৃতি দেয়।
- ❖ গাজা যুদ্ধ নিয়ে আরব ও মুসলিম দেশগুলোর নেতাদের সঙ্গে বৈঠক করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ❖ ধারাবাহিকভাবে বাধ্যবাধকতা অমান্য করায় যুক্তরাষ্ট্র ক্রিকেটের (USAC) সদস্যপদ স্থগিত করে ICC।

সেপ্টেম্বর - ২৪

- ❖ রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীর জন্য ১১৫টি প্রতীকের তালিকার প্রজ্ঞাপন জারি করে নির্বাচন কমিশন (EC)।
- ❖ ঢাকার সাত কলেজ নিয়ে প্রস্তাবিত 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি' অধ্যাদেশের খসড়া প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয়।

সেপ্টেম্বর - ২৫

- ❖ পৃথিবীর অষ্টম উচ্চতম পর্বতশৃঙ্গ মানাসলু জয় করে বাংলাদেশি পর্বতারোহী তৌফিক আহমেদ তমাল।

সেপ্টেম্বর - ২৬

- ❖ প্রধান উপদেষ্টা জাতিসংঘ সাধারণ পরিষদের সাধারণ আলোচনা পর্বে বক্তব্য দেন।
- ❖ প্রথম বাংলাদেশি হিসেবে কৃত্রিম অক্সিজেন ছাড়াই মানাসলু শিখরে আরোহণ করেছেন পর্বতারোহী বাবর আলী।

সেপ্টেম্বর - ২৭

- ❖ ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য চেন্নাইয়ের রাজধানী তামিলনাড়ুতে তামিলাগা ভেত্রি কাজাগামের জনসভায় পদদলিত হয়ে প্রায় ৪০ জন নিহত হয়েছেন।

সেপ্টেম্বর - ২৮

- ❖ ইরানের ওপর জাতিসংঘের নিষেধাজ্ঞা পুনরায় কার্যকর।

সেপ্টেম্বর - ৩০

- ❖ রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে জাতিসংঘে উচ্চপর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হয়।
- ❖ নারী ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসর শুরু।

সেকশন ২ - বিশেষ তথ্যাবলি

(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি সংক্রান্ত বিভিন্ন

গুরুত্বপূর্ণ তথ্য)

বাংলাদেশ বিষয়াবলি

জুলাই - ২০২৪

- পাট গবেষণা ইনস্টিটিউট পলিথিনের বিকল্প আবিষ্কার করেছে - 'সোনালি ব্যাগ'।
- নারী এশিয়া কাপে প্রথম বাংলাদেশি নারী আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করেছেন - সাথীরা জাকির জেসি।
- বাংলাদেশ ব্যাংক খেলাপি ঋণ আদায়ে প্রণয়ন করেছে - 'এক্সিট পলিসি'।

আগস্ট- ২০২৪

- দ্বাদশ জাতীয় সংসদ বিলুপ্ত ঘোষণা করা হয় ২০২৪ সালের ৬ আগস্ট।
- দেশে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার শপথ অনুষ্ঠিত হয় - ৮ আগস্ট, ২০২৪।

সেপ্টেম্বর - ২০২৪

- বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড গঠন করা হয় - ২২ সেপ্টেম্বর, ২০২৪।
- দ্য আর্ট অব ট্রায়াম্ফ হলো - বাংলাদেশে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্রের সংকলন।

অক্টোবর- ২০২৪:

- দেশের সকল সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয় ১ অক্টোবর ২০২৪ থেকে।
- ১৭ অক্টোবর ২০২৪ ন্যায্যমূল্যে অত্যাবশ্যকীয় কৃষিজাত পণ্য বিক্রির জন্যে ফসল ডট কম অ্যাপ চালু করা হয়।।

নভেম্বর - ২০২৪

- দেশের ১৪তম প্রধান নির্বাচন কমিশনার (CEC) হিসেবে নিয়োগ পান - এ এম এম নাসির উদ্দীন।
- ১৯তম জি-২০ সম্মেলন অনুষ্ঠিত হয় - ব্রাজিলের রিও ডি জেনিরোতে।

ডিসেম্বর - ২০২৪

- চতুর্থ অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়- ১০-২৬ ডিসেম্বর ২০২৪।

- ২০২৪ সালে অনূর্ধ্ব ১৯ ক্রিকেট এশিয়াকাপের চ্যাম্পিয়ন দল - বাংলাদেশ।
- 'গ্রাফিতি অফ রেভুলেশন: বাংলাদেশ ২০২৪' বইটির সম্পাদক আবু জাফর জুবায়ের।
- দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর সন্দ্বীপ।
- আসন্ন সাফ অনূর্ধ্ব-২০ নারী প্রতিযোগিতার আয়োজক দেশ বাংলাদেশ।
- দ্য ইকোনমিস্টের কান্ট্রি অব দ্য ইয়ার- বাংলাদেশ।
- ২০২৪ সালে মেয়েদের অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপে রানার আপ হয়েছে বাংলাদেশ।
- বঙ্গবন্ধু রেলসেতুর পরিবর্তিত নাম 'যমুনা রেলসেতু'।
- 'তারুণ্যের উৎসব ২০২৫' এর প্রতিপাদ্য 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই'।

জানুয়ারি - ২০২৫

- চট্টগ্রামে জাতিসংঘ পার্কের নাম পরিবর্তন করে নতুন নাম দেওয়া হয় - 'জুলাই স্মৃতি উদ্যান'।
- দ্বিতীয় বাংলাদেশি বিজ্ঞানী হিসেবে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্সিয়াল পদক পেয়েছেন- এহসান হক।
- ২৬তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডে বাংলাদেশ দল মোট পদক অর্জন করেছে- ১০টি।
- দেশের প্রথম গ্রিন ডেটা সেন্টার করা হবে- চট্টগ্রামে।
- মুক্তিযুদ্ধের সাত বীরশ্রেষ্ঠের জীবনী নিয়ে শ্রো ভাষায় রচিত গ্রন্থের লেখক- ইয়াংগুন শ্রো।
- বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানি নীতি ২০২৪-২৭-এর আওতায় রপ্তানি পণ্যের তালিকায় অন্তর্ভুক্ত করেছে- রাইস ব্র্যান, পরিশোধিত রাইস ব্র্যান অয়েল ও অপরিিশোধিত রাইস ব্র্যান অয়েল।

ফেব্রুয়ারি - ২০২৫

- ২০০৯ সালে পিলখানা হত্যাকাণ্ডে নিহত সেনা সদস্যদের আত্মত্যাগকে জাতীয় স্বীকৃতি দিতে ২৫ ফেব্রুয়ারি 'জাতীয় শহীদ সেনা দিবস' হিসেবে ঘোষণা করেছে সরকার।
- জাতীয় ঐকমত্য কমিশনের প্রধান - প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস।
- ১১তম বিপিএল আসরের চ্যাম্পিয়ন দল- ফরচুন বরিশাল।

- যমুনা রেলসেতুতে যাত্রীবাহী ট্রেন চলাচল শুরু হয়- ১২ ফেব্রুয়ারি ২০২৫।
- ৮ ফেব্রুয়ারি ২০২৫ দেশের সশস্ত্র বাহিনী আইন শৃঙ্খলা রক্ষায় অপারেশন ডেভিল হান্ট শুরু করে।

মার্চ - ২০২৫

- দেশের প্রথম টানেলের বর্তমান নাম ‘কর্ণফুলী টানেল’।
- দেশের প্রথম স্যাটেলাইটের বর্তমান নাম ‘বাংলাদেশ স্যাটেলাইট-১’।
- টাইম ম্যাগাজিনের ‘দ্য ওয়ার্ল্ডস গ্রেটস্ট প্লেসেস অব ২০২৫’-এ স্থান পেয়েছে জেবুন নেসা মসজিদ, আশুলিয়া।
- বিশ্বের নিরাপদ দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ১২৫তম।
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান ড. ইউনুসকে অনারারি ডক্টরেট ডিগ্রি দেয় চীনের পিকিং ইউনিভার্সিটি।

এপ্রিল - ২০২৫

- বাংলাদেশ এশিয়া-প্যাসিফিক ট্রেনিং সেন্টার অন আইসিটি ফর ডেভেলপমেন্ট (এপিসিআইসিটি) ও এশিয়া-প্যাসিফিক সেন্টার ফর দ্য ডেভেলপমেন্ট অব ডিজাস্টারইনফরমেশন ম্যানেজমেন্টের (এপিডিআইএম) গভর্নিং কাউন্সিলে তিন বছর মেয়াদের জন্য নির্বাচিত হয়েছে।
- দেশের প্রথম ওশান স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন নির্মাণ করা হচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে।
- বাংলাদেশের পণ্য রপ্তানির ক্ষেত্রে অপ্রচলিত সবচেয়ে বড় বাজার জাপান।
- যুক্তরাষ্ট্র থেকে আমদানি করা পণ্যে বাংলাদেশ সরকার বছরে শুল্ক আদায় করে ১৮০ মিলিয়ন ডলার।
- বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মিত হবে মাতারবাড়ি, কক্সবাজার।
- উচ্চ প্রোটিন সমৃদ্ধ ব্রি ধান-১০৭ উদ্ভাবন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)।
- প্রথম বাংলাদেশি হিসেবে অল্পপূর্ণা-১ পর্বতের চূড়ায় আরোহণ করেন বাবর আলী।

- ২০২৫ সালের বিশ্ব সুখ প্রতিবেদনে বাংলাদেশের অবস্থান ১৩৪ তম।
- IMF এর সর্বশেষ সূচক অনুযায়ী, কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির উন্নয়নে বাংলাদেশের অবস্থান ১১৩তম।
- আপিল বিভাগের পঞ্চম নারী বিচারপতি ফারাহ মাহবুব।

মে - ২০২৫

- পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব মতে, বর্তমানে বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় ২ হাজার ৮২০ মার্কিন ডলার এবং জিডিপি প্রবৃদ্ধির হার ৩ দশমিক ৯৭ শতাংশ।
- ১৯তম ICLS গাইডলাইন অনুযায়ী, দেশে বর্তমানে বেকারত্বের হার ৪.৬৩ শতাংশ।
- বাংলাদেশের রপ্তানির ক্ষেত্রে শীর্ষ দেশসমূহের তালিকায় ভারতের অবস্থান নবম।
- বর্তমানে শান্তিরক্ষী প্রেরণকারী দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৩য় এবং বর্তমানে ১০টি দেশ বা স্থানে বাংলাদেশের শান্তিরক্ষীরা দায়িত্ব পালন করছেন।
- ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স, ২০২৫-এ বাংলাদেশের অবস্থান ১৪৯তম।
- আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের শর্ত পূরণে বাংলাদেশ ব্যাংক বাজারভিত্তিক এক্সচেঞ্জ রেট চালু করে।
- যুক্তরাষ্ট্রভিত্তিক খ্যাতনামা সাময়িকী ‘টাইম’ তাদের ২০২৫ সালের ‘বিশ্ব স্বাস্থ্য খাতে প্রভাবশালী ১০০ ব্যক্তি’র তালিকায় অন্তর্ভুক্ত হয় আইসিডিডিআরবির নির্বাহী পরিচালক ডা. তাহমিদ আহমেদ।
- দুর্যোগে বাস্তুচ্যুতির বৈশ্বিক তালিকায় বাংলাদেশের অবস্থান পঞ্চম।
- বাংলাদেশ ব্যাংকের তথ্যনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে ব্যাংক খাতে লেনদেন কমেছে প্রায় ৫ শতাংশ।
- বাংলাদেশে বর্তমানে নিবন্ধিত চা বাগান রয়েছে ১৭০টি।
- বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) সুপারস্পেশালাইজড হাসপাতালের বেজমেন্ট-১ এ দেশের প্রথম রোবোটিক রিহ্যাবিলিটেশন সেন্টার স্থাপন করা হয়েছে।

- ৭৮তম কান চলচ্চিত্র উৎসবে বিশেষ স্বীকৃতি পেয়েছে বাংলাদেশের স্বল্পদৈর্ঘ্য সিনেমা ‘আলী’।
- মুন্সীগঞ্জের সিরাজদীখানে কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্কে দেশের প্রথম ভ্যাকসিন প্লান্ট স্থাপন করা হবে।
- দেশে প্রথম এজেন্ট ব্যাংকিং সেবা চালু করে ব্যাংক এশিয়া।
- দেশে প্রথম প্রায়োরিটি বা অগ্রাধিকার ব্যাংকিং সেবা চালু করে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক।
- দেশে পরিবেশবান্ধব গ্রিন রেল পরিবহন প্রকল্পে অর্থায়ন করবে বিশ্বব্যাংক।
- বাংলাদেশিদের জন্যে ‘গ্রিন চ্যানেল’ ভিসা ব্যবস্থা চালু করে চীন।
- পার্মানেন্ট কোর্ট অব আর্বিট্রেশন (PCA) এর সদস্য হিসেবে নিয়োগ পান বাংলাদেশ সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী।
- আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে বাংলাদেশের পক্ষে দ্রুততম সেঞ্চুরি করেছেন পারভেজ হোসেন ইমন।

জুন - ২০২৫

- ৫ আগস্টকে ‘গণ-অভ্যুত্থান দিবস’ এবং ১৬ জুলাইকে ‘জুলাই শহীদ দিবস’ ঘোষণা করা হয়েছে।
- দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে জাতিসংঘের পানি কনভেনশনে যুক্ত হয়েছে বাংলাদেশ।
- বাংলাদেশে বিশ্বব্যাংকের নতুন ডিভিশন ডিরেক্টর জ্যঁ পেম।
- বাংলাদেশের এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) আমদানির প্রধান উৎস কাতার ও ওমান।
- জুলাই অভ্যুত্থানে সংঘটিত গণপ্রতিরোধ ও আত্মত্যাগের স্মৃতিকে অঙ্গান করে রাখতে ঢাকার বিজয় সরণিতে ‘গণমিনার’ তৈরি করা হবে।
- ‘গ্লোবাল জেল্ডার গ্যাপ রিপোর্ট-২০২৫’-এ বাংলাদেশের অবস্থান ২৪তম।
- আইইপি প্রকাশিত গ্লোবাল পিস ইনডেক্স ২০২৫ এ বাংলাদেশের অবস্থান ১২৩ তম।
- ঢাকার বায়ুদূষণ ও ধুলা নিয়ন্ত্রণে সরকারের গৃহীত কর্মসূচির নাম ‘জিরো সয়েল’ কর্মসূচি।

- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান ২য়।
- প্রথমবারের মতো ‘মেইড ইন বাংলাদেশ’ সোলার প্যানেল যুক্তরাষ্ট্রতে রপ্তানি করা হয়েছে।
- ‘বাংলাদেশ ক্লিন এয়ার প্রজেক্টে’ ২৯০ মিলিয়ন ডলার অর্থ সহায়তা প্রদান করবে- বিশ্বব্যাংক।
- বাংলাদেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থায় যুক্ত নতুন রাডারের নাম- ‘জিএম ৪০৩ এম’।

জুলাই - ২০২৫

- ২০২৪-২৫ অর্থবছরে দেশে সর্বমোট প্রবাসী আয় এসেছে- ৩০ দশমিক ৩৩ বিলিয়ন ডলার; প্রবৃদ্ধি ২৬.৮০ শতাংশ।
- ২০২৪-২৫ অর্থবছরে দেশে মোট ৬১ বিলিয়ন বা ৬ হাজার ১০০ কোটি মার্কিন ডলারের পণ্য আমদানি হয়েছে।
- ২০২৪-২৫ অর্থবছরে দেশের রপ্তানি আয়ে ৮.৫৮ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে।
- ‘ওয়ার্ল্ড ইনেভেস্টমেন্ট রিপোর্ট-২০২৫’ অনুযায়ী, ২০২৪ সালে বাংলাদেশে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) এসেছে ১২৭ কোটি ডলার।
- জাতিসংঘ জনসংখ্যা তহবিলের ‘বিশ্ব জনসংখ্যা পরিস্থিতি ২০২৫’ প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সালে বাংলাদেশে জনসংখ্যা ১৭ কোটি ৫৭ লাখ।
- বিশ্বে পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান ২য়।
- UNFPA এর প্রতিবেদন অনুসারে, বর্তমানে বাংলাদেশের কর্মক্ষম জনসংখ্যা প্রায় ১১ কোটি ৫০ লাখ।
- জনসংখ্যা নীতি ২০২৫ অনুসারে, দেশের প্রতি বর্গকিলোমিটারে ১ হাজার ১১৯ জন বাস করে।
- নারায়ণগঞ্জে দেশের প্রথম ‘জুলাই শহীদ স্মৃতিস্তম্ভ’ উদ্বোধন করা হয়েছে।
- বর্তমানে বাংলাদেশ ব্যাংকের নীতি সুদের হার (এসডিএফ) হার ৮ শতাংশ।
- বর্তমানে বাংলাদেশ ব্যাংকের প্রধান অর্থনীতিবিদ ড. মোহাম্মদ আক্তার হোসেন।

- বর্তমানে দেশের ৩১টি ব্যাংক এজেন্ট ব্যাংকিং সেবার সাথে যুক্ত।
- বাংলাদেশ ব্যাংকের বেসরকারি খাতের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর টেকসই রেটিং তালিকায় ১০টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠান স্থান পেয়েছে।
- ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের গড় মূল্যস্ফীতির হার ১০ দশমিক ০৩ শতাংশ।
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নতুন হেল্পলাইন নাম্বার- ১০৯।
- বাংলাদেশে প্রথম ক্রেডিট কার্ড সেবা চালু করে- এএনজেড গ্রিনলেজ ব্যাংক (বর্তমানে স্ট্যান্ডার্ড চার্টার্ড)।
- গৌরবময় অবদান রাখায় প্রথমবারের মতো আইএমও সম্মাননা পেয়েছে- বাংলাদেশ কোস্ট গার্ড।
- জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) তথ্য অনুযায়ী, বিশ্বে কাঁঠাল উৎপাদনে বাংলাদেশ দ্বিতীয়।
- ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বাস্তবায়নের হার ৬৭ দশমিক ৮৫ শতাংশ।
- দেশের প্রথম অ্যাপ-ভিত্তিক সোশ্যাল কারেন্সি কার্ড চালু করেছে - ইস্টার্ন ব্যাংক (ইবিএল)।
- ২০২৪-২৫ অর্থবছরে দেশে মোট ১৩ লাখ টন চাল আমদানি হয়েছে।
- 'এক্সারসাইজ টাইগার লাইটনিং (টিএল)'- বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের যৌথ সামরিক মহড়া।
- রপ্তানিকৃত মৎস্য সম্পদের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি হয় - কাঁকড়া।
- প্লাস্টিক পণ্য রপ্তানিতে বাংলাদেশের শীর্ষ বাজার- ভারত।
- বাংলাদেশের প্রথম ছয় লেনের সেতু মধুমতী সেতু।
- প্রস্তাবিত তৃতীয় মেঘনা সেতুর দৈর্ঘ্য- ৩.১৩ কিলোমিটার।
- বাঘ জরিপ- ২০২৪ অনুযায়ী, সুন্দরবনে বাঘের সংখ্যা ১২৫টি।
- সম্প্রতি, বাংলাদেশের দুই সাঁতারু- মাহফিজুর রহমান সাগর ও নাজমুল হক হিমেল ইংলিশ চ্যানেল পাড়ি দিয়েছেন।
- ইলিশ উৎপাদনে বিশ্বে শীর্ষ অবস্থানে আছে-বাংলাদেশ।

- দেশের প্রথম ব্যাংক হিসেবে বাজার মূলধন এক বিলিয়ন ডলার অতিক্রম করেছে- ব্র্যাক ব্যাংক।
- বাংলাদেশে প্রথম ইইউ জিএমপি সনদ অর্জন করেছে রেনাটা পিএলসি।
- চট্টগ্রাম বন্দরের নিউ মুরিং কনটেইনার টার্মিনাল ব্যবস্থাপনার দায়িত্ব পেয়েছে- চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল)।
- জুলাই গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে নির্মিত তথ্যচিত্রের নাম 'শ্রাবণ বিদ্রোহ'।
- গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগ উচ্চ লবণসহিষ্ণু গমের নতুন জাত 'জিএইউ গম ১' উদ্ভাবন করেছে।
- 'আমিই রাষ্ট্র: বাংলাদেশে ব্যক্তিতাত্ত্বিক স্বৈরতন্ত্র' বইয়ের লেখক অধ্যাপক আলী রীয়াজ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক মো. আহসান হাবীব প্রথম বাংলাদেশি হিসেবে জাতিসংঘের বিশেষজ্ঞ প্যানেলে মনোনীত হয়েছেন।
- সাফ অনূর্ধ্ব-২০ নারী চ্যাম্পিয়শিপের শিরোপা জিতেছে- বাংলাদেশ।
- বাংলাদেশ নারী ফুটবল দল প্রথমবারের মতো এশিয়ান কাপ খেলবে- ২০২৬ সালে।
- যুব হকি এশিয়া কাপে প্রথমবারের মতো বাংলাদেশ ব্রোঞ্জ পদক অর্জন করেছে।
- বর্তমানে দেশে ১ কোটি ১১ লাখ কর শনাক্তকরণ নম্বরধারী (টিআইএন) আছেন।
- বিশ্বের ৫৯টি দেশে বাংলাদেশ মিশনে ই-পাসপোর্ট কার্যক্রম চালু করা হয়েছে।
- প্রথম বাংলাদেশি অধিনায়ক হিসেবে একই টেস্টে দুই ইনিংসে সেঞ্চুরি করেছেন নাজমুল হোসেন শান্ত।

আগস্ট - ২০২৫

- সংশোধিত গেজেট অনুযায়ী, বর্তমানে জুলাই অভ্যুত্থানের শহীদের সংখ্যা ৮৩৬ জন।
- ২০২৫-২৬ অর্থবছরে বিশ্ববাজারে পণ্য ও সেবা রপ্তানি করে ৬৩.৫ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার।

- ডেস্তুতে মৃত্যুহারের দিক দিয়ে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান- ১ম।
- বাংলাদেশের দ্বিতীয় শীর্ষ রপ্তানি খাত- চামড়া ও চামড়াজাত পণ্য।
- বাংলাদেশের প্রথম নারী শিক্ষা সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন- রেহানা পারভীন।
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রথম আঞ্চলিক দপ্তর কোথায় চালু করা হবে- চট্টগ্রামে।
- ২০২৫-২৬ অর্থবছরের জুলাই মাসে দেশের রপ্তানি আয়ের পরিমাণ ৪.৭৭ বিলিয়ন মার্কিন ডলার।
- ‘গ্লোবাল রিপোর্ট অন ফুড ক্রাইসিস ২০২৫’- প্রতিবেদনে বাংলাদেশের অবস্থান- ৪র্থ।
- ২ আগস্ট ২০২৫ অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের যৌথ সামরিক মহড়ার নাম- টাইগার শার্ক।
- তিস্তা প্রকল্পের পুরো নাম ‘কম্প্রিহেনসিভ ম্যানেজমেন্ট অ্যান্ড রেস্টোরেশন অব তিস্তা রিভার প্রজেক্ট’ বা তিস্তা নদীর সামগ্রিক ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্প।
- বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পাওয়ার অ্যান্ড পার্টিশিপেশন রিসার্চ সেন্টারের (পিপিআরসি) প্রকাশিত ‘ইকনোমিক ডায়নামিকস অ্যান্ড মুড অ্যাট হাউজহোল্ড লেবেল ইন মিড ২০২৫’ শীর্ষক এক জরিপের ফলাফলে দেখা গেছে, দেশে অতি দারিদ্র্যের হার ৯.৩৫ শতাংশ। এছাড়া, দেশে গত তিন বছরে দারিদ্র্যের হার বেড়ে দাঁড়িয়েছে ২৭.৯৩ শতাংশ।
- জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক অনুসারে, দেশে বহুমাত্রিক দারিদ্র্যে বাস করছে- প্রায় ৩ কোটি ৯৭ লাখ ৭৭ হাজার মানুষ।
- রোহিঙ্গা সংকট সমাধানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ৭ দফা প্রস্তাব দিয়েছেন।
- বাংলাদেশে ৫১টি কোয়ারি (পাথর, বালু ইত্যাদি উত্তোলনের নির্দিষ্ট স্থান) রয়েছে।
- ২০২৫-২৬ অর্থবছরের জুলাই মাসে রাজস্ব আদায়ের পরিমাণ- ২৭ হাজার ২৪৯ কোটি টাকা।
- বাংলাদেশ ব্যাংকের সম্প্রতি প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে চালের আমদানি সবচেয়ে বেড়েছে।
- দক্ষিণ কোরিয়ার বুসান ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে (বিআইএফএফ) ‘জুলাই মেমোরিয়াল প্রাইজ’ নামে একটি নতুন আন্তর্জাতিক চলচ্চিত্র পুরস্কার প্রবর্তন করা হয়েছে।
- কারাগারকে সংশোধনের কেন্দ্র হিসেবে আরও বেশি গুরুত্ব দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ জেল-এর নাম পরিবর্তন করে ‘কারেকশন সার্ভিস বাংলাদেশ’ রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।
- ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের নিট বা প্রকৃত মুনাফার পরিমাণ ২২ হাজার ৬০০ কোটি টাকা।
- ২০২৫-২৬ অর্থবছরে কৃষিক্ষেত্র বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে- ৩৯ হাজার কোটি টাকা।
- চীনের বেইজিংয়ে অনুষ্ঠিত আন্তর্জাতিক আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অলিম্পিয়াডে ২টি ব্রোঞ্জপদক জিতেছে বাংলাদেশ।
- সন্দ্বীপে মেঘনা নদীর মোহনায় জেগে ওঠা ‘সবুজ চর’- এর আয়তন ৮০ বর্গকিলোমিটার।
- দেশের প্রথম বাণিজ্যিক ঘোড়ার খামার উদ্বোধন করা হয় ময়মনসিংহে।
- সিলেটের ভোলাগঞ্জ জিরো পয়েন্ট যে নদীর উৎস মুখে অবস্থিত- ধলাই নদ।
- জাতীয় রাজস্ব বোর্ড বিলুপ্ত করে নতুন ২টি রেভিনিউ পলিসি ডিভিশন ও রেভিনিউ ম্যানেজমেন্ট ডিভিশন চালুর সিদ্ধান্ত নেয় সরকার।
- বাংলাদেশের মেট্রোরেল প্রকল্পে প্রথমবারের মতো অর্থায়ন করতে যাচ্ছে- বিশ্বব্যাংক।
- কনটেইনার পরিবহনের বৈশ্বিক ‘ওয়ান হানড্রেড পোর্টস ২০২৫’ তালিকায় চট্টগ্রাম বন্দরের অবস্থান ৬৮তম।
- ‘জুলাই আর্ট ওয়ার্ক’- ঢাকার মেট্রোরেল পিলারে অঙ্কিত গ্রাফিতি।
- কবি জসীমউদদীনের কবর কবিতার শতবর্ষ উপলক্ষে প্রকাশিত ‘শতবর্ষে কবর’ গ্রন্থটি সম্পাদনা করেন - মফিজ ইমাম মিলন।
- যুক্তরাজ্যের ‘উইমেন ইন ডিপ্লোমেসি’ পুরস্কারে ভূষিত হয়েছেন- বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলাম।

- ফোর্বস ম্যাগাজিনের করা এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শীর্ষ ১০০টি স্টার্টআপ কোম্পানির মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের দুটি কোম্পানি; রাইড শেয়ারিং কোম্পানি ‘পাঠাও’ এবং চাকরি খোঁজার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালনকারী ‘সম্ভব’।
- বাংলাদেশের মোট রপ্তানি আয়ের প্রায় ২ শতাংশ পাট ও পাটপণ্য থেকে উপার্জিত হয়।
- ২০২৫ সালের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) বাংলাদেশ বিনিয়োগ প্রস্তাব পেয়েছে- ১.২৫ বিলিয়ন ডলার।
- পরিবেশগত, সামাজিক ও সুশাসনের (ইএসজি) ওপর ভিত্তি করে ক্রমবর্গের টেকসই তালিকায় যুক্ত হয়েছে বাংলাদেশের ১১ প্রতিষ্ঠান।
- ‘ভোলা ইকো-ডেভেলপমেন্ট ইকোনমিক জোন’ অর্থনৈতিক অঞ্চল নির্মাণ করবে- চীনা ডেভেলপার প্রতিষ্ঠান লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রিজ।
- ২০২৪-২৫ অর্থবছরে দেশে সবজি উৎপাদন হয়েছে- ২ কোটি ৫০ লাখ লাখ টন।
- ২০২৪-২৫ অর্থবছরে প্রায় ৫ হাজার ১৪৫ কোটি টাকা সমমূল্যের ৯১ হাজার মেট্রিক টন মাছ বা মৎস্যজাত পণ্য রপ্তানি করা হয়েছে।
- বাংলাদেশ সর্বোচ্চ পরিমাণ সুতা আমদানি করে ভারত থেকে।
- দেশের একমাত্র রাষ্ট্রীয় ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠান এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড (ইডিসিএল)।
- বাংলাদেশে সুষ্ঠু নির্বাচন আয়োজনে ৪ মিলিয়ন ইউরো সহায়তার ঘোষণা দিয়েছে- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।
- যুক্তরাজ্যের সম্মানসূচক এমবিই উপাধিতে ভূষিত হয়েছেন- শাহীন আনাম।
- ‘পাকিস্তানের জন্ম-মৃত্যু দর্শন’ বইয়ের লেখক অধ্যাপক যতীন সরকার।
- বাংলাদেশের প্রথম নারী আম্পায়ার হিসেবে বিশ্বকাপে আম্পায়ারিং করতে যাচ্ছেন- সাথিরা জাকির জেসি।

সেপ্টেম্বর - ২০২৫

- ২০২৫ সালের আগস্ট মাসে দেশে রেমিট্যান্স এসেছে- ২ হাজার ৪২২ মিলিয়ন মার্কিন ডলার।
- এডিবির তথ্যমতে, মাথাপিছু জিডিপিতে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান ৫ম।
- বিশ্ব ব্যাংকের তথ্যমতে, বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ২,৫৯৩ ডলার।
- শ্রমশক্তি-২০২৪ জরিপ অনুসারে, দেশে বেকারের সংখ্যা ২৬ লাখ ২৪ হাজার।
- বাংলাদেশের ওষুধশিল্পে প্রথমবারের মতো মার্কিন পেটেন্ট পেয়েছে- কোভিড-১৯ টিকা ‘বঙ্গভ্যাক্স’।
- বাংলাদেশের প্রথম জাপানি অর্থনৈতিক অঞ্চল নির্মিত হচ্ছে- নারায়ণগঞ্জ।
- বৈশ্বিক উদ্ভাবনী সূচক (জিআইআই) ২০২৫-এ বাংলাদেশের অবস্থান- ১০৬তম।
- থেয়ারওয়ার্ডের ‘আনলক বিগ চেঞ্জ অ্যাওয়ার্ড’ পেয়েছেন- প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।
- বুসান উৎসবে ‘বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ’ পেয়েছে কিরগিজ চলচ্চিত্র ‘কুরাক’।
- বর্তমানে দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা- ৬৫,৫৬৭টি।
- দেশের নবম সরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) নির্মিত হচ্ছে- পটুয়াখালী।
- এডিবির প্রতিবেদন অনুযায়ী, দক্ষিণ এশিয়ার খেলাপি ঋণের হার সর্বোচ্চ- বাংলাদেশে।
- বাংলাদেশ থেকে ‘ওয়েস ওয়ার’ জাহাজ রপ্তানি করা হয়- তুরস্কে।
- নতুন ‘রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ’ অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের বিভাগ করা হবে ৫টি।
- বাংলাদেশ-ভারতের মধ্যকার যৌথ নদী কমিশনের (জেআরসি) ৮৮তম বৈঠক দিল্লিতে অনুষ্ঠিত হয়।
- দেশে প্রথম ফি বিহীন ক্রেডিট কার্ড চালু করেছে- প্রাইম ব্যাংক।
- দ্বিতীয়বারের মতো আগা খান স্থাপত্য পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন- মেরিনা তাবাস্তুম।
- জাতীয় চা দিবস ঘোষণা করেছে- ২১ মে।

- UNICEF ও WHO এর যৌথ প্রতিবেদন অনুযায়ী, দেশে নিরাপদ খাবার পানি পায়- ৫৯ শতাংশ।
- মাছ উৎপাদনে বাংলাদেশের শীর্ষ জেলা- ময়মনসিংহ।
- ‘হোস্ট অ্যান্ড রোহিঙ্গা এনহ্যান্সমেন্ট অব লাইভস (হেল্প)’ প্রকল্পে অর্থায়ন করেছে- বিশ্বব্যাংক।
- বর্তমানে সংসদ নির্বাচনে ‘দলীয়’ ও ‘স্বতন্ত্র’ প্রার্থীদের প্রতীক বরাদ্দ- ১১৫টি।
- শিপ রিসাইক্লিং দেশ হিসেবে বিশ্বে বাংলাদেশের অবস্থান- ১ম।
- ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষীয় বাণিজ্যের পরিমাণ- ১ হাজার ৭৩৫ কোটি মার্কিন ডলার।
- দেশের জিডিপিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের (এসএমই) অবদান- প্রায় ৩০ শতাংশ।
- দেশে সর্বপ্রথম ডিজিটাল এসএমই ঋণ চালু করেছে- ব্র্যাক ব্যাংক।
- বিশ্বব্যাপী ‘বুঁকিপূর্ণ তাপমাত্রা’য় ক্ষতিগ্রস্তদের তালিকায় বাংলাদেশের অবস্থান- ১০ম।
- নিত্যপণ্যের মূল্য জানাতে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চালুকৃত অ্যাপ- ‘বাজারদর’।
- ‘৩৬ জুলাই: স্টেটস ভার্সেস পিপল’ তথ্যচিত্রের নির্মাতা - সৌমিত্র দস্তিদার।
- বাংলাদেশ-পাকিস্তান যৌথ অর্থনৈতিক কমিশন বৈঠক অনুষ্ঠিত হবে- ঢাকা, বাংলাদেশ।
- ৯৮তম অস্কারে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে চলচ্চিত্র- ‘বাড়ির নাম শাহানা’।
- দেশের প্রথম এআই-চালিত ডিজিটাল ঋণ সুবিধা ‘ইরিন ডিভাইস অ্যাপ’ চালু করেছে- ঢাকা ব্যাংক পিএলসি।
- ২০২৪ সালে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশ থেকে ৭৩৪ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়।
- যুক্তরাষ্ট্রে জাতীয় এআই নেতার স্বীকৃতিপ্রাপ্ত বাংলাদেশি বিজ্ঞানীর নাম- ড. সৈয়দ বাহাউদ্দিন আলম।

আন্তর্জাতিক বিষয়াবলি

জুলাই - ২০২৪

- বর্তমানে ব্রিটেনের রাষ্ট্রপ্রধান - রাজা তৃতীয় চার্লস।
- অলিম্পিক গেমস, ২০২৪ এর আয়োজক - ফ্রান্স।
- ২০২৪ সালে নারী এশিয়া কাপের শিরোপা জিতেছে- শ্রীলঙ্কা।

আগস্ট - ২০২৪

- ‘গুয়ানতানামো বে’ কারাগার অবস্থিত - কিউবায়।
- ২০৩৪ সালে ফিফা ফুটবল বিশ্বকাপের আয়োজন দেশ - সৌদি আরব।
- ‘ডকট্রিন অব নেসেসিটি’ হচ্ছে - প্রয়োজনীয়তার মতবাদ।
- ‘ফাথ-৩৬০’ হচ্ছে- ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র।
- জেন-জি হচ্ছে - ১৯৯৭ থেকে ২০১২ সালের মধ্যে জন্মগ্রহণ করা প্রজন্মটিকে হলে জেনারেশন জেড।
- ‘অরবিট-০১’ স্যাটেলাইট উৎক্ষেপণ করেছে - চীন।
- হিউমেনবার্গ রিসার্চ হচ্ছে- নিউইয়র্কভিত্তিক আর্থিক গবেষণা প্রতিষ্ঠান।
- মেগাকোয়াক ('megquake') হচ্ছে - ৮ কিংবা ততোধিক মাত্রার ভূমিকম্প।

সেপ্টেম্বর - ২০২৪:

- ‘স্টর্ম শ্যাডো’ স্টর্ম শ্যাডো হলো একটি অ্যাংলো-ফরাসি ড্রুজ ক্ষেপণাস্ত্র, যার সর্বোচ্চ পরিসীমা প্রায় ২৫০ কিমি। ফরাসিরা এই ক্ষেপণাস্ত্রকে ‘স্ক্যাল্প’ বলে।
- আন্দামান ও নিকোবার দ্বীপপুঞ্জের নতুন রাজধানীর নাম - শ্রী বিজয় পুরম।
- NATO এর ১৪তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন - মার্ক রুটে (নেদারল্যান্ডস)।
- ২০২৪ সালের প্যারিস প্যারালিম্পিকে সর্বাধিক সোনা জিতে - চীন (৯৪টি)।
- প্লাস্টিক বর্জ্য উৎপাদনে শীর্ষ দেশ - ভারত।

অক্টোবর - ২০২৪

- ভারত সরকার বাংলা ভাষাকে আদি বা ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃতি দেয় - ৩ অক্টোবর ২০২৪।
- প্রকাশিতব্য “Mother Mary Comes to Me” স্মৃতিকথার লেখক - অরুন্ধতী রায়।

নভেম্বর – ২০২৪

- Conference of the Parties (COP 29) অনুষ্ঠিত হয় - বাকু, আজারবাইজান।
- COP 29-এ জলবায়ু সংকটের ঝুঁকিতে থাকা দরিদ্র দেশগুলোকে প্রতিবছর সহায়তা দেয়ার ঘোষণা দেয়- ৩০০ বিলিয়ন মার্কিন ডলার।
- ‘এটিএসিএমএস’ ক্ষেপণাস্ত্র তৈরিকারী দেশ - যুক্তরাষ্ট্র।
- বিশ্বের ‘সবচেয়ে বড়’ সোনার (খনির) মজুদের সন্ধান পাওয়া গেছে- চীনে।
- যুক্তরাষ্ট্রের রাজনীতিতে ‘গ্র্যান্ড ওল্ড পার্টি’ নামে পরিচিত - রিপাবলিকান পার্টি।
- হোয়াইট হাউসের প্রথম নারী চিফ অব স্টাফ- সুসি উইলস।

ডিসেম্বর – ২০২৪

- সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ‘ব্লু স্কাই’ এর নির্মাতা জ্যাক ডরসি।
- অক্সফোর্ডের ২০২৪ সালের বর্ষসেরা শব্দ ‘Brain Rot’। পৃথিবীর উষ্ণতা বৃদ্ধির নতুন কারণ লো ক্লাউড কভার।
- বিশ্বের সবচেয়ে বড় আইসবার্গ (হিমশৈল) যে নামে পরিচিত - ‘এ২৩এ’।
- বিশ্বের সবচেয়ে দীর্ঘ স্থলসীমান্ত রয়েছে যুক্তরাষ্ট্র ও কানাডা দুই দেশের।

জানুয়ারি – ২০২৫

- মেক্সিকো উপসাগরের পরিবর্তিত নতুন নাম- ‘গালফ অব আমেরিকা’ বা ‘আমেরিকা উপসাগর’।
- DeepSeek AI-এর প্রতিষ্ঠাতা- লিয়াং ওয়েনফেং [চীন]।
- সিরিয়ার অন্তর্বর্তী প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হয়েছেন- আহমেদ আল-শারা।
- ‘March 23 Movement’ ডেমোক্রোটিক রিপাবলিক কঙ্গোর পূর্বাঞ্চলের- বিদ্রোহী গোষ্ঠী।
- বিশ্বের বৃহত্তম গবেষণাগার স্কার কিলোমিটার অ্যারে (SKA) অবস্থিত- দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়ায়।
- চীনের নতুন ষষ্ঠ প্রজন্মের যুদ্ধবিমান- ‘জে-৩৬’।
- ডিপ স্টেট- ফেডারেল কর্মচারী এবং আমলাতন্ত্রের ক্ষমতার কেন্দ্র।

- নাসার চাঁদে প্রেরণকৃত প্রথম বাণিজ্যিক নভোযানের নাম - বু ঘোস্ট মিশন ১।
- এইচএমপিভি (HMPV) ভাইরাস এর পূর্ণরূপ- Human Metapneumovirus।

ফেব্রুয়ারি – ২০২৫

- ১১ থেকে ১৩ ফেব্রুয়ারি সংযুক্ত আরব আমিরাতের ‘বিশ্ব সরকার সম্মেলন ২০২৫’ অনুষ্ঠিত হয়।
- বর্তমানে জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্র্যান্ডি।
- যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা সংস্থার প্রধান তুলসী গ্যাবার্ড।
- রেডিও বেগম’ কোন আফগানিস্তান নারীভিত্তিক রেডিও স্টেশন।
- এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) বর্তমান প্রেসিডেন্ট মাসাতো কান্দা।
- পৃথিবী থেকে একসঙ্গে সৌরজগতের সাতটি গ্রহ দর্শনকে জ্যোতির্বিজ্ঞানের ভাষায় ‘প্ল্যানেটারি প্যারেড’ বা গ্রহের কুচকাওয়াজ বলে।
- ‘ইতেমাদ’ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রটি তৈরি করেছে- ইরান।
- যুক্তরাষ্ট্রে বিদেশি বিনিয়োগকারীদের জন্য ইবি-৫ ভিসার পরিবর্তে নতুন একটি ‘গোল্ড কার্ড’ চালুর ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ফ্রিডম হাউজ (Freedom House) মার্কিন ভিত্তিক গবেষণা সংস্থা, যা গণতন্ত্র, রাজনৈতিক স্বাধীনতা এবং মানবাধিকার সংক্রান্ত গবেষণা ও বিশ্লেষণ পরিচালনা করে।

মার্চ – ২০২৫

- বর্তমানে BIMSTEC এর সভাপতি দেশ - বাংলাদেশ।
- জাপানে চালু হওয়া বিশ্বের প্রথম হাইব্রিড কোয়ান্টাম সুপারকম্পিউটারের নাম ‘Reimei’।
- বেলুচ লিবারেশন আর্মি (BLA) পাকিস্তানের সশস্ত্র সংগঠন।
- G-7 এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন মার্ক কার্নি।
- ২১তম ফিফা ক্লাব বিশ্বকাপ ১৪ জুন থেকে ১৩ জুলাই ২০২৫ পর্যন্ত যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হবে।

- সৌদি আরবের মক্কায় পবিত্র কোরআন জাদুঘর উদ্বোধন করা হয়।
- দুবাইয়ের অভিবাসী অধিদপ্তর (GDRFA) 'সালামা' নামের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্ল্যাটফর্ম চালু করে।

এপ্রিল - ২০২৫

- ভারত-পাকিস্তানের ঐতিহাসিক সিমলা চুক্তি স্বাক্ষরিত হয় ২ জুলাই, ১৯৭২ সাল।
- ভারত ও পাকিস্তানের সিন্ধু পানি চুক্তি হয় ১৯৬০ সালে।
- বিশ্বে প্রথমবার আইন প্রণয়নে এআই ব্যবহার করতে যাচ্ছে সংযুক্ত আরব আমিরাত (UAE)।
- বিরল খনিজ মজুতে ও উৎপাদনে বিশ্বের শীর্ষ দেশ চীন।
- যুক্তরাষ্ট্রের নির্মিতব্য আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা 'গোল্ডেন ডোম'।
- ফিলিস্তিনে রাফাহ শহরকে বিচ্ছিন্নকারী সামরিক করিডোরের নাম 'মোরাগ করিডোর'।
- বিশ্বের সবচেয়ে উঁচু সেতু তৈরি করছে চীন।
- উত্তর আফ্রিকার দেশ সুদানের আধাসামরিক গোষ্ঠী The Rapid Support Forces (RSF)।
- বিশ্বে আমদানিতে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র এবং রপ্তানিতে শীর্ষ দেশ চীন।
- ২০২৪ সালে বিশ্বের সামরিক ব্যয়ের পরিমাণ ২ লাখ ৭০ হাজার ডলার।
- ১৯২৯ সালে ল্যাটেরান চুক্তির মধ্য দিয়ে ভ্যাটিকান সিটি রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত হয়।
- 'হোলি সি' হলো ক্যাথলিক চার্চ ও ভ্যাটিকান সিটির কেন্দ্রীয় শাসন কর্তৃপক্ষ।
- ১৩তম নারী বিশ্বকাপ ক্রিকেট ২৯ সেপ্টেম্বর-২৬ অক্টোবর ২০২৫ ভারতে অনুষ্ঠিত হবে।
- চীন দক্ষিণ চীন সাগরের তলে নির্মাণ করতে যাচ্ছে 'ডিপ সি স্পেস স্টেশন'।
- শ্রীলংকার বেসামরিক সম্মাননা 'মিত্র বিভূষণ পদক' প্রদান করা হয় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে।
- আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (IOC) প্রথম নারী প্রেসিডেন্ট কিস্টি কভেট্রি।

- সম্প্রতি, বিজ্ঞানীদের আবিষ্কৃত নতুন রঙের নাম 'ওলো'।
- ২০২৫ সালের 'প্রেস ফটো অব দ্য ইয়ার' নির্বাচিত হয়েছে ফিলিস্তিনি শিশু মাহমুদ আজজুরের দুই হাত হারানো ছবি।
- এক শতকেরও বেশী সময় পর ২০২৮ সালের লস এ্যাঞ্জেলেস অলিম্পিক গেমসে ক্রিকেট ইভেন্ট অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রে পশ্চিমাঞ্চলীয় শহর পোমোনায়।
- প্রথমবারের মতো হুইলচেয়ার ক্রিকেট বিশ্বকাপ আয়োজিত হবে পাকিস্তানে। [৩০ সেপ্টেম্বর- ৯ অক্টোবর]
- পোপ ফ্রান্সিসের আত্মজীবনীর নাম হোপ (Hope)।

মে - ২০২৫

- বর্তমানে বিশ্বের শীর্ষ ঋণদাতা দেশ জার্মানি।
- মানবাধিকার গোষ্ঠী অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল লিমিটেডকে 'অবাস্তব সংস্থা' ঘোষণা করেছে রাশিয়া।
- ২০২৪ সালে বিশ্বে অভ্যন্তরীণ বাস্তবায়িত মানুষের সংখ্যা ৮ কোটি ৩৪ লাখ।
- জাতিসংঘের সর্বশেষ তথ্য অনুযায়ী, শান্তিরক্ষী পাঠানো দেশগুলোর মধ্যে প্রথম স্থানে আছে নেপাল।
- ট্রাম্পের মধ্যপ্রাচ্য সফরে যুক্তরাষ্ট্র ও কাতারের মধ্যে ১ লাখ ২০ হাজার কোটি ডলারের চুক্তি সই হয়েছে।
- দক্ষিণ ইউরোপের দ্বীপ দেশ মাল্টা ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দিয়েছে।
- ইসরায়েলের সাথে বাণিজ্যিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিয়েছে স্পেন।
- 'প্রজেক্ট এসথার'- ইহুদিবিরোধ মোকাবিলায় যুক্তরাষ্ট্রের একটি জাতীয় কৌশল।
- 'ওয়ার্ল্ডওয়াইড থ্রেট অ্যাসেসমেন্ট' প্রতিবেদন প্রকাশ করে মার্কিন প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা (DIA)।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থায় প্রথমবারের মতো পতাকা উত্তোলনের অধিকার পেয়েছে ফিলিস্তিন।
- সিঙ্গাপুরের নির্বাচনে টানা চতুর্থবারের মতো নিরঙ্কুশ জয় পায় পিপল'স অ্যাকশন পার্টি (PAP)।
- কুখ্যাত আলকাট্রাজ কারাগার যুক্তরাষ্ট্রে অবস্থিত।
- 'এভারেস্ট ম্যান' নামে পরিচিত কামি রিতা শেরপা (৩১ বার এভারেস্টের চূড়ায় উঠেছেন)।

- বিশ্বের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক শহর নির্মাণ করতে যাচ্ছে সংযুক্ত আরব আমিরাত।
- অনলাইন প্রতারণা ঠেকাতে ক্রোম ব্রাউজারে যুক্ত গুগলের নতুন এআই মডেলের নাম ‘জেমিনি ন্যানো’।
- এআই স্যাটেলাইটের মাধ্যমে মহাকাশে প্রথম সুপারকম্পিউটার নেটওয়ার্ক তৈরি করছে চীন।
- বিশ্বের প্রথম এআই-ভিত্তিক পরিবেশ দূতের নাম ‘উনা (Una)’।
- ৭৮তম কান চলচ্চিত্র উৎসবে সর্বোচ্চ পুরস্কার স্বর্ণপাম জিতেছেন খ্যাতিমান ইরানি নির্মাতা জাফর পানাহির ‘ইট ওয়াস জাস্ট অ্যান অ্যাক্সিডেন্ট’ (It Was Just an Accident)।
- ১৮৫৫ সালে প্রতিষ্ঠিত যুক্তরাজ্যের প্রভাবশালী ডানপন্থী দৈনিক দ্য টেলিগ্রাফ কিনে নিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক বিনিয়োগ প্রতিষ্ঠান রেডবার্ড ক্যাপিটাল পার্টনার্স।
- মালদ্বীপের প্রেসিডেন্ট মুহম্মদ মুইজু টানা ১৫ ঘণ্টার সংবাদ সম্মেলন করে বিশ্ব রেকর্ড করেন।
- পেপে নামে পরিচিত উরুগুয়ের সাবেক প্রেসিডেন্ট হোসে মুজিকা পরিমিত জীবনযাপনের কারণে বিশ্বের সবচেয়ে ‘গরিব প্রেসিডেন্ট’ হিসেবে পরিচিত ছিলেন।
- দ্য গভর্নমেন্ট অব চায়না’ বইটির রচয়িতা সি চিন পিং।
- বিশ্বের বৃহত্তম উভচর বিমান AG600 তৈরি করে চীন।
- গাজা হিউম্যানিটারিয়ান ফাউন্ডেশন গঠন করে যুক্তরাষ্ট্র।
- RS-24 Yars রাশিয়ার ক্ষেপণাস্ত্র।
- ২০২৫ সালের হ্যাপি সিটি ইনডেক্স অনুযায়ী ‘গোল্ড সিটি’ তালিকায় রাখা হয়েছে ৩১টি শহর।
- ‘2M1510(AB)B’ নতুন আবিষ্কৃত বিরল গ্রহ।
- ২০২৭ সালে নারী ফুটবল বিশ্বকাপের দশম আসর অনুষ্ঠিত হবে ব্রাজিলে।
- আফগানিস্তানে দাবা খেলাকে নিষিদ্ধ করা হয়।

জুন - ২০২৫

- বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ তেলবাহী চেকপয়েন্ট হিসেবে বিবেচিত হয়- হরমুজ প্রণালী।
- ইরানের মূল ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র নাতাজ পারমাণবিক কেন্দ্র।
- অপারেশন ‘ট্রু প্রমিজ-৩’ ইসরায়েলের বিরুদ্ধে ইরানের পরিচালিত অভিযান।

- ‘অ্যারো-থ্রি’- ইসরায়েলের দূরপাল্লার ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা।
- ‘জিবিইউ-৫৭এ/বি এমওপি’ - মার্কিন ‘বাংকার-ব্লাস্টার’ বোমা।
- ইরানের পারমাণবিক স্থাপনায় যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানের সাংকেতিক নাম ‘অপারেশন মিডনাইট হামার’।
- বি-২ স্টেলথ বোমারু বিমান (B-2 Spirit) হলো যুক্তরাষ্ট্রের তৈরি একটি উন্নতমানের কৌশলগত বোমারু বিমান, যা স্টেলথ প্রযুক্তি ব্যবহার করে শত্রুর রাডার এড়াতে সক্ষম।
- ‘খাইবার শেকান’- ৪র্থ প্রজন্মের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র।
- মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সামরিক ঘাঁটি -আল উদেইদ, কাতার।
- ন্যাটোভুক্ত দেশসমূহ প্রতিরক্ষা ব্যয় জিডিপি’র ৫ শতাংশ করার লক্ষ্য নির্ধারণ করেছে
- গাজা অভিযুক্ত ত্রাণবাহী জাহাজ ‘ম্যাডলিনে’ ১২ জন মানবাধিকারকর্মী ছিলেন।
- যুক্তরাষ্ট্রের ডানপন্থী প্রভাবশালী গবেষণা প্রতিষ্ঠান (থিঙ্কট্যাংক) হচ্ছে হেরিটেজ ফাউন্ডেশন।
- বিশ্বে প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত যুদ্ধবিমানের সফল পরীক্ষা চালিয়েছে- সুইডেন।
- পর্যটন খাতে বিনিয়োগ বাড়াতে কোন দেশ ‘ল্যান্ড ব্যাংক’ চালু করেছে শ্রীলঙ্কা।
- পাকিস্তানের পরমাণু কর্মসূচির জনক আব্দুল কাদের খান।
- ‘হাজ কাসেম’ - ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র।
- ‘এফ-৩৫’- যুক্তরাষ্ট্রের তৈরি অত্যাধুনিক প্রযুক্তির যুদ্ধবিমান।
- রানের রাষ্ট্রীয় মালিকানাধীন রেডিও ও টেলিভিশন সম্প্রচার সংস্থার নাম- ইসলামিক রিপাবলিক অব ইরান ব্রডকাস্টিং (আইআরআইবি)।
- মূলধনের ভিত্তিতে বিশ্বের শীর্ষ ই-কমার্স প্রতিষ্ঠান প্রতিষ্ঠান অ্যামাজন (Amazon)।
- এমআই৬ (MI6) যুক্তরাজ্যভিত্তিক বৈদেশিক গোয়েন্দা সংস্থা।

- সেপ্টিমিউজ- পরমাণু সমৃদ্ধকরণে ব্যবহৃত যন্ত্র।
- প্রথম ভারতীয় হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যান শুভাংশু শুক্লা।
- ‘দাহিয়া ডকট্রিন’- ইসরায়েলি রণনীতি।
- “নো কিংস ডে”- ট্রাম্পবিরোধী বিক্ষোভ।
- বুরকিনা ফাসোর তরুণ বিপ্লবী সেনাশাসকের নাম ইব্রাহিম ব্রাউরে।
- পোল্যান্ডের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন কারোল নাওরোজি।
- ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ (IPL)-২০২৫ আসরের চ্যাম্পিয়ন হয়েছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।
- উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ- ২০২৫ জয়ী দল প্যারিস সেন্ট জার্মেইন (পিএসজি)।
- পাকিস্তানের প্রথম নারী ক্রিকেটার হিসেবে আইসিসি হল অব ফেমে অন্তর্ভুক্ত হয়েছেন- সানা মীর।

জুলাই – ২০২৫

- IMF এর পূর্বাভাস অনুযায়ী, ২০২৫ সালে বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি হার হবে- ৩ শতাংশ।
- ‘রিং অব ফায়ার’ নামক ভূকম্পনপ্রবণ অঞ্চলের অবস্থান- প্রশান্ত মহাসাগরে।
- ‘প্যাট্রিয়ট’ হলো- বিশ্বের সর্বাধুনিক এয়ার ডিফেন্স সিস্টেম যা যুদ্ধবিমান, ব্যালিস্টিক মিসাইল ও ব্রুজ মিসাইল চিহ্নিত করে ধ্বংস করার ক্ষমতা রাখে।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অননুমোদিত আচরণকে রাষ্ট্র বিজ্ঞানীদের ভাষায় নামকরণ করা হয়- ম্যাডম্যান থিওরি বা ‘খ্যাপাতে তত্ত্ব’।
- ৫৮তম আসিয়ান পররাষ্ট্রমন্ত্রী বৈঠক অনুষ্ঠিত হয়- কুয়ালালামপুর, মালয়েশিয়া।
- Global Liveability Index 2025 অনুযায়ী, বিশ্বের সবচেয়ে বসবাসযোগ্য শহর- কোপেনহেগেন (ডেনমার্ক)।
- যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান ‘ওয়ার্ল্ড পপুলেশন রিভিউ’ তথ্যানুসারে, বর্তমানে বিশ্বে সবচেয়ে বেশি কার্বন নিঃসরণ করে- চীন।
- থাইল্যান্ড, কম্বোডিয়া ও লাওসের সীমানায় অবস্থিত এমারেন্ড ট্রায়ান্ড বা পান্না ত্রিভুজ অঞ্চল।

- তিব্বত ও ভারত দিয়ে প্রবাহিত ইয়ারলুং জাংবো নদের ওপর বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ বাঁধ নির্মাণ শুরু করেছে চীন।
- ২০২৫ সালের ফিফা ক্লাব বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়েছে- চেলসি (ইংলিশ ক্লাব)।
- ‘হিমার্স (HIMARS)’- অত্যাধুনিক রকেট উৎক্ষেপণব্যবস্থা।
- আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ)- এর সঙ্গে সব ধরনের সহযোগিতা স্থগিত করেছে ইরান।
- সুরিনামের প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন- জেনিফার সাইমনস।
- নোবেল পুরস্কারের ইতিহাস এখন পর্যন্ত সবচেয়ে বেশি নোবেল পুরস্কার জিতেছে- যুক্তরাষ্ট্র (৪২৩টি)।
- বর্তমানে বিশ্বের সবচেয়ে বয়স্ক রাষ্ট্রপ্রধান (প্রেসিডেন্ট)- পল বিয়া (ক্যামেরুন)।
- বিশ্বে স্বাস্থ্যসেবায় শীর্ষ দেশ তাইওয়ান।
- বিশ্বে রেয়ার আর্থ ম্যাগনেট (দুর্লভ খনিজচুম্বক) সরবরাহকারী শীর্ষ দেশ চীন।
- এফ-৭ বিজিআই (F-7 BGI) যুদ্ধ বিমান।
- জাপানের প্রধানমন্ত্রী ইশিবার নেতৃত্বাধীন দলের নাম লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি)।
- এশিয়া কাপ- ২০২৫ এর আয়োজক দেশ- সংযুক্ত আরব আমিরাত।
- শক্তিশালী অ-পারমাণবিক ‘গাজাপ’ বোমা উন্মোচন করেছে- তুরস্ক।
- উত্তর আটলান্টিক মহাসাগরে প্রায় ২ কোটি ৭০ লাখ টন ন্যানোপ্লাস্টিক পাওয়া গেছে।
- সুদানে আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসের (আরএসএফ) নেতৃত্বে ‘সমান্তরাল সরকার’ ঘোষণা করেছে।
- বিশ্বের প্রথম এআই-চালিত ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে- বেইজিং, চীন।
- জার্মানিতে চালু হয়েছে বিশ্বের প্রথম হাইব্রিড সৌরচালিত কার্গো জাহাজ ‘ব্লু মার্লিন’।
- সিরিয়ার নতুন জাতীয় প্রতীক ‘সোনালি ঈগল’।

- ‘গ্র্যান্ড ইথিওপিয়ান রেনেসাঁ ড্যাম’ নামে নীল নদে বাঁধ নির্মাণ করেছে ইথিওপিয়া।
 - ইউরেশিয়া মহাদেশের সর্বোচ্চ সক্রিয় আগ্নেয়গিরি ‘ক্ল্যুচেভস্কয় (Klyuchevskoy)’ আগ্নেয়গিরি অবস্থিত- রাশিয়াতে।
 - হায়াত তাহরির আল-শামস (এইচটিএস) গোষ্ঠীর ‘সন্তাসী’ তকমা প্রত্যাহার করেছে যুক্তরাষ্ট্র।
 - পঞ্চম প্রজন্মের ‘জে-২০এস’ যুদ্ধবিমান উন্মোচন করেছে- চীন।
 - ‘বিএম-২১ (BM-21 Grad)’ হলো সোভিয়েত ইউনিয়ন-উৎপাদিত একটি মাল্টিপল রকেট লঞ্চার সিস্টেম, যা ৪০টি রকেট একযোগে নিক্ষেপে সক্ষম।
 - যোগাযোগ স্যাটেলাইট ‘নাহিদ-২’ উৎক্ষেপণ করেছে- ইরান।
 - সমুদ্র সৈকত ও পার্কে ধূমপান নিষিদ্ধ করেছে- ফ্রান্স।
 - বিশ্বের প্রথম কোম্পানি হিসেবে ৪ ট্রিলিয়ন ডলারের বাজারমূল্য অর্জন করেছে- এনভিডিয়া (NVIDIA)।
 - ক্যাম্পিয়ান সাগরে ইরান ও রাশিয়া যৌথ নৌ অনুসন্ধান ও উদ্ধার মহড়া (CASAREX 2025) করেছে।
 - ‘মিগ-২১’ যুদ্ধবিমান রাশিয়ার তৈরি।
 - ‘টিওআই ১৮৪৬ বি’- আবিস্কৃত নতুন বড় গ্রহ (সুপার আর্থ)।
 - আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) সহযোগী সদস্যপদ পেয়েছে পূর্ব তিমুর ও জাম্বিয়া।
 - ১২৮ বছর পর ২০২৮ সালে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিতব্য অলিম্পিক আসরে অন্তর্ভুক্ত হয়েছে ক্রিকেট।
 - বর্তমানে টেস্ট ক্রিকেটে দ্রুততম ৫ উইকেট শিকারী বোলার মিচেল স্টার্ক (অস্ট্রেলিয়া)।
 - উইম্বলডন- ২০২৫ পুরুষ এককে চ্যাম্পিয়ন হয়েছে - ইয়ানিক সিনার এবং নারী এককে- ইগা সিওনতেক।
- আগস্ট – ২০২৫**
- বর্তমানে বিশ্বে সবচেয়ে শক্তিশালী মুদ্রা- কুয়েতি দিনার এবং বৈশ্বিকভাবে সবচেয়ে বেশি লেনদেনকৃত মুদ্রা মার্কিন ডলার।
 - ইউক্রেনের দোনেৎস্ক ও লুহানস্ক অঞ্চল নিয়ে দনবাস গঠিত।

- চীনের পর যুক্তরাষ্ট্র ব্রাজিলের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার।
- বিশ্বের শীর্ষ তেল উত্তোলনকারী দেশ যুক্তরাষ্ট্র।
- রাশিয়ার তেলের দ্বিতীয় বৃহত্তম ক্রেতা দেশ- ভারত।
- ‘স্ল্যাপব্যাক মেকানিজম’- স্বয়ংক্রিয় নিষেধাজ্ঞা পুনর্বহাল প্রক্রিয়া।
- সম্প্রতি, ইসরায়েলের জন্য আকাশসীমা ও সমুদ্রবন্দর বন্ধের ঘোষণা দিয়েছে-তুরস্ক।
- অবৈধ অভিবাসন ঠেকাতে ‘ওয়ান ইন-ওয়ান আউট’ চুক্তি স্বাক্ষরিত হয়- যুক্তরাজ্য-ফ্রান্সের মধ্যে।
- ‘ফ্লুমিঙ্গো’ নামে দূরপাল্লার ত্রুজ ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালিয়েছে- ইউক্রেন।
- ইউরোপের প্রথম দেশ হিসেবে ইসরায়েলের বিরুদ্ধে অস্ত্র নিষেধাজ্ঞা জারি করেছে- স্লোভেনিয়া।
- বিশ্বে দ্বিতীয় প্রতিষ্ঠান হিসেবে ৪ ট্রিলিয়ন ডলারের বাজারমূল্য অতিক্রম করেছে- মাইক্রোসফট।
- গ্লোবাল ফায়ারপাওয়ার অনুযায়ী, ২০২৫ সালে ৪২টি দেশের সাবমেরিন রয়েছে।
- সম্প্রতি আফ্রিকার নাইজেরিয়াতে প্রথমবারের মতো এআইভিভিত্তিক ইসলামী শিক্ষার যাত্রা শুরু করে।
- বিশ্বের সবচেয়ে দীর্ঘতম ঝুলন্ত সেতু নির্মাণ করছে- ইতালি।
- ২০৩০ সালের মধ্যে চাঁদে পারমাণবিক চুল্লি স্থাপন করবে- যুক্তরাষ্ট্র।
- ইন্টারনেট গভর্ন্যান্স ফোরাম- বিশ্বের সবচেয়ে বৃহৎ ও গ্রহণযোগ্য বহুপক্ষীয় সংলাপভিত্তিক মঞ্চ।
- প্রথমবারের মতো একটি হিউম্যানয়েড রোবটকে পিএইচডি প্রোগ্রামে ভর্তি করে- চীন।
- যুক্তরাষ্ট্রের এলমেনডার্ক রিচার্ডসন সামরিক ঘাঁটি অবস্থিত- আলাস্কায়।
- বিশ্বের অন্যতম উচ্চতম সক্রিয় আগ্নেয়গিরি ক্লিউচেভস্কয় অবস্থিত- রাশিয়ায়।
- জাপানের ফুকুশিমাতে ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের তেজস্ক্রিয় ধ্বংসাবশেষ সরাতে ব্যবহৃত দুটি রোবটের নাম- স্পট ও প্যাকবট।

- সুইজারল্যান্ডভিত্তিক বিনিয়োগ ব্যাংক ইউবিএস গ্লোবাল ওয়েলথ রিপোর্ট অনুযায়ী, ইউরোপের প্রাপ্তবয়স্কদের মাথাপিছু সম্পদ বৃদ্ধিতে শীর্ষ দেশ- হাঙ্গেরি।
- বিশ্বের প্রথম এইডস টিকা তৈরির প্রকল্পে কাজ করছে- রাশিয়া।
- বিশ্বের সর্বোচ্চ সেতু নির্মাণ করেছে- চীন।
- জাপান থেকে অত্যাধুনিক ফ্রিগেট যুদ্ধজাহাজ আমদানি করতে যাচ্ছে- অস্ট্রেলিয়া।
- বিশ্বের শীর্ষ ইউরেনিয়াম উৎপাদনকারী দেশ কাজাখস্তান।
- ‘শহীদ সোলাইমানি’ স্যাটেলাইট নক্ষত্রমালা নির্মাণ করেছে- ইরান।
- পোল্যান্ডের নোগাত নদীর তীরে অবস্থিত মালবর্ক দুর্গটি আয়তনের দিক থেকে বিশ্বের বৃহত্তম দুর্গ।
- ওয়ার্ল্ডমিটারসের তথ্য অনুযায়ী রাশিয়ায় পৃথিবীর সবচেয়ে বেশি বনভূমি রয়েছে।
- বিশ্বের সর্বোচ্চ পরিমাণের বৃষ্টিপাতের দেশ কলম্বিয়া।
- ক্লাউড সিডিং : কৃত্রিমভাবে বৃষ্টিপাত ঘটানোর প্রক্রিয়া।
- ‘ক্লাউড ব্রাস্ট’ অল্প সময়ের মধ্যে মেঘ জমে ব্যাপক বৃষ্টিপাত হওয়া।
- সম্প্রতি, মিশরের আলেকজান্দ্রিয়া উপকূলে সমুদ্রের তলদেশে প্রায় দুই হাজার বছরের পুরোনো এক নগরের ধ্বংসাবশেষ পাওয়া গেছে।
- ‘মার্শাল দ্বীপপুঞ্জ’ প্রশান্ত মহাসাগরে অবস্থিত।
- ‘ডিপফেক’ কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক প্রযুক্তি ব্যবহার করে ভুয়া ছবি ও ভিডিও তৈরি করা।
- জাপানে ‘টাইফুন’ ক্ষেপণাস্ত্র মোতায়েন করবে- যুক্তরাষ্ট্র।
- সৌদি আরবের জেদ্দা শহরে নিমিতব্য ‘জেদ্দা টাওয়ার’ এর উচ্চতা ৩ হাজার ২৮১ ফুট।
- গ্লোবাল টাইগার ফোরামের (GIF) ২০২৫ সালের তথ্য অনুযায়ী, বিশ্বে বন্য বাঘের সংখ্যা প্রায় ৫,৫৭৪।
- ২১ আগস্ট ২০২৫ ভারত মহাসাগরের উত্তরাংশে ও ওমান সাগরে ইরানের নৌবাহিনীর করা সর্বশেষ সামরিক মহড়ার নাম- ইকতেদার ১৪০৪।
- সাফ অনূর্ধ্ব-১৭ নারী চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হয়েছে- ভারত।

- ২০২৭ সালের নারী বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে- ব্রাজিলে।

সেপ্টেম্বর - ২০২৫

- ২য় বিশ্বযুদ্ধের সমাপ্তির ৮০ বছর পূর্তি উপলক্ষে চীনের সামরিক মহড়া অনুষ্ঠিত হয়-তিয়েনআনমেন স্কয়ার, বেইজিং।
- যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সদর দপ্তরের (পেন্টাগন) নতুন নাম- ‘ডিপার্টমেন্ট অব ওয়ার’ (যুদ্ধ দপ্তর)।
- বিশ্বের সবচেয়ে বেশি তেলের মজুদ রয়েছে- ভেনেজুয়েলায়।
- মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশগুলোর মধ্যে একমাত্র পারমাণবিক অস্ত্রধারী দেশ পাকিস্তান।
- এইচ-১বি ভিসা প্রদান করে- যুক্তরাষ্ট্র।
- বাগরাম বিমানঘাঁটি অবস্থিত- আফগানিস্তান।
- আইসিজেতে ইসরায়েলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার মামলায় পক্ষভুক্ত হয়েছে- ব্রাজিল।
- বিশ্বের সর্বোচ্চ গ্রিনহাউস নিঃসরণকারী দেশ- চীন।
- ‘অগ্নি-প্রাইম’ নামক ২ হাজার কিলোমিটার পাল্লার ক্ষেপণাস্ত্র তৈরি করেছে- ভারত।
- তরুণ বিজ্ঞান ও প্রযুক্তি পেশাজীবীদের জন্য ‘কে (K) ভিসা’ ঘোষণা করেছে- চীন।
- আসিয়ানের ১১তম সদস্য হতে যাচ্ছে- পূর্ব তিমুর।
- ইরান ও রাশিয়া পারমাণবিক প্রকল্প চুক্তি- ২,৫০০ কোটি ডলার।
- গ্লোবাল পেটেন্ট ফাইলিংয়ের ভিত্তিতে বিশ্বের শীর্ষ উদ্ভাবনী দেশ- চীন।
- যুক্তরাজ্যের প্রথম নারী মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে নিযুক্ত হয়েছেন শাবানা মাহমুদ।
- ২০২৪ সালে বৈশ্বিক রেমিট্যান্সের পরিমাণ ছিল- প্রায় ৯০৫ বিলিয়ন মার্কিন ডলার।
- ‘বর্ডার ডিফেন্স কো-অপারেশন-২০২৫’ নামের সামরিক মহড়া চালিয়েছে- চীন, রাশিয়া ও মঙ্গোলিয়া।
- আলজেরিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ পেয়েছেন- সফি ঘরিব।
- ‘অ্যান্টিফা’- যুক্তরাষ্ট্রের বামপন্থী আন্দোলন।
- সৌদি আরবের সর্বোচ্চ ধর্মীয় পদ- ‘গ্র্যান্ড মুফতি’।

- | | |
|---|---|
| <ul style="list-style-type: none"> ■ বিশ্ব অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপ- ২০২৫ অনুষ্ঠিত হয়- টোকিও, জাপান। ■ ইসরায়েলের ওপর পূর্ণ অস্ত্র নিষেধাজ্ঞা আরোপ করেছে- স্পেন। ■ আর্টিকেল নাইনটিন- যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংস্থা। ■ বিশ্বের প্রথম 'নেট-জিরো এনার্জি' মসজিদ নির্মিত হচ্ছে- আবুধাবি। ■ 'ভাইবস' নামের নতুন ভিডিও ফিড চালু করেছে- মেটা। ■ বর্তমানে রাশিয়ার সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদার দেশ- চীন। ■ বিশ্বের প্রথম 'ইউনিভার্সাল' ডজি চিপ তৈরি করেছে- চীন। ■ এআই সুবিধাযুক্ত স্টেথোস্কোপ উদ্ভাবন করেছেন- যুক্তরাজ্যের গবেষকেরা। ■ গণহত্যাবিষয়ক বিশ্বের শীর্ষস্থানীয় বিশেষজ্ঞদের সংগঠনের নাম ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব জেনোসাইড স্কলার্স (IAGS)। ■ 'এস-৪০০' আকাশ প্রতিরক্ষাব্যবস্থা যে দেশের তৈরি- রাশিয়া। ■ পরিবেশ সুরক্ষা সূচক অনুযায়ী, বিশ্বের সবচেয়ে পরিচ্ছন্ন দেশ এস্তোনিয়া। ■ বিশ্বের প্রথম শিল্প রোবট- ইউনিমেট। ■ আইভরি কোস্টের 'লৌহমানবী' হিসেবে খ্যাত- সিমিওনি বাগবো। ■ ইউরোপের পূর্ব সীমান্তে প্রতিরক্ষা জোরদারে যে মিশনের ঘোষণা দেয় ন্যাটো- 'ইস্টার্ন সেনট্রি'। | <ul style="list-style-type: none"> ■ ইসলামিক 'হুমাইন চ্যাটবট' সৌদি আরবের তৈরি। ■ ইগ (IG) নোবেল পুরস্কার দেয়া হয়- ব্যতিক্রমী গবেষণার ক্ষেত্রে। ■ গাজা যুদ্ধ বন্ধে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্ প্রস্তাব দিয়েছেন- ২১ দফা। ■ 'জাপাদ-২০২৫' নামক সামরিক মহড়ায় অংশ নিয়েছে- রাশিয়া ও বেলারুশ। ■ বারাক এমএক্স আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা তৈরি করেছে ইসরাইলি সংস্থা ইসরাইল অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজ (আইএআই)। ■ ফেডারেল রিজার্ভের বর্তমান নীতি সুদহার ৪ দশমিক ২৫ শতাংশ। ■ 'ভ্যালি অব রুবিস' বা রুবির উপত্যকা নামে পরিচিত- মোগক, মিয়ানমার। ■ বিশ্বের সবচেয়ে প্রাচীন সাহিত্যকর্ম হিসেবে বিবেচিত- গিলগামেশের মহাকাব্য। ■ 'ওফেক ১৯' গোয়েন্দা স্যাটেলাইট উৎক্ষেপণ করেছে - ইসরায়েল। ■ ইউএস ওপেন- ২০২৫ এ পুরুষ এককে চ্যাম্পিয়ন হয়েছে- কার্লোস আলকারাজ এবং নারী এককে গ্র্যান্ড স্লাম জয়ী হয়েছেন- আরিনা সাবালেঙ্কা। ■ ২০২৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হবে- ভারত ও শ্রীলংকা ■ ফিফা ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপের ৩টি মাসকট উন্মোচন হয়েছে। ■ বিশ্বের নতুন দ্রুততম মানব- অবলিক সেভিল (জ্যামাইকা)। |
|---|---|

জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস

| তারিখ | দিবসের নাম |
|----------------|---|
| ২১ ফেব্রুয়ারি | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস |
| ১ মার্চ | জাতীয় বীমা দিবস |
| ৮ মার্চ | আন্তর্জাতিক নারী দিবস |
| ২৩ মার্চ | বিশ্ব আবহাওয়া দিবস |
| ২৫ মার্চ | গণহত্যা দিবস |
| ২৬ মার্চ | স্বাধীনতা ও জাতীয় দিবস |
| ৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস |
| ২২ এপ্রিল | বিশ্ব ধরিত্রী দিবস |
| ১ মে | আন্তর্জাতিক শ্রমিক দিবস |
| ৩ মে | বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস |
| ২২ মে | আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস |
| ৩১ মে | বিশ্ব তামাকমুক্ত দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস |
| ৭ জুন | বিশ্ব নিরাপদ খাদ্য দিবস |
| ১৭ জুন | বিশ্ব খরা ও মরুভূমির প্রতিরোধ দিবস |
| ২০ জুন | বিশ্ব শরণার্থী দিবস |
| ২৩ জুন | আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস, আন্তর্জাতিক অলিম্পিক দিবস |
| ২৬ জুন | মাদকদ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস |
| ২৭ জুন | বিশ্ব ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) দিবস |
| ১১ জুলাই | বিশ্ব জনসংখ্যা দিবস |
| ১৬ জুলাই | জুলাই শহীদ দিবস |
| ৫ আগস্ট | জুলাই গণঅভ্যুত্থান দিবস |
| ১৩ অক্টোবর | আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস |
| ২৪ অক্টোবর | জাতিসংঘ দিবস |
| ৩০ নভেম্বর | জাতীয় আয়কর দিবস |
| ১ ডিসেম্বর | মুক্তিযুদ্ধ দিবস, বিশ্ব এইডস দিবস |
| ৯ ডিসেম্বর | আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস |
| ১০ ডিসেম্বর | জাতীয় ভ্যাট দিবস, বিশ্ব মানবাধিকার দিবস |
| ১৬ ডিসেম্বর | মহান বিজয় দিবস |

সম্মেলন, বৈঠক ও প্রদর্শনী

জুলাই, ২০২৪ - সেপ্টেম্বর ২০২৫

| সম্মেলন | আসর | সময়কাল | স্থান |
|---|-------|------------------------------|-----------------------------------|
| United Nations General Assembly | ৭৯তম | ১০ - ৩০ সেপ্টেম্বর, ২০২৪ | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| Quadrilateral Security Dialogue (Quad) | ৫ম | ২১ সেপ্টেম্বর, ২০২৪ | উইলমিংটন, ডেলাওয়ার, যুক্তরাষ্ট্র |
| APEC সম্মেলন | - | ১৩-১৫ নভেম্বর, ২০২৪ | পেরু |
| G-20 শীর্ষ সম্মেলন | ১৯তম | ১৮-১৯ নভেম্বর, ২০২৪ | রিও ডি জেনিরো, ব্রাজিল |
| ডি-৮ শীর্ষ সম্মেলন | ১১তম | ১৯ ডিসেম্বর, ২০২৪ | কায়রো, মিশর |
| WEF বার্ষিক বৈঠক [World Economic Forum] | ৫৫তম | ২০-২৪ জানুয়ারি, ২০২৫ | দাভোস, সুইজারল্যান্ড |
| African Union শীর্ষ সম্মেলন | ৩৮তম | ১২-১৬ ফেব্রুয়ারি, ২০২৫ | আদিস আবাবা, ইথিওপিয়া |
| মিউনিখ নিরাপত্তা সম্মেলন MSC: Munich Security Conference | ৬১তম | ১৪-১৬ ফেব্রুয়ারি, ২০২৫ | মিউনিখ, জার্মানি |
| BIMSTEC Summit | ৬ষ্ঠ | ২-৪ এপ্রিল, ২০২৫ | ব্যাংকক, থাইল্যান্ড |
| আর্থনা শীর্ষ সম্মেলন- ২০২৫ | ২য় | ২২-২৩ এপ্রিল, ২০২৫ | দোহা, কাতার |
| এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) বার্ষিক বৈঠক | ৫৮তম | ৪-৭ মে, ২০২৫ | মিলান, ইতালি |
| আরব লীগ সম্মেলন | ৩৪ তম | ১৭ মে, ২০২৫ | বাগদাদ, ইরাক |
| আসিয়ান শীর্ষ সম্মেলন | ৪৬ তম | ২৬-২৭ মে, ২০২৫ | কুয়ালালামপুর, মালয়েশিয়া |
| নিক্কেই ফোরাম 'ফিউচার অব এশিয়া' সম্মেলন | ৩০তম | ২৯-৩০ মে, ২০২৫ | টোকিও, জাপান |
| G7 শীর্ষ সম্মেলন | ৫১তম | ১৫-১৭ জুন, ২০২৫ | আলবার্টা, কানাডা |
| ন্যাটো সামিট | - | ২৪-২৫ জুন, ২০২৫ | হেগ, নেদারল্যান্ডস |
| BRICS শীর্ষ সম্মেলন | ১৭তম | ৬-৭ জুলাই, ২০২৫ | রিও ডি জেনিরো, ব্রাজিল |
| SCO শীর্ষ সম্মেলন | ২৫তম | ৩১ আগস্ট- ১ সেপ্টেম্বর, ২০২৫ | তিয়ানজিন, চীন |
| United Nations General Assembly | ৮০তম | ০৯ - ২৯ সেপ্টেম্বর, ২০২৫ | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে জাতিসংঘের উচ্চপর্যায়ের সম্মেলন | - | ৩০ সেপ্টেম্বর, ২০২৫ | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |

সেকশন ৩ - পদক ও পুরস্কার

❖ আন্তর্জাতিক বুক অ্যাওয়ার্ড- ২০২৫

- ২০২৫ সালের আন্তর্জাতিক বুক অ্যাওয়ার্ড ঘোষণা করা হয় ২০ মে ২০২৫।
- এ বছর এই মর্যাদাপূর্ণ পুরস্কার লাভ করেন ভারতীয় লেখক, আইনজীবী ও অধিকারকর্মী **বানু মুশতাক**।
- তিনি *Heart Lamp* নামক ছোটগল্পের সংকলনের জন্য এই পুরস্কার অর্জন করেন।
- এটি মূলত **কান্নাড়া ভাষায়** রচিত, যা থেকে অনুবাদ করেছেন দীপা ভাস্কি।
- উল্লেখযোগ্য বিষয় হলো, কান্নাড়া ভাষায় কোনো লেখকের এটি প্রথম আন্তর্জাতিক বুক অ্যাওয়ার্ড জয়।

❖ রাজা তৃতীয় চার্লস হারমনি অ্যাওয়ার্ড

- ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয় 'দ্য কিংস ফাউন্ডেশন'।
- এ দাতব্য চিন্তা প্রিন্স অব ওয়েলসের উদ্যোগে গঠিত হয়।
- প্রতিষ্ঠানটি প্রতিবছর টেকসই উন্নয়ন ও মানবিক কর্মকাণ্ডে অসামান্য অবদানের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে 'কিংস ফাউন্ডেশন অ্যাওয়ার্ডস' দিয়ে থাকে।
- ২০২৪ সালের জুন মাসে এ অ্যাওয়ার্ডের সাথে 'রাজা তৃতীয় চার্লস হারমনি অ্যাওয়ার্ড' প্রবর্তন করা হয়।
- বিশেষ এই পুরস্কার এমন এক ব্যক্তিকে দেওয়া হয়, যিনি 'দ্য কিংস হারমনি' দর্শনের প্রতি দীর্ঘ মেয়াদে অসামান্য নিষ্ঠা দেখিয়েছেন এবং এটিকে সমর্থন দিয়েছেন।
- এ পুরস্কারের প্রথম বিজয়ী ছিলেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন।
- ২০২৫ সালে 'রাজা তৃতীয় চার্লস হারমনি অ্যাওয়ার্ড' লাভ করেন বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক **ড. মুহাম্মদ ইউনুস**।
- ১২ জুন ২০২৫ তিনি এ পুরস্কার গ্রহণ করেন।

❖ স্বাধীনতা পুরস্কার – ২০২৫

- বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পুরস্কার।
- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীর শহিদদের স্মরণে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান ১৯৭৭ সালে স্বাধীনতা পুরস্কার প্রবর্তন করেন।
- পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ১৮ ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণের পদক, পদকের একটি রেক্লিকা, ৫ লাখ টাকা একটি সম্মাননাপত্র দেওয়া হয়।

২০২৫ সালে ৭ জন ব্যক্তি স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন-

| ক্যাটাগরি | পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান |
|------------------------|--|
| মুক্তিযুদ্ধ ও সংস্কৃতি | মোহাম্মদ মাহবুবুল হক খান ওরফে আজম খান (মরণোত্তর) |
| বিজ্ঞান ও প্রযুক্তি | অধ্যাপক জামাল নজরুল ইসলাম (মরণোত্তর) |
| শিক্ষা ও গবেষণা | জনাব বদরুদ্দীন মোহাম্মদ উমর |
| সমাজসেবা | স্যার ফজলে হাসান আবেদ (মরণোত্তর) |
| প্রতিবাদী তারুণ্য | আবরার ফাহাদ (মরণোত্তর) |
| সাহিত্য | মীর আবদুস শকুর আল মাহমুদ (মরণোত্তর) |
| সংস্কৃতি | নভেরা আহমেদ (মরণোত্তর) |

❖ একুশে পদক – ২০২৫

- একুশে পদক বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার।
- ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে ১৯৭৬ সালে একুশে পদক প্রবর্তন করেন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান।
- পুরস্কারের অর্থমূল্য ৪ লাখ টাকা, সাথে থাকে একটি পদক, একটি সম্মাননা সনদ ও একটি রেপ্লিকা।
- একুশে পদক- ২০২৫ পেয়েছেন দেশের বিশিষ্ট ১৭ ব্যক্তিত্ব ও ১ প্রতিষ্ঠান।

২০২৫ সালের পুরস্কারপ্রাপ্তরা হলেন –

| নাম | অবদান |
|--|-------------------------|
| আজিজুর রহমান (মরগোত্তর) | শিল্পকলা (চলচ্চিত্র) |
| উস্তাদ নীরদ বরণ বড়ুয়া (মরগোত্তর), ফেরদৌস আরা | শিল্পকলা (সংগীত) |
| নাসির আলী মামুন | শিল্পকলা (আলোকচিত্র) |
| রোকেয়া সুলতানা | শিল্পকলা (চিত্রকলা) |
| মাহফুজ উল্লাহ (মরগোত্তর) | সাংবাদিকতা |
| মঈদুল হাসান | গবেষণা |
| ড. নিয়াজ জামান | শিক্ষা |
| মেহদী হাসান খান (দলনেতা), রিফাত নবী (দলগত), মো: তানবিন ইসলাম সিয়াম (দলগত), শাবাব মুস্তাফা (দলগত) | বিজ্ঞান ও প্রযুক্তি |
| মোহাম্মদ ইউসুফ চৌধুরী (মরগোত্তর) | সমাজসেবা |
| হেলাল হাফিজ (মরগোত্তর), শহীদুল জহির (মো: শহীদুল হক) (মরগোত্তর) | ভাষা ও সাহিত্য |
| মাহমুদুর রহমান | সাংবাদিকতা ও মানবাধিকার |
| ড. শহীদুল আলম | সংস্কৃতি ও শিক্ষা |
| বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল | ক্রীড়া |

❖ র‍্যামন ম্যাগসেসে পুরস্কার- ২০২৪:

এশিয়ার নোবেল খ্যাত “র‍্যামন ম্যাগসেসে পুরস্কার- ২০২৪” লাভ করেন ৪জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান।

পুরস্কার প্রাপ্তরা হলেন –

| বিজয়ীদের নাম | অবদান |
|---|--|
| ১. কর্ম ফুন্টশো (ভুটান) | ভুটানের ঐতিহ্যকে নতুন প্রজন্মের সঙ্গে মিলিয়ে তাদের ভবিষ্যৎ গড়ার কাজে ভূমিকা রাখা। |
| ২. হায়াও মিয়াজাকি (জাপান) | অ্যানিমেশনের মাধ্যমে শিশুদের কল্পনাশক্তি জাগিয়ে তুলে এবং মানব জীবনের নানা দিক ফুটিয়ে তোলা। |
| ৩. এনগুয়েন থি এনজিওক ফুং (ভিয়েতনাম) | যুদ্ধের ক্ষতিগ্রস্তদের জন্য শান্তি ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় ভূমিকা রাখা। |
| ৪. ফারউইজা ফারহান (ইন্দোনেশিয়া) | পরিবেশ সংরক্ষণ ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় ভূমিকা রাখা। |
| ৫. Rural Doctors Movement (থাইল্যান্ড) | থাইল্যান্ডের গ্রামীণ দরিদ্র মানুষের স্বাস্থ্যসেবা ও অধিকার নিশ্চিত করার জন্য অবদান রাখা। |

❖ নোবেল পুরস্কার - ২০২৪:

- চিকিৎসা, পদার্থবিদ্যা, রসায়ন, সাহিত্য, শান্তি ও অর্থনীতি এই ৬টি শাখায় প্রতিবছর অক্টোবর মাসে এ পুরস্কারের ঘোষণা করা হয়।
- ৬ ক্যাটাগরিতে ২০২৪ সালের নোবেল পুরস্কার লাভ করেন ১১জন ব্যক্তি ও ১টি সংস্থা।
- ১৯০১ সাল থেকে প্রদান করা হয় বিশ্বের সবচেয়ে সম্মানজনক এই পুরস্কার যার বর্তমান অর্থমূল্য – ১১ মিলিয়ন বা ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা। (১০ লাখ ৭ হাজার মার্কিন ডলার বা ১১ কোটি ১৫ লক্ষ টাকা প্রায়)।

পুরস্কার প্রাপ্তরা হলেন -

| ক্যাটাগরি | বিজয়ীর নাম ও জাতীয়তা | অবদান |
|---------------------------|--|--|
| চিকিৎসা বিজ্ঞান [২ জন] | ১. ভিক্টর অ্যামব্রোস (Victor Ambros) → জাতীয়তা: আমেরিকান ২. গ্যারি রুভকুন (Gary Ruvkun) → জাতীয়তা: আমেরিকান | মাইক্রোআরএনএ (microRNA) আবিষ্কার এবং তা পোস্ট-ট্রান্সক্রিপশনাল (post-transcriptional) জিন নিয়ন্ত্রণে কীভাবে ভূমিকা পালন করে – সে বিষয়ে গুরুত্বপূর্ণ গবেষণার জন্য। ["for the discovery of microRNA and its role in post-transcriptional gene regulation."] |
| পদার্থ বিজ্ঞান [২ জন] | ১. জন জে. হপফিল্ড [John J. Hopfield] → জাতীয়তা - আমেরিকান। ২. জেফরি এইচ. হিন্টন [Geoffrey E. Hinton] → জাতীয়তা - ব্রিটিশ-কানাডিয়ান। | কৃত্রিম নিউরাল নেটওয়ার্কের সাহায্যে মেশিন লার্নিং কার্যকরে সহায়ক মৌলিক আবিষ্কার ও উদ্ভাবনের জন্য। [for foundational discoveries and inventions that enable machine learning with artificial neural networks."] |
| রসায়ন বিজ্ঞান [৩জন] | ১. ডেভিড বেকার [David Baker] → জাতীয়তা - আমেরিকান। ২. ডেমিস হ্যাসাবিস [Demis Hassabis] → জাতীয়তা - ব্রিটিশ। ৩. জন এম. জাম্পার [John M. Jumper] → জাতীয়তা - আমেরিকান। | ডেভিড বেকার: প্রোটিন ডিজাইনের কম্পিউটেশনাল পদ্ধতি উদ্ভাবনের জন্য। [for computational protein design] ডেমিস হ্যাসাবিস এবং জন এম. জাম্পার: প্রোটিনের কাঠামো অনুমানের যুগান্তকারী পদ্ধতি প্রবর্তনের জন্য। [For protein structure prediction] |
| সাহিত্য [১ জন] | হ্যান কাং [Han Kang] → জাতীয়তা - সাউথ কোরিয়ান। | কাব্যিক আবেদনময়ী ফিকশন রচনার জন্য যেগুলো তীক্ষ্ণ ঐতিহাসিক মনোবেদনা তুলে ধরে এবং মানবজীবনের ভঙ্গুরতাকে প্রকাশ করে। |
| শান্তি [১টি সংস্থা] | ১. নিহন হিদানকিও [Nihon Hidankyo] → জাপানিজ পারমাণবিক অস্ত্রবিরোধী সংস্থা। | পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্ব গঠনে নিরলস প্রচেষ্টা এবং প্রত্যক্ষদর্শীদের সাক্ষ্যানুসারে পারমাণবিক অস্ত্রের পুনর্ব্যবহার রোধে ভূমিকা। |
| অর্থনীতি [৩ জন] | ১. ডারন অ্যাসেসমোগলু, ২. সাইমন জনসন, ৩. জেমস এ. রবিনসন। → জাতীয়তা - আমেরিকান। | গণতান্ত্রিক এবং অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠানগুলো কিভাবে দেশের অর্থনৈতিক সমৃদ্ধিতে অবদান রাখে তা নিয়ে কার্যকরী গবেষণা করার জন্য। |

অন্যান্য পুরস্কার/সম্মাননা:

❖ বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ

- ১৯ সেপ্টেম্বর ২০২৫ দক্ষিণ কোরিয়ার ৩০তম বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হয়।
- এ উৎসবে জুলাই গণ-অভ্যুত্থানকে স্মরণীয় করে রাখতে 'বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ' চালু করে বাংলাদেশের সংস্কৃতি মন্ত্রণালয়।
- ৩০তম বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ' পায় কিরগিজ ভাষার সিনেমা 'কুরাক' (কিরগিজ ভাষায়: প্যাচওয়ার্ক)।
- উৎসবে ভিশন প্রোগ্রামের আওতায় এ পুরস্কার দেওয়া হয়েছে।
- পুরস্কারের অর্থমূল্য দক্ষিণ কোরিয়ার মুদ্রায় এক লাখ ওন।

❖ উইমেন ইন ডিপ্লোমেন্সি পুরস্কার

- যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলাম 'উইমেন ইন ডিপ্লোমেন্সি' পুরস্কারে ভূষিত হন।
- ২৯ জুলাই ২০২৫ তাকে লন্ডনে কর্মরত নারী কূটনীতিকদের পেশাদারিত্ব ও বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য এই সম্মাননা দেওয়া হয়।
- লন্ডনে পৃথিবীর বিভিন্ন দেশের দূতাবাসে কর্মরত নারী কূটনীতিকদের বিশেষ ফোরাম 'উইমেন ইন ডিপ্লোমেন্সি সেক্রেটারিয়েট' এই পুরস্কার প্রদান করে।
- বাংলাদেশের হাইকমিশনার আবিদা ইসলাম 'চ্যাম্পিয়ন ফর উইমেন রাইটস রাইটস অ্যান্ড জেন্ডার ইকুয়ালিটি' ক্যাটাগরিতে সম্মাননাটি পান।
- কূটনীতিতে নারীদের অংশগ্রহণ বাড়ানো এবং নেটওয়ার্ক গড়ে তোলার জন্য 'উইমেন ইন ডিপ্লোমেন্সি নেটওয়ার্ক' গঠন করা হয়।

❖ রবীন্দ্র পুরস্কার- ২০২৫

- বাংলা একাডেমি ২০১০ সালে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সার্থশত জন্মবার্ষিকী উপলক্ষে রবীন্দ্র পুরস্কার প্রবর্তন করে।
- প্রতি বছর এই পুরস্কার দুইজন বিশিষ্ট ব্যক্তি বা গবেষককে প্রদান করা হয়, যারা সাহিত্যে, গবেষণায় কিংবা সাংস্কৃতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখেন।
- ২০২৫ সালের পুরস্কারপ্রাপ্তরা:
 - 🏆 ড. অসীম দত্ত – বিশিষ্ট গবেষক
 - 🏆 এ এম এম মহীউজজামান চৌধুরী ময়না – প্রখ্যাত সংগীতশিল্পী।

❖ নজরুল পুরস্কার- ২০২৫

- বাংলা একাডেমি ২০২২ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে স্মরণ করে নজরুল পুরস্কার প্রবর্তন করে।
- এই পুরস্কারের মাধ্যমে সাহিত্যে, সংগীতে ও সংস্কৃতিতে নজরুল-চেতনার বিস্তার ও অবদানকে সম্মানিত করা হয়।
- ২০২৫ সালের পুরস্কারপ্রাপ্তরা (পয়েন্ট আকারে):
 - অধ্যাপক আনোয়ারুল হক;
 - সংগীতশিল্পী শবনম মুশতারী।

❖ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার - ২০২৪

- বাংলাদেশের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার হলো 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার'।
- ১৯৬০ সাল থেকে এই পুরস্কার দেয়া হয়।
- বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৪ পেয়েছেন: ৭ জন সাহিত্যিক।

২০২৪ সালের পুরস্কারপ্রাপ্তরা হলেন -

| নাম | অবদান |
|------------------------|---------------------|
| মাসুদ খান | কবিতা |
| শুভাশিস সিনহা | নাটক ও নাট্যসাহিত্য |
| সলিমুল্লাহ খান | প্রবন্ধ/গদ্য |
| জি এইচ হাবীব | অনুবাদ |
| মুহম্মদ শাহজাহান মিয়া | গবেষণা |
| রেজাউর রহমান | বিজ্ঞান |
| সৈয়দ জামিল আহমেদ | ফোকলোর |

❖ আগা খান স্থাপত্য পুরস্কার

- ২০২৫ সালে বাংলাদেশের স্থপতি মেরিনা তাবাতুন্নাহ দ্বিতীয়বার স্থাপত্যের সম্মানজনক স্বীকৃতি আগা খান পুরস্কার লাভ করেন।
- তার নকশা করা 'খুদি বাড়ি' প্রকল্পের জন্য তিনি এই পুরস্কারে মনোনীত হন।
- মেরিনা তাবাতুন্নাহ ২০১৬ সালে ঢাকার দক্ষিণখানে বাইতুর-রউফ মসজিদের নকশার জন্য আগা খান স্থাপত্য পুরস্কার লাভ করেন।
- বাংলাদেশ থেকে বিজয়ী প্রকল্প
 - ✓ ১৯৮৯: গ্রামীণ ব্যাংক হাউজিং প্রোগ্রাম (ঢাকা);
 - ✓ ১৯৮৯: জাতীয় সংসদ ভবন (ঢাকা);
 - ✓ ২০০৭: METI School (রুদ্রপুর, দিনাজপুর);
 - ✓ ২০১৬: ফ্রেন্ডশিপ সেন্টার (গাইবান্ধা);
 - ✓ ২০১৬: বায়তুর রউফ মসজিদ (দক্ষিণখান, ঢাকা);
 - ✓ ২০১৯: আর্কেডিয়া এডুকেশন প্রকল্প (কেরানীগঞ্জ, ঢাকা);
 - ✓ ২০২২: আরবান রিভার স্পেসেস প্রকল্প (ঝিনাইদহ) ও : রোহিঙ্গা রিফিউজি রেসপন্স প্রোগ্রাম কমিউনিটি (কক্সবাজার)।

❖ ৭৮ তম কান চলচ্চিত্র পুরস্কার

১২-২৩ মে ২০২৫ ফ্রান্সের কান শহরে অনুষ্ঠিত হয় কান চলচ্চিত্র উৎসবের ৭৮তম আসর।

উৎসবের গুরুত্বপূর্ণ পুরস্কার-

- স্বর্ণপাম: ইট ওয়াজ জাস্ট অ্যান অ্যাকসিডেন্ট, জাফর পানাহি।
- সেরা পরিচালক: ক্লেবার মেনদোঙ্কা ফিলো (দ্য সিক্রেট এজেন্ট)।
- সেরা অভিনেত্রী: নাদিয়া মেল্লিতি (লিটল সিস্টার)।
- সেরা অভিনেতা: ওয়াগনার মোরা (দ্য সিক্রেট এজেন্ট)।
- স্বর্ণপাম (স্বল্পদৈর্ঘ্য বিভাগ): আই অ্যাম গ্ল্যাড ইউ আর ডেড নাউ, তৌফিক বারহম।
- উৎসবে বিশেষ উল্লেখযোগ্য ছবি হিসেবে স্বীকৃতি পায় আদনান আল রাজীব পরিচালিত বাংলাদেশের স্বল্পদৈর্ঘ্য সিনেমা 'আলী'।

❖ ৯৭তম অস্কার/একাডেমী পুরস্কার – ২০২৫:

একাডেমি অ্যাওয়ার্ডসের (অস্কার) ৯৭তম আসরের উল্লেখযোগ্য বিজয়ীরা হলেন –

| ক্ষেত্র | ব্যক্তি/চলচ্চিত্রের নাম |
|----------------|-------------------------|
| সেরা চলচ্চিত্র | আনোরা |
| সেরা পরিচালক | শন বেকার (আনোরা) |
| সেরা অভিনেতা | অ্যাড্রিয়েন ব্রডি |
| সেরা অভিনেত্রী | মাইকি ম্যাডিসন |

সেকশন ৪ – সমীক্ষা ও রিপোর্ট সংক্রান্ত তথ্য

❖ মানব উন্নয়ন প্রতিবেদন- ২০২৫

জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) ৬ মে ২০২৫ “Human Development Report 2025: A matter of choice: People and possibilities in the age of AI” শিরোনামে “মানব উন্নয়ন প্রতিবেদন- ২০২৫” এর ৩৩তম সংস্করণ প্রকাশ করে।

অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল: ১৯৫টি। এর মধ্যে ২টি দেশ- উত্তর কোরিয়া ও মোনাকোকে প্রয়োজনীয় তথ্যের অভাবে ক্রমিক নম্বর দেওয়া হয়নি।

প্রতিবেদন অনুযায়ী-

| বিষয় | শীর্ষ দেশ | সর্বনিম্ন দেশ |
|---------------------------------------|---|------------------------------------|
| মানব উন্নয়ন | আইসল্যান্ড (সূচক ০.৯৭২) | দক্ষিণ সুদান (সূচক ০.৩৮৮) |
| গড় আয়ু | মোনাকো (৮৬.৪ বছর) | নাইজেরিয়া (৫৪.৫ বছর) |
| মাথাপিছু আয় (ক্রয় ক্ষমতার ভিত্তিতে) | লিচটেনস্টাইন (১,৬৬,৮১২ মার্কিন ডলার) | দক্ষিণ সুদান (৬৮৮ মার্কিন ডলার) |

| প্রতিবেদনে বাংলাদেশ | |
|---------------------------------------|---|
| অবস্থান | ১৩০তম |
| সূচক | ০.৬৮৫ |
| গড় আয়ু | ৭৪.৭ বছর পুরুষ: ৭৩.০ বছর; নারী: ৭৬.৪ বছর। |
| মাথাপিছু আয় (ক্রয় ক্ষমতার ভিত্তিতে) | ৮,৪৯৮ মার্কিন ডলার পুরুষ: ১১,৮২০ মার্কিন ডলার; নারী: ৫,২৮০ মার্কিন ডলার। |
| শ্রমশক্তি অংশগ্রহণের হার | পুরুষ: ৮০.৮%; নারী: ৪৩.৪%। |
| দারিদ্র্যসীমার নিচে বসবাস | ১৮.৭% |
| মাথাপিছু কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ | ০.৭ টন |

❖ বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন- ২০২৫

প্রতিবেদনের শিরোনাম: *The pursuit of reproductive agency in a changing world.*

প্রকাশকাল: জুন ২০২৫।

প্রকাশক: জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA).

প্রতিবেদন অনুযায়ী-

- বিশ্বে জনসংখ্যা ৮২৩.২০ কোটি।
 - নারী প্রতি প্রজনন: ২.২ জন।
 - গড় আয়ু: পুরুষ- ৭১ বছর, নারী- ৭৬ বছর।
 - বাংলাদেশ বিশ্বের অষ্টম সর্বাধিক জনবহুল দেশ।
 - বাংলাদেশের বর্তমান জনসংখ্যা ১৭ কোটি ৫৭ লাখ।
- এটি অনেক দেশের তুলনায় তুলনামূলকভাবে ছোট ভূখণ্ডের ওপর হলেও অত্যন্ত ঘনবসতিপূর্ণ।
- বাংলাদেশে প্রজনন হার ২.১।
 - গড় আয়ু: পুরুষ: ৭৪ বছর; নারী: ৭৭ বছর।

প্রতিবেদনে শীর্ষ জনবহুল ৫ দেশ -

| অবস্থান | দেশ | জনসংখ্যা (কোটি) | প্রজনন (জন) | গড় আয়ু (বছর) |
|----------|--------------|-----------------|-------------|-------------------------|
| প্রথম | ভারত | ১৪৬ কোটি ৩৯ লাখ | ১.৯ | পুরুষ - ৭১ নারী - ৭৪ |
| দ্বিতীয় | চীন | ১৪১ কোটি ৬১ লাখ | ১.০ | পুরুষ - ৭৬ নারী - ৮১ |
| তৃতীয় | যুক্তরাষ্ট্র | ৩৪ কোটি ৭৩ লাখ | ১.৬ | পুরুষ - ৭৭ নারী - ৮২ |
| চতুর্থ | ইন্দোনেশিয়া | ২৮ কোটি ৫৭ লাখ | ২.১ | পুরুষ - ৬৯ নারী - ৭৪ |
| পঞ্চম | পাকিস্তান | ২৫ কোটি ৫২ লাখ | ৩.৫ | পুরুষ - ৬৬ নারী - ৭০ |

❖ World Energy Transition Index - 2025

প্রতিবেদনের শিরোনাম: Fostering Effective Energy Transition 2025.

প্রকাশকাল: জুন, ২০২৫।

প্রকাশক: World Economic Forum.

প্রতিবেদন অনুসারে -

| World Energy Transition Index - 2025 | |
|--------------------------------------|-------------------------------|
| শীর্ষ দেশ | সুইডেন |
| সর্বনিম্ন দেশ | গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র |
| বাংলাদেশের অবস্থান | ৮৬তম |

❖ বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন - ২০২৫

প্রতিবেদনের শিরোনাম: World Investment Report 2025.

প্রকাশকাল: জুন, ২০২৫।

প্রকাশক: UN Trade and Development (UNCTAD).

প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালে -

| বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ ৫ দেশ | | বিনিয়োগে শীর্ষ ৫ দেশ | |
|---------------------------------|--------------|-----------------------|--------------|
| দেশ | মিলিয়ন ডলার | দেশ | মিলিয়ন ডলার |
| যুক্তরাষ্ট্র | ২,৭৮,৮৪৮ | যুক্তরাষ্ট্র | ২,৬৬, ৩৬৭ |
| সিঙ্গাপুর | ১,৪৩,৩৫২ | জাপান | ২,০৪,৩৮০ |
| হংকং | ১,২৬,১৮১ | চীন | ১,৬২,৭৮০ |
| চীন | ১,১৬,২৩৮ | লুক্সেমবার্গ | ১,০৮,৫৯৮ |
| লুক্সেমবার্গ | ১,০৫,৯৮৭ | হংকং | ৮৭,২৪৭ |

➤ **বাংলাদেশে সরাসরি বিনিয়োগ এসেছে- ১,২৭০ মিলিয়ন ডলার।**

❖ বৈশ্বিক লিঙ্গ সমতা প্রতিবেদন- ২০২৫

প্রতিবেদনের শিরোনাম : Global Gender Gap Report 2025.

প্রকাশ: ১১ জুন ২০২৫ ।

প্রকাশক : বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF)।

অন্তর্ভুক্ত দেশ: ১৪৮টি।

প্রতিবেদন অনুযায়ী-

| Global Gender Gap Report 2025 | |
|-------------------------------|---|
| শীর্ষ দেশ | আইসল্যান্ড |
| সর্বনিম্ন দেশ | পাকিস্তান |
| বাংলাদেশের অবস্থান | ২৪ তম |
| সার্কভুক্ত দেশের অবস্থান | ২৪. বাংলাদেশ, ১১৯. ভুটান, ১২৫. নেপাল, ১৩০. শ্রীলংকা, ১৩১. ভারত, ১৩৮. মালদ্বীপ ও ১৪৮. পাকিস্তান। |

❖ বৈশ্বিক শান্তি সূচক- ২০২৫

প্রতিবেদনের শিরোনাম : Global Peace Index 2025.

প্রকাশ: জুন ২০২৫ ।

প্রকাশক: অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক Institute for Economics and Peace (IEP)।

অন্তর্ভুক্ত দেশ: ১৬৩টি।

সূচক অনুযায়ী-

| Global Peace Index 2025 | |
|--------------------------|--|
| সবচেয়ে শান্তিপূর্ণ দেশ | আইসল্যান্ড |
| সর্বনিম্ন দেশ | রাশিয়া |
| বাংলাদেশের অবস্থান | ১২৩ তম |
| সার্কভুক্ত দেশের অবস্থান | ২১. ভুটান, ৭৬. নেপাল, ৯৭. শ্রীলংকা, ১১৫. ভারত, ১২৩. বাংলাদেশ, ১৪৪. পাকিস্তান ও ১৫৮. আফগানিস্তান। |

❖ Food Outlook- 2025

সূচকের শিরোনাম: Food Outlook 2025.

প্রকাশ: জুন ২০২৫।

প্রকাশক: জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO)।

- বিশ্বে ধান উৎপাদনে বাংলাদেশ- তৃতীয়।
- বিশ্বে গম আমদানিতে বাংলাদেশ- অষ্টম।

প্রতিবেদন অনুযায়ী, শীর্ষ দেশ-

| Food Outlook 2025 | | | |
|-------------------|--------------|----------|--------------|
| পণ্য | উৎপাদন | আমদানি | রপ্তানি |
| গম | চীন | মিসর | রাশিয়া |
| ভুট্টা | যুক্তরাষ্ট্র | মেক্সিকো | যুক্তরাষ্ট্র |
| ধান | ভারত | - | ভারত |

❖ অর্থনৈতিক স্বাধীনতা সূচক- ২০২৫

সূচকের শিরোনাম: 2025 Index of Economic Freedom

প্রকাশ: ফেব্রুয়ারি ২০২৫।

প্রকাশক: The Heritage Foundation, যুক্তরাষ্ট্র।

অন্তর্ভুক্ত দেশ: ১৭৬।

সূচক অনুযায়ী-

| অর্থনৈতিক স্বাধীনতা সূচক- ২০২৫ | |
|--------------------------------|---|
| শীর্ষ দেশ | সিঙ্গাপুর |
| সর্বনিম্ন দেশ | উত্তর কোরিয়া |
| বাংলাদেশের অবস্থান | ১২২তম |
| সার্কভুক্ত দেশের অবস্থান | ১০২. ভুটান, ১২৮. ভারত, ১৩১. নেপাল, ১৪৮. শ্রীলংকা, ১৫০. পাকিস্তান ও ১৫৫. মালদ্বীপ। |

❖ বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক- ২০২৫

সূচকের শিরোনাম: RSF World Press Freedom Index 2025.

প্রকাশ: ২ মে ২০২৫।

প্রকাশক: ফ্রান্সভিত্তিক অলাভজনক সংস্থা Reporters Without Borders (RSF).

অন্তর্ভুক্ত দেশ: ১৮০টি।

সূচক অনুযায়ী-

| বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক- ২০২৫ | |
|---------------------------------|--|
| শীর্ষ দেশ | নরওয়ে |
| সর্বনিম্ন দেশ | ইরিত্রিয়া |
| বাংলাদেশের অবস্থান | ১৪৯তম |
| সার্কভুক্ত দেশের অবস্থান | ৯০. নেপাল, ১০৪. মালদ্বীপ, ১৩৯. শ্রীলংকা, ১৫১. ভারত, ১৫২. ভুটান, ১৫৮. পাকিস্তান ও ১৭৫. আফগানিস্তান। |

❖ বৈশ্বিক সামরিক শক্তি সূচক- ২০২৫

প্রকাশক: গ্লোবাল ফায়ার পাওয়ার

অন্তর্ভুক্ত দেশ: ১৪৫টি দেশ।

প্রতিবেদন অনুসারে -

| ক্যাটাগরি | দেশের নাম |
|--|--------------|
| শীর্ষ দেশ | যুক্তরাষ্ট্র |
| সর্বনিম্ন অবস্থানে | ভুটান |
| বাংলাদেশের অবস্থান | ৩৫তম |
| সার্কভুক্ত দেশের মধ্যে শীর্ষ অবস্থানে রয়েছে | ভারত (৪র্থ) |

❖ বৈশ্বিক সুখ প্রতিবেদন- ২০২৫

প্রতিবেদনের শিরোনাম: World Happiness Report- 2025.

প্রকাশকাল: ২০ মার্চ ২০২৫।

প্রকাশক: United Nations Sustainable Development Solutions Network (SDSN).

অন্তর্ভুক্ত দেশ: ১৪৭টি দেশ।

সূচক অনুযায়ী-

| বৈশ্বিক সুখ প্রতিবেদন- ২০২৫ | |
|-----------------------------|-------------|
| শীর্ষ দেশ | ফিনল্যান্ড |
| সর্বনিম্ন দেশ | আফগানিস্তান |
| বাংলাদেশের অবস্থান | ১৩৪তম |

❖ বিশ্ব বাণিজ্য পরিসংখ্যান- ২০২৪

প্রতিবেদনের শিরোনাম: World Trade Statistics: Key Insights and Trends in 2024.

প্রকাশকাল: : জুলাই, ২০২৫।

প্রকাশক: বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)।

রপ্তানি ও আমদানিতে শীর্ষ ৫ দেশ (হিসাব মি.মা.ড.)

| রপ্তানি | | | আমদানি | |
|---------|---------------|-----------|---------------|-----------|
| তম | দেশ | পরিমাণ | দেশ | পরিমাণ |
| ১ম | চীন | ৩,৫৭৬,৭৬৫ | যুক্তরাষ্ট্র | ৩৩,৫৯,৩১৯ |
| ২য় | যুক্তরাষ্ট্র | ২,০৬৫,১৮০ | চীন | ২৫,৮৭,২৩৪ |
| ৩য় | জার্মানি | ১,৬৮২,৮৮৮ | জার্মানি | ১৪,২৪,৫৪৫ |
| ৪র্থ | নেদারল্যান্ডস | ৯,২১,৩৫৬ | যুক্তরাজ্য | ৮,১৫,৯৭৩ |
| ৫ম | জাপান | ৭০৭,০২৮ | নেদারল্যান্ডস | ৮,১১,৬৩৩ |

রপ্তানি ও আমদানিতে সার্কভুক্ত দেশসমূহের অবস্থান

| রপ্তানি | | | আমদানি | |
|---------|-------------|---------|-------------|----------|
| তম | দেশ | পরিমাণ | দেশ | পরিমাণ |
| ১৮ | ভারত | ৪৪২,৬০০ | ভারত | ৭,০১,৫৯৬ |
| ৫৮ | বাংলাদেশ | ৪৭,২৪৫ | বাংলাদেশ | ৬৭,৮৮০ |
| ৬৮ | পাকিস্তান | ৩২,৩২১ | পাকিস্তান | ৫৬,৪৬৮ |
| ৯৪ | শ্রীলংকা | ১২,৭৭২ | শ্রীলংকা | ১৮,৮৪১ |
| ১৫১ | নেপাল | ১,২৪৪ | নেপাল | ১৩,২৭৩ |
| ১৫৬ | আফগানিস্তান | ৮৮০ | আফগানিস্তান | ৮,৬৩৮ |
| ১৫৭ | ভুটান | ৭৭৫ | মালদ্বীপ | ৩,৬৩৭ |
| ১৬৬ | মালদ্বীপ | ৩৮৩ | ভুটান | ১,৪৭১ |

বস্ত্র ও তৈরি পোশাক রপ্তানি ও আমদানিতে শীর্ষ ৫ দেশ

| রপ্তানি | | | আমদানি | |
|---------|--------------|------------|--------------|----------------|
| তম | বস্ত্র | তৈরি পোশাক | বস্ত্র | তৈরি পোশাক |
| ১ম | চীন | চীন | যুক্তরাষ্ট্র | যুক্তরাষ্ট্র |
| ২য় | ভারত | বাংলাদেশ | ভিয়েতনাম | জাপান |
| ৩য় | তুরস্ক | ভিয়েতনাম | বাংলাদেশ | যুক্তরাজ্য |
| ৪র্থ | যুক্তরাষ্ট্র | তুরস্ক | চীন | দক্ষিণ কোরিয়া |
| ৫ম | ভিয়েতনাম | ভারত | জাপান | কানাডা |

❖ টেকসই উন্নয়ন প্রতিবেদন- ২০২৫:

প্রতিবেদনের শিরোনাম: Sustainable Development Report 2025.

প্রকাশকাল: জুলাই, ২০২৫।

প্রকাশক: জাতিসংঘের Sustainable Development Solutions Network (SDSN)

অন্তর্ভুক্ত দেশ: ১৬৭টি।

প্রতিবেদন অনুসারে -

| Sustainable Development Report 2025 | |
|-------------------------------------|--|
| শীর্ষ ৩ দেশ | ১. ফিনল্যান্ড, ২. সুইডেন ও ৩. ডেনমার্ক। |
| সর্বনিম্ন ৩ দেশ | ১৬৭. দক্ষিণ সুদান, ১৬৬. মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র ও ১৬৫. শাদ। |
| বাংলাদেশের অবস্থান | ১১৪তম |
| সার্কভুক্ত দেশের অবস্থান | ৫৩. মালদ্বীপ, ৭৪. ভুটান, ৮৫. নেপাল, ৯৩. শ্রীলংকা, ৯৯. ভারত, ১১৪. বাংলাদেশ, ১৪০. পাকিস্তান ও ১৬০. আফগানিস্তান। |

❖ বিশ্ব বাসযোগ্যতার সূচক - ২০২৫

প্রতিবেদনের শিরোনাম: Global Liveability Index 2025.

প্রকাশকাল: জুন, ২০২৫।

প্রকাশক: যুক্তরাজ্যভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান দ্য ইকোনমিক ইন্টেলিজেন্স ইউনিট (EIU)।

সূচক অনুযায়ী-

| Global Liveability Index 2025 | |
|-------------------------------|---|
| শীর্ষ ৩ শহর | ১. কোপেনহেগেন (ডেনমার্ক), ২. ভিয়েনা (অস্ট্রিয়া) ও ৩. জুরিখ (সুইজারল্যান্ড)। |
| সর্বনিম্ন ৩ শহর | ১৭৩. দামেস্ক (সিরিয়া), ১৭২. ত্রিপোলি (লিবিয়া) ও ১৭১. ঢাকা (বাংলাদেশ)। |

❖ বৈশ্বিক উদ্ভাবনী সূচক- ২০২৫

প্রকাশ: ১৬ সেপ্টেম্বর ২০২৫।

প্রকাশক: ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি অর্গানাইজেশন (WIPO)।

সূচকের শিরোনাম: Global Innovation Index (GII) 2025.

অন্তর্ভুক্ত দেশ: ১৩৯।

সূচক অনুযায়ী-

| শীর্ষ ৫ দেশ | সর্বনিম্ন ৫ দেশ | সার্কভুক্ত দেশের অবস্থান |
|-------------------|------------------|--------------------------|
| ১. সুইজারল্যান্ড | ১৩৯. নাইজার | ৩৮. ভারত |
| ২. সুইডেন | ১৩৮. অ্যাঙ্গোলা | ৯৩. শ্রীলংকা |
| ৩. যুক্তরাষ্ট্র | ১৩৭. কম্বো | ৯৯. পাকিস্তান |
| ৪. দক্ষিণ কোরিয়া | ১৩৬. ভেনিজুয়েলা | ১০৬. বাংলাদেশ |
| ৫. সিঙ্গাপুর | ১৩৫. মালি | ১০৭. নেপাল |

❖ জাতীয় বাজেট: ২০২৫-২৬

এক নজরে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেট:

| বিষয় | বর্ণনা/পরিমাণ |
|-------------------------|---|
| বাজেটের ক্রম | ৫৪-তম (অন্তর্বর্তীকালীনসহ ৫৫-তম) (ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের ১ম বাজেট) |
| বাজেটের স্লোগান/শিরোনাম | 'বৈষম্যহীন ও টেকসই অর্থনৈতিক ব্যবস্থা গড়ার প্রত্যয়' |
| বাজেট উত্থাপনের তারিখ | ২ জুন, ২০২৫ সাল [টেলিভিশন] |
| বাজেট উত্থাপনকারী | ড. সালেহউদ্দিন আহমেদ (অর্থ উপদেষ্টা) |
| বাজেট অনুমোদন ও কার্যকর | অনুমোদন - ২২ জুন, ২০২৫ |

| | |
|---------------------------------|---|
| | কার্যকর - ১ জুলাই, ২০২৫ |
| জিডিপির আকার | ৬২ লাখ ৪৪ হাজার ৫৭৮ কোটি টাকা |
| অনুমিত জিডিপি প্রবৃদ্ধির হার | ৫.৫ শতাংশ |
| বাজেটের আকার | মোট ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা (জিডিপি ১২.৭%) |
| রাজস্ব প্রাপ্তি | ৫ লক্ষ ৬৪ হাজার কোটি টাকা (অনুদান ব্যতীত) |
| বাজেট ঘাটতি | ২ লাখ ২৬ হাজার কোটি টাকা (অনুদান ব্যতীত) ২,২১,০০০ কোটি টাকা (অনুদান সহ) |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) | ২ লাখ ৩০ হাজার কোটি টাকা (জিডিপি ৩.৭%) |
| উন্নয়ন বাজেটে বরাদ্দের পরিমাণ | ২,৪৫,৬০৯ কোটি টাকা |
| পরিচালন বাজেট (অনুন্নয়ন বাজেট) | ৫,৩৫,৩১৭ কোটি টাকা (ঋণ, অগ্রিম ও দেনা পরিশোধ, খাদ্য হিসাব ও কাঠামোগত সমন্বয় বাদে) |
| সামাজিক অবকাঠামো খাতে বরাদ্দ | ২ লক্ষ ৭ হাজার ৬২৯ কোটি টাকা (মোট বরাদ্দের ২৬.২৮%) |
| অনুমিত মুদ্রাস্ফীতির হার | ৬.৫% |

সার্বিকভাবে (পরিচালন ও উন্নয়ন) বাজেটে সর্বোচ্চ বরাদ্দ পাওয়া কয়েকটি খাত:

| ক্রম | খাতের নাম | পরিমাণ (কোটি টাকা) | হার (%) |
|----------|--------------------|--------------------|---------|
| প্রথম | জনপ্রশাসন | ১,৮৬,০৮৮ | ২৩.৫% |
| দ্বিতীয় | শিক্ষা ও প্রযুক্তি | ১,১০,৬৫৭ | ১৪% |
| তৃতীয় | পরিবহন ও যোগাযোগ | ৭১,৩৪৪ | ৯% |

করমুক্ত আয়সীমা

২০২৫-২৬, ২০২৬-২৭ এবং ২০২৭-২৮ অর্থবছরে বিভিন্ন শ্রেণির মানুষের করমুক্ত আয়সীমা নিম্নরূপ -

| ক্যাটাগরি | করমুক্ত আয়সীমা (টাকা) (২০২৫-২৬) | প্রস্তাবিত করমুক্ত আয়সীমা (টাকা) (২০২৬-২৭ ও ২০২৭-২৮) |
|--|-------------------------------------|--|
| সাধারণ করদাতা | ৩,৫০,০০০ | ৩,৭৫,০০০ |
| মহিলা ও ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতা | ৪,০০,০০০ | ৪,২৫,০০০ |
| প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ করদাতা | ৪,৭৫,০০০ | ৫,০০,০০০ |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা | ৫,০০,০০০ | ৫,২৫,০০০ |
| গেজেটভুক্ত 'জুলাই যোদ্ধা' | - | ৫,২৫,০০০ |

কর ধাপ ও কর হার:

| অর্থবছর: ২০২৫-২৬ | | অর্থবছর: ২০২৬-২৭, ২০২৭-২৮ (প্রস্তাবিত) | |
|--------------------------|--------|--|--------|
| কর ধাপ | কর হার | কর ধাপ | কর হার |
| ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত | ০% | ৩,৭৫,০০০/- টাকা পর্যন্ত | ০% |
| পরবর্তী ১,০০,০০০/- টাকা | ৫% | পরবর্তী ৩,০০,০০০/- টাকা | ১০% |
| পরবর্তী ৩,০০,০০০/- টাকা | ১০% | পরবর্তী ৪,০০,০০০/- টাকা | ১৫% |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা | ১৫% | পরবর্তী ৫,০০,০০০/- টাকা | ২০% |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকা | ২০% | পরবর্তী ২০,০০,০০০/- টাকা | ২৫% |
| পরবর্তী ২০,০০,০০০/- টাকা | ২৫% | অবশিষ্ট টাকার উপর | ৩০% |
| অবশিষ্ট টাকার উপর | ৩০% | - | - |

❖ GDP'র সাময়িক হিসাব: ২০২৪-২৫

২৭ মে ২০২৫ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) ২০২৪-২৫ অর্থবছরের সাময়িক GDP'র খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধির হার এবং মাথাপিছু আয়ের সাময়িক হিসাব প্রকাশ করে।

| GDP'র খাতওয়ারি অবদান ও প্রবৃদ্ধির হার (ভিত্তি বছর ২০১৫-২০১৬) | | | | |
|--|-----------------|---------|--------------------|---------|
| খাতসমূহ | অবদানের হার (%) | | প্রবৃদ্ধির হার (%) | |
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| কৃষি | ১১.১৯ | ১০.৯৪ | ৩.৩০ | ১.৭৯ |
| শিল্প | ৩৭.৩৭ | ৩৭.৪৪ | ৩.৫১ | ৪.৩৪ |
| সেবা | ৫১.৪৪ | ৫১.৬২ | ৫.০৯ | ৪.৫১ |
| সার্বিক GDP (উৎপাদন মূল্যে) | ১০০.০০ | ১০০.০০ | ৪.২২ | ৩.৯৭ |

| GDP ও মাথাপিছু আয়ের তথ্য | | |
|---------------------------|------------|-------------------|
| বিষয় | ২০২৩-২৪ | ২০২৪-২৫ (সাময়িক) |
| GDP (মিলিয়ন টাকা) | ৫০,০২৬,৫৩৭ | ৫৫,৫২৭,৫২৭ |
| GDP (মিলিয়ন ডলার) | ৪৫০,৪৬১ | ৪৬১,৬২৮ |
| GNI (মিলিয়ন টাকা) | ৫২,১৮০,৮১০ | ৫৮,৬৩১,২৪৫ |
| GNI (মিলিয়ন ডলার) | ৪৬৯,৮৫৯ | ৪৮৭,৪৩১ |
| জনসংখ্যা (মিলিয়ন) | ১৭১.৫৯ | ১৭২.৮৫ |
| মাথাপিছু GDP (টাকা) | ২৯১,৫৪৭ | ৩২১,২৫৪ |
| মাথাপিছু GDP (ডলার) | ২,৬২৫ | ২,৬৭১ |
| মাথাপিছু GNI (টাকা) | ৩০৪,১০২ | ৩৩৯,২১১ |
| মাথাপিছু GNI (ডলার) | ২,৭৩৮ | ২,৮২০ |

❖ কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ- ২০২৪

প্রকাশ: জুন ২০২৫।

প্রকাশক: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)

নিম্নে বাংলাদেশের ২০২৩-২৪ বছরের মোট ফসল উৎপাদনের সার্বিক চিত্র দেওয়া হলো:

| ফসলের নাম ও বিবরণ | অন্যান্য বিবরণ | উৎপাদনের পরিমাণ (মেট্রিক টন) | আবাদকৃত জমি (একর) | উৎপাদনে শীর্ষ (বিভাগ) | উৎপাদনে শীর্ষ (জেলা) |
|----------------------|---------------------------------|------------------------------------|----------------------|--------------------------|-------------------------|
| ধান | মোট উৎপাদন | ৪০৬.৯৭ লক্ষ | ২৮৮.২০ লক্ষ | রংপুর বিভাগ | ময়মনসিংহ |
| | আউশ ধান (স্থানীয় + অন্যান্য) | ২৯.৭৩ লক্ষ | ২৫.৫৭ লক্ষ | চট্টগ্রাম | কুমিল্লা |
| | আমন ধান (স্থানীয় + অন্যান্য) | ১৬৬.৫৬ লক্ষ | ১৪২.১০ লক্ষ | রংপুর | দিনাজপুর |
| | বোরো ধান (স্থানীয় + অন্যান্য) | ২১০.৬৮ লক্ষ | ১২০.৫৩ লক্ষ | রাজশাহী | ময়মনসিংহ |
| গম | - | ১১.৭২ লক্ষ | ৭.৭০ লক্ষ | রাজশাহী | ঠাকুরগাঁও |
| চিনি জাতীয় ফসল | আখ, পাম, পাঁকা তাল ইত্যাদিসহ | ৩৪.০৯ লক্ষ | ২.৫০ লক্ষ | - | - |
| | আখ | ২৯.৩৪ লক্ষ | ১.৬৭ লক্ষ | রাজশাহী | নাটোর |
| পাট (Jute) | মোট উৎপাদন | ৯৫.৮১ লক্ষ (বেল) | ১৭.৮৮ লক্ষ | ঢাকা | ফরিদপুর |
| তুলা | (রবি + খরিফ) | ৬৭,৩৪৫.২ হাজার (বেল) | ২৮ হাজার একর | খুলনা | ঝিনাইদহ |
| চা | - | ১.০১ লক্ষ | ১.৪৫ লক্ষ | সিলেট | মৌলভীবাজার |
| তামাক | মোট উৎপাদন | ৯৮ হাজার | ১.০১ লক্ষ | খুলনা | কুষ্টিয়া |
| আলু | মিষ্টি আলুবাদে | ১০৬.০১ লক্ষ | ১১.৩৩ লক্ষ | রংপুর | রংপুর |
| পেঁয়াজ | - | ২৯.১৭ লক্ষ | ৫.১৩ লক্ষ | ঢাকা | পাবনা |
| আম | - | ১৮.৪২ লক্ষ | ৩.৯১ লক্ষ | রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ |

❖ জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক

প্রতিবেদনের শিরোনাম: National Multidimensional Poverty Index For Bangladesh.

প্রকাশকাল: ৩১ জুলাই, ২০২৫।

প্রকাশক: পরিকল্পনা কমিশনের আওতাধীন সাধারণ অর্থনীতি বিভাগ (GED)।

- বহুমাত্রিক দারিদ্র্যের হার ১১টি সূচকের সমন্বয়ে হিসাব করা হয়।
- ২০১৬ সালের খানা আয়-ব্যয় জরিপ (HIES) এবং ২০১৯ সালের বহু সূচক বিশিষ্ট গুচ্ছ জরিপের (Multiple Indicator Cluster Survey) ওপর ভিত্তি করে এই প্রতিবেদন প্রণয়ন করা হয়।

| বহুমাত্রিক দারিদ্র্য | |
|----------------------|------------------------|
| বহুমাত্রিক দারিদ্র্য | ২৪.০৫% (৩ কোটি ৯৮ লাখ) |
| গ্রামীণ | ২৬.৯৬% |
| শহরে | ১৩.৪৮% |
| ০-৯ বছর | ২৮.৬৪% |

| | |
|--------------------------------------|-----------------------------------|
| ১০-১৭ বছর | ২৮.৮৩% |
| প্রাপ্ত বয়স্ক (১৭ বছরের বেশি বয়সি) | ২১.৪৪% |
| সবচেয়ে বেশি | সিলেট (বিভাগ) বান্দরবান (জেলা) |
| সবচেয়ে কম | খুলনা (বিভাগ) ঝিনাইদহ (জেলা) |

| বিভাগভিত্তিক (%) | |
|------------------|-------|
| সিলেট | ৩৭.৭০ |
| ময়মনসিংহ | ৩৪.৯৫ |
| বরিশাল | ৩১.৫৭ |
| চট্টগ্রাম | ২৭.২৪ |
| রংপুর | ২৫.০৪ |
| রাজশাহী | ২২.২৬ |
| ঢাকা | ১৬.৯৫ |
| খুলনা | ১৫.২২ |

শীর্ষ ৫ জেলা

| ২০১৬ সালের HIS অনুযায়ী | | বহুমাত্রিক দারিদ্র্য | |
|-------------------------|--------------|----------------------|--------------|
| জেলা | দারিদ্র্য(%) | জেলা | দারিদ্র্য(%) |
| কুড়িগ্রাম | ৭০.৮০ | বান্দরবান | ৬৫.৩৬ |
| দিনাজপুর | ৬৪.৩০ | কক্সবাজার | ৪৭.৭০ |
| বান্দরবান | ৬৩.২০ | সুনামগঞ্জ | ৪৭.৩৬ |
| মাগুরা | ৫৬.৭০ | রাঙ্গামাটি | ৪৫.৮৯ |
| কিশোরগঞ্জ | ৫৩.৫০ | ভোলা | ৪৫.১২ |

সর্বনিম্ন ৫ জেলা

| ২০১৬ সালের HIS অনুযায়ী | | বহুমাত্রিক দারিদ্র্য | |
|-------------------------|--------------|----------------------|--------------|
| জেলা | দারিদ্র্য(%) | জেলা | দারিদ্র্য(%) |
| নারায়ণগঞ্জ | ২.৬০ | ঝিনাইদহ | ৮.৬৬ |
| মুন্সীগঞ্জ | ৩.১০ | ঢাকা | ৯.১৯ |
| মাদারীপুর | ৩.৭০ | গাজীপুর | ৯.৬৩ |
| গাজীপুর | ৬.৯০ | যশোর | ১০.৫৮ |
| ফরিদপুর | ৭.৭০ | মেহেরপুর | ১১.০৮ |

❖ শ্রমশক্তি জরিপ- ২০২৪

| শ্রমশক্তি জরিপ ২০২৪ (প্রকাশ: ১১ সেপ্টেম্বর, ২০২৫) | | |
|--|----------------|----------------|
| ক্যাটাগরি | ২০২৩ (মিলিয়ন) | ২০২৪ (মিলিয়ন) |
| শ্রমশক্তি | ৭৩.৪৫ | ৭১.৭১ |
| কর্মে নিয়োজিত | ৭০.৯৮ | ৬৯.০৯ |
| বেকার | ২.৪৬ | ২.৬২ |
| শ্রমশক্তির বাহিরে | ৪৭.১৭ | ৫০.০৪ |
| শ্রমশক্তি (১৫-২৪ বছর) | ১৩.৮৪ | ১৩.৬১ |
| যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর) | ২৬.৭৬ | ২৪.৮৩ |
| বেকারত্ব (%) | ৩.৩৫ | ৩.৬৬ |
| শ্রমশক্তিতে অংশগ্রহণকারী (%) | ৬০.৯০ | ৫৮.৯০ |

| সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী | | | | |
|---------------------------------------|--------|---------|--------|---------|
| খাত | ২০২৩ | | ২০২৪ | |
| | সংখ্যা | শতকরা | সংখ্যা | শতকরা |
| কৃষি | ৩১.৫৩ | ৪৪.৪২% | ৩০.৮৭ | ৪৪.৬৭% |
| শিল্প | ১২.২৫ | ১৭.২৬% | ১২.০০ | ১৭.৩৭% |
| সেবা | ২৭.২০ | ৩৮.৩২% | ২৬.২২ | ৩৭.৯৬% |
| মোট | ৭০.৯৮ | ১০০.০০% | ৬৯.০৯ | ১০০.০০% |

| বিভাগভিত্তিক | |
|--------------|----------|
| ঢাকা | ৬.৮৭ লাখ |
| চট্টগ্রাম | ৫.৮৪ লাখ |
| রাজশাহী | ৩.৫৭ লাখ |
| খুলনা | ৩.৩১ লাখ |
| সিলেট | ২.১৬ লাখ |
| রংপুর | ২.৬ লাখ |
| বরিশাল | ১.৩৯ লাখ |
| ময়মনসিংহ | ১.৪ লাখ |

❖ প্রাথমিক বিদ্যালয় শুমারি, ২০২৪

- প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান: ১,১৮,৬০৭টি;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়: ৬৫,৫৬৭;
- বেসরকারি প্রাথমিক বিদ্যালয়: ৫,১৮৭;
- মোট শিক্ষার্থী: ২,০১,৮৫,১৫২;

- সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী: ১,০৬,২০,০৬৬;
- মোট শিক্ষক: ৭,০৭,২১৬;
- সরকারি বিদ্যালয়ে শিক্ষক: ৩,৮৩,৬২৪;
- শিক্ষক-শিক্ষার্থী অনুপাত: ১:২৯;
- ঝরে পড়ার হার: ১৬.২৫%;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী: ১,০২,৬৫৬;
- প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান- সর্বাধিক ঢাকা জেলা (৫,২৫০টি); সবচেয়ে কম: মেহেরপুর জেলা (৪৬৫টি);
- সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান- সর্বাধিক চট্টগ্রাম জেলা (২,২৭১টি); কম: মেহেরপুর জেলা (৩০৯টি)।

সেকশন ৫ – আলোচিত ঘটনাবলি

বাংলাদেশ বিষয়াবলি

জুলাই ছাত্র - জনতা অভ্যুত্থান:

আন্দোলনের উল্লেখযোগ্য ঘটনাপ্রবাহ

| কর্মসূচী | সময়কাল |
|---|----------------|
| বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন শুরু | ১ জুলাই, ২০২৪ |
| বাংলা ব্লকেড কর্মসূচি শুরু | ০৭ জুলাই, ২০২৪ |
| সম্পূর্ণ শাটডাউন বা সর্বাঙ্গিক অবরোধ | ১৮ জুলাই, ২০২৪ |
| রাষ্ট্রীয় শোককে প্রহসন ফেসবুক প্রোফাইল লাল করার এবং চোখে লাল কাপড় বেঁধে ছবি পোস্ট | ৩০ জুলাই, ২০২৪ |
| ‘রিমেম্বারিং আওয়ার হিরোজ’ | ৩১ জুলাই, ২০২৪ |
| ‘মার্চ ফর জাস্টিস’ | ৩১ জুলাই, ২০২৪ |
| ‘অসহযোগ আন্দোলন’ | ৪ আগস্ট, ২০২৪ |
| ‘মার্চ টু ঢাকা’ | ৫ আগস্ট, ২০২৪ |

জুলাই ঘোষণাপত্র:

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস ৫ আগস্ট ২০২৫ রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে ‘৩৬ জুলাই উদযাপন’ অনুষ্ঠানে ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের স্মরণে জুলাই ঘোষণাপত্র পাঠ করেন। ২৮ দফার এই ঘোষণাপত্রে বাংলাদেশের ইতিহাসে গণতান্ত্রিক সংগ্রাম, মুক্তিযুদ্ধ, সামরিক ও একদলীয় শাসনের বিপরীতে জনগণের প্রতিরোধ, ছাত্র-জনতার আন্দোলন এবং শেখ হাসিনা সরকারের ফ্যাসিবাদী ও দুর্নীতিপূর্ণ শাসনের সমালোচনা তুলে ধরা হয়েছে। পাশাপাশি, জনগণের সার্বভৌমত্ব ও গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা, শহীদ ও আহতদের সুরক্ষা, সুষ্ঠু নির্বাচন, সংবিধান সংস্কার এবং টেকসই, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করার আহ্বান এবং ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানকে রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতি প্রদানের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

বাংলাদেশে স্টারলিংক সেবা

বাংলাদেশে স্যাটেলাইট ইন্টারনেট সেবা চালুর জন্য স্পেসএক্সের সহযোগী প্রতিষ্ঠান স্টারলিংককে অনুমোদন দিয়েছে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)। বাংলাদেশ বিনিয়োগ সম্মেলনের ভেন্যু রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ৯ এপ্রিল, ২০২৫ পরীক্ষামূলকভাবে স্টারলিংকের ইন্টারনেট সেবা ব্যবহার করা হয়। ২০ মে, ২০২৫ বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে স্টারলিংক। প্রাথমিকভাবে স্টারলিংক দুটি প্যাকেজ নিয়ে বাংলাদেশে তাদের সেবা চালু করছে। প্যাকেজ দুটি হলো – স্টারলিংক

রেসিডেন্স এবং রেসিডেন্স লাইট। এর মধ্যে স্টারলিংক রেসিডেনশিয়াল প্যাকেজের মাসিক খরচ ধরা হয়েছে ৬০০০ টাকা এবং রেসিডেনশিয়াল লাইট প্যাকেজের মাসিক খরচ ৪২০০ টাকা। তবে উভয় প্যাকেজের জন্যই গ্রাহকদেরকে ৪৭ হাজার টাকা এককালীন যন্ত্রপাতির খরচ বহন করতে হবে।

মার্কিন শুল্ক হ্রাস: বাংলাদেশের কূটনৈতিক সাফল্য ও অর্থনৈতিক সম্ভাবনা

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের তৃতীয় দফার বাণিজ্য আলোচনার মাধ্যমে দেশটির ওপর আরোপিত শুল্ক ৩৫ শতাংশ থেকে কমিয়ে ২০ শতাংশ করা হয়েছে, যা বাংলাদেশের রপ্তানি খাতের জন্য গুরুত্বপূর্ণ কূটনৈতিক সাফল্য হিসেবে ধরা হচ্ছে। এই হ্রাস বাংলাদেশের আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক অবস্থান শক্তিশালী করেছে, বিশেষ করে ভারতের তুলনায় সুবিধাজনক পরিস্থিতি তৈরি করেছে। তবে বিদ্যুৎ ও গ্যাসের ঘাটতি, বন্দর ও লজিস্টিক বিলম্ব, শ্রমিক অসন্তোষ এবং চীন থেকে কাঁচামাল আমদানির ট্রানশিপমেন্ট ট্যারিফ নতুন চ্যালেঞ্জ হিসেবে রয়ে গেছে। শুল্ক হ্রাসের বিনিময়ে বাংলাদেশ কিছু প্রতিশ্রুতি দিয়েছে, যেমন আমদানি বৃদ্ধি ও বোয়িং বিমান কেনা।

বাংলাদেশে ফাইভ-জি যুগের সূচনা

বাংলাদেশে মোবাইল প্রযুক্তির সূচনা হয়েছিল ১৯৮০-এর দশকের শেষদিকে ওয়ান-জি প্রযুক্তির মাধ্যমে। এরপর ১৯৯৬ সালে টু-জি, ২০১৩ সালে থ্রি-জি এবং ২০১৮ সালে ফোর-জি চালু হয়। ফাইভ-জি নিয়ে বাংলাদেশে আলোচনা প্রায় পাঁচ বছর ধরে চলছিল। ২০২১ সালে প্রথম ফাইভ-জি পরীক্ষা হয় এবং ২০২২ সালে বিটিআরসি তরঙ্গ নিলামের মাধ্যমে পরীক্ষামূলক ব্যবহার শুরু হয়। সম্প্রতি, বাংলাদেশে ১ সেপ্টেম্বর ২০২৫ গ্রামীণফোন ও রবি আজিয়াটা বাণিজ্যিকভাবে ফাইভ-জি প্রযুক্তি চালু করেছে। রাজধানীসহ বিভিন্ন শহরে প্রথম পর্যায়ে সেবা দেওয়া শুরু হয়েছে, যা ফোর-জির চেয়ে ১০ থেকে ২০ গুণ দ্রুত। ফাইভ-জি ব্যবহারকারীদের জন্য ইন্টারনেট গতি বৃদ্ধি, ভিডিও স্ট্রিমিং, আইওটি, স্মার্ট সিটি, টেলিমেডিসিন, ক্লাউড গেমিং এবং স্বচালিত গাড়ির মতো আধুনিক প্রযুক্তিতে সুবিধা নিশ্চিত করবে।

বাংলাদেশের ঔষুধশিল্পে প্রথম মার্কিন পেটেন্ট অর্জন

বাংলাদেশের গ্লোব বায়োটেকের আবিষ্কৃত কোভিড-১৯ টিকা ‘বঙ্গভ্যাক্স’ মার্কিন পেটেন্ট লাভ করেছে, যা দেশের স্বাধীনতার ৫৪ বছরে প্রথমবারের মতো আন্তর্জাতিক স্বীকৃতি। ২০২০ সালে বিশ্বব্যাপী করোনা মহামারির সময় গ্লোব বায়োটেকের বিজ্ঞানী ড. কাকন নাগ ও ড. নাজনীন সুলতানার তত্ত্বাবধানে জাতীয় প্রয়োজনে কোভিড-১৯ শনাক্তকরণ কিট, টিকা ও ঔষুধ তৈরির গবেষণা শুরু হয়। ওই গবেষণায় আবিষ্কৃত এমআরএনএ টিকাটি বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল (বিএমআরসি) এবং ঔষধ প্রশাসন অধিদপ্তর (ডিজিডিএ) কর্তৃক ক্লিনিক্যাল ট্রায়ালের অনুমোদন লাভ করে। পেটেন্টের বিষয়বস্তু অনুযায়ী, বঙ্গভ্যাক্স একটি নিজস্ব উদ্ভাবিত মৌলিক প্রযুক্তির এমআরএনএ টিকা। টিকা তৈরিতে ন্যানোটেকনোলজির ব্যবহার করা হয়েছে। এটি বিশ্বের একমাত্র এক ডোজের ভ্যারিয়েন্ট-বিরোধী কার্যকরী কোভিড টিকা। এই প্রযুক্তি ব্যবহার করে এমআরএনএ ছাড়াও অন্যান্য প্রযুক্তির ভ্যাকসিন এবং ক্যানসার, ডায়াবেটিসের মতো দুরারোগ্য রোগের ঔষুধ তৈরি করা সম্ভব।

আন্তর্জাতিক বিষয়াবলি

ইরান-ইসরায়েল যুদ্ধ

২০২৫ সালের ১৩ জুন শুরু হওয়া ‘Operation Rising Lion’-এর মাধ্যমে ইসরায়েল প্রথমে ইরানের পারমাণবিক ও সামরিক স্থাপনার ওপর আক্রমণ চালায়। পরদিন ‘Operation True Promise 3’ নামে ইরান ব্যাপক ক্ষোভ ও প্রতিরোধের সঙ্গে পাল্টা হামলা চালায়—শতাধিক ব্যালিস্টিক মিসাইল ও ড্রোন ইসরায়েলের শহরগুলোতে প্রেরণ করা হয়। ২২শে জুন যুক্তরাষ্ট্র এই যুদ্ধে অংশগ্রহণ করে। ইরানের তিন পারমাণবিক স্থাপনায় ‘অপারেশন মিডনাইট হামার’ নামক সামরিক অভিযান চালায়। ১২ দিনের উত্তপ্ত সংঘাতে ইরানের আনুষ্ঠানিক তথ্য অনুযায়ী প্রায় ৬১০ জন নিহত ও প্রায় ৪,৭০০ জন আহত হয়, আর ইসরায়েলের পক্ষ

থেকে ২৯ জন নিহত ও ৩,২০০ এর বেশি আহত হয়েছেন। একই সঙ্গে ইরানের রেভোলিউশনারি গার্ড ও উচ্চপদস্থ বিজ্ঞানীরা নিহত হয়েছেন।

ভারত-পাকিস্তান সংঘাত

২০২৫ সালের এপ্রিল মাসে পেহেলগামে সন্ত্রাসী হামলার পর (২৬ জন ভারতীয় নাগরিক নিহত), ভারত ৭ মে পাকিস্তানে অভিযান চালায়, যার নামকরণ করা হয় “Operation Sindoor”। পাকিস্তানও প্রতিক্রিয়ায় ১০ মে “Operation Bunyan-ul- Marsoos” নামে ভারতে অভিযান চালায়—যাতে ড্রোন, মিসাইল ও আবহাওয়া সামরিক স্থাপনায় আঘাত হানে। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় এই সংঘাত বন্ধ হয়। কিন্তু যুদ্ধের রাজনৈতিক ও কূটনৈতিক ক্ষতি মূল্যায়ন করলে দেখা যায়: ভারত জয় দাবি করে, তবে পাকিস্তান নিজেকে “নিজের সার্বভৌমত্ব রক্ষা করেছে” বলেও দাবি করে।

ট্রাম্পের একতরফা শুদ্ধ নীতি: বিশ্ববাণিজ্যে নতুন সমীকরণ

২০২৫ সালের এপ্রিলে ডোনাল্ড ট্রাম্প বিদেশি পণ্যের ওপর নতুন শুদ্ধ ঘোষণা দিয়ে বৈশ্বিক অর্থনীতিতে উদ্বেগ তৈরি করেন, যদিও সিদ্ধান্তটি সাময়িকভাবে স্থগিত হয়, পরবর্তীতে একতরফাভাবে বিভিন্ন দেশের ওপর শুদ্ধ চাপানো হয় এবং তাৎক্ষণিক ধাক্কা না এলেও এই পদক্ষেপ বহু দেশের কাছে ‘ওয়েক আপ কল’ হিসেবে কাজ করেছে। ট্রাম্প দাবি করেন এ নীতির ফলে মার্কিন উৎপাদন ও বিনিয়োগ বাড়বে, কিছু স্বল্পমেয়াদি বাণিজ্য চুক্তি তাকে বিজয়ী হিসেবে প্রচার করলেও বাস্তবে এগুলো ছিল সীমিত ও শর্তযুক্ত। ডোনাল্ড ট্রাম্পের জারি করা বৈশ্বিক শুদ্ধের বেশিরভাগ অবৈধ বলে রায় দিয়েছে যুক্তরাষ্ট্রের একটি আপিল আদালত। এই রায় ট্রাম্পের বৈদেশিক নীতিকে মারাত্মকভাবে প্রভাবিত করতে পারে বলে ধারণা করা হচ্ছে।

পুতিন-ট্রাম্প বৈঠক

২০২৫ সালের ১৫ আগস্ট, আলাস্কায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে এক ঐতিহাসিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এটি ছিল রাশিয়া-যুক্তরাষ্ট্র সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফল। সম্মেলনের মূল আলোচ্য বিষয় ছিল ইউক্রেন যুদ্ধের সমাধান। পুতিন ইউক্রেনের পূর্বাঞ্চলীয় দনবাস অঞ্চল রাশিয়ার নিয়ন্ত্রণে দেওয়ার প্রস্তাব দেন, যার মাধ্যমে যুদ্ধের অবসান সম্ভব হতে পারে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও দাবি করেন যে, ইউক্রেনের খেরসন ও জাপোরিঝিয়া অঞ্চলের নিয়ন্ত্রণও রাশিয়ার হাতে থাকতে হবে। এছাড়া, ইউক্রেনের ন্যাটো সদস্যপদ নিষিদ্ধ করা, ক্রিমিয়া অঞ্চলের রাশিয়ার অধিকার স্বীকৃতি এবং কিছু নিষেধাজ্ঞা প্রত্যাহারের প্রস্তাবও তিনি দেন। অন্যদিকে, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি রাশিয়ার এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।

নেপালের রাজনৈতিক সংকট ও অন্তর্বর্তী সরকার

২০২৫ সালের সেপ্টেম্বর মাসে সামাজিক যোগাযোগমাধ্যমে নিষেধাজ্ঞার পর নেপালে দেশজুড়ে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। রাজধানী কাঠমান্ডুসহ বিভিন্ন শহরে পুলিশের সঙ্গে সংঘর্ষে প্রায় ৭০+ জন নিহত হয়। সরকারি স্থাপনা ধ্বংসের ঘটনায় প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি পদত্যাগ করেন। এরপর নেপালের ইতিহাসে প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে সুশীলা কার্কি ১৩ সেপ্টেম্বর, ২০২৫ অন্তর্বর্তী প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। তার মন্ত্রিসভার লক্ষ্য হলো আইনশৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা, ক্ষতিগ্রস্ত স্থাপনা সংস্কার এবং জনগণের আস্থা পুনরুদ্ধার। নতুন নির্বাচনের তারিখ ৫ মার্চ, ২০২৬ নির্ধারিত হয়েছে, যার মাধ্যমে কার্কি ক্ষমতা হস্তান্তর করবেন।

আরব ন্যাটো ও মধ্যপ্রাচ্যের নতুন নিরাপত্তা চ্যালেঞ্জ

২০২৫ সালের ৯ সেপ্টেম্বর কাতারে হামাস নেতাদের ওপর ইসরায়েলি হামলা হয়। এই হামলার পর উপসাগরীয় আরব দেশগুলো কাতারের নিরাপত্তা ও স্থিতিশীলতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে কৌশলগত সম্পর্ক পুনর্মূল্যায়ন শুরু করে। ১৫ সেপ্টেম্বর ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি) ও উপসাগরীয় সহযোগিতা সংস্থা (জিসিসি) জরুরি সম্মেলন আহ্বান করে। এতে প্রায় ৬০টি দেশের নেতা ও কর্মকর্তা অংশ নেন এবং ইসরায়েলের বিরুদ্ধে সম্মিলিত পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন। কাতারে হামলার প্রেক্ষাপটে ‘আরব ন্যাটো’ বা ‘মুসলিম ন্যাটো’ গঠনের ধারণা আলোচনায় আসে। মিসর ও ইরাক থেকে জোট গঠনের প্রস্তাব এসেছে। সৌদি আরব ও পাকিস্তান ১৭ সেপ্টেম্বর যৌথ প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করলে এই ধারণা আরও জোরালো হয়।

ফিলিস্তিন রাষ্ট্রের স্বীকৃতি ও গাজার মানবিক সংকট

১৯৪৮ সালে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠার পর ফিলিস্তিন রাষ্ট্র গঠনের পরিকল্পনা কখনো বাস্তবায়ন হয়নি। ১৯৮৮ সালে ইয়াসির আরাফাত ফিলিস্তিনের স্বাধীনতা ঘোষণা করলে জাতিসংঘের ১৩৭টি দেশ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। বর্তমানে ১৯৩টি সদস্য দেশের মধ্যে ১৫০-এর বেশি দেশ ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিয়েছে। ২০২৫ সালের সেপ্টেম্বরে যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, পর্তুগাল ও ফ্রান্সও ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে। উল্লেখ্য, ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের ইসরায়েলে হামলার পর গাজায় ইসরায়েলি সেনা অভিযান শুরু হয়। দুই বছরের আগ্রাসনে ৬৫,৩৪৪ ফিলিস্তিনি নিহত, ১,৬৬,৭৯৫ জন আহত, বহু নিখোঁজ। খাদ্য, পানি ও চিকিৎসা সরবরাহে বাধার কারণে উপত্যকায় দুর্ভিক্ষ ও মারাত্মক অপুষ্টি চলছে।

বিশ্বের উল্লেখযোগ্য ক্রীড়া আসর

নবম আইসিসি T-20 বিশ্বকাপ - ২০২৪

| আয়োজক দেশ: | যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজ |
|---|---|
| সময়কাল: | ২-২৯ জুন, ২০২৪ |
| অংশগ্রহণকারী দল: | ২০টি |
| উদ্বোধনী ম্যাচ: | যুক্তরাষ্ট্র বনাম কানাডা ভেন্যু: গ্র্যান্ড প্রাইম স্টেডিয়াম, ডালাস, যুক্তরাষ্ট্র |
| ফাইনাল ম্যাচ: | ভারত বনাম দক্ষিণ আফ্রিকা ভেন্যু: কেনসিংটন ওভাল, ব্রিজটাউন, বার্বাডোস, ওয়েস্ট ইন্ডিজ |
| চ্যাম্পিয়ন দল: | ভারত - অধিনায়ক: রোহিত শর্মা - পুরস্কার: ট্রফি ও ২.৪৫ মিলিয়ন মার্কিন ডলার |
| রানার্স আপ দল: | দক্ষিণ আফ্রিকা |
| ম্যান অব দ্যা ফাইনাল: | বিরাট কোহলি (ভারত) - ফাইনাল ম্যাচে ৭৬ রান |
| ম্যান অব দ্যা টুর্নামেন্ট: | যশপ্রীত বুমরা (ভারত) - ১৫ উইকেট |
| সর্বোচ্চ উইকেট শিকারি: | ফজলহক ফারুকি (আফগানিস্তান) ও আর্শদীপ সিং (ভারত) - উইকেট সংখ্যা: ১৭ উইকেট |
| সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর: | নিকোলাস পুরান (ওয়েস্ট ইন্ডিজ) - (৯৮, প্রতিপক্ষ আফগানিস্তান) |
| নবম টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের কিছু অর্জন: | টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে একমাত্র বোলার হিসেবে সাকিব আল হাসান ৫০ উইকেট শিকারের মাইলফলক স্পর্শ করেছেন। - নবম টি-টোয়েন্টি বিশ্বকাপে উদ্বোধনী ম্যাচসহ আম্পায়ারের দায়িত্ব পালন করেছেন শরফুদ্দৌলা ইবনে শহীদ। |
| দশম (২০২৬ সাল) আসরের আয়োজক দেশ: | ভারত ও শ্রীলঙ্কা |

■ সাফ ফুটবল নারী চ্যাম্পিয়নশিপ

- ✓ সাফ ফুটবল নারী চ্যাম্পিয়নশিপ শুরু হয় – ২০১০ সাল থেকে।
- ✓ প্রথম আসরে চ্যাম্পিয়ন হয় – ভারত; রানার্সআপ – নেপাল।
- ✓ সর্বশেষ ষষ্ঠ ও সপ্তম আসরে চ্যাম্পিয়ন হয় – বাংলাদেশ এবং রানার্সআপ হয় – নেপাল।

| রোল অব অনার: বয়সভিত্তিক নারী সাফ | | | |
|-----------------------------------|---------|-------------|-----------|
| সাল | সংস্করণ | চ্যাম্পিয়ন | রানার্সআপ |
| ২০১৮ | অ-১৮ | বাংলাদেশ | নেপাল |
| ২০২১ | অ-১৯ | বাংলাদেশ | ভারত |
| ২০২২ | অ-১৮ | ভারত | বাংলাদেশ |
| ২০২৩ | অ-২০ | বাংলাদেশ | নেপাল |
| ২০২৪ | অ-১৯ | বাংলাদেশ | ভারত |
| ২০২৫ | অ-২০ | বাংলাদেশ | নেপাল |

❖ ব্যালন ডি'অর ২০২৫

- 'ফ্রান্স ফুটবল' ম্যাগাজিনের দেওয়া বিশ্ব ফুটবলের সবচেয়ে মর্যাদাপূর্ণ ব্যক্তিগত পুরস্কার ব্যালন ডি'অর চালু হয় ১৯৫৬ সালে।
- প্রতি বছর আগের মৌসুমের সেরা পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবেই দেওয়া হয় এই সম্মাননা।
- ২২ সেপ্টেম্বর, ২০২৫ রাতে প্যারিসের ঐতিহাসিক থিয়াত্র দু শাতলেতে জমকালো আয়োজনে অনুষ্ঠিত হয়েছে ব্যালন ডি'অরের ৬৯তম আসর।

| ব্যালন ডি'অর, ২০২৫ | |
|-------------------------------|---|
| ব্যালন ডি'অর (পুরুষ) | উসমান দেম্বেলে (পিএসজি, ফ্রান্স) |
| ব্যালন ডি'অর (নারী) | আইতানা বোনমতি (বার্সেলোনা, স্পেন) |
| ইয়াসিন ট্রিফি (পুরুষ) | জিয়ানলুইজি দোম্ভারুম্মা (ম্যানচেস্টার সিটি, ইতালি) |
| ইয়াসিন ট্রিফি (নারী) | হান্না হাম্পটন (চেলসি, ইংল্যান্ড) |
| ইয়োহান ক্রুইফ ট্রিফি (পুরুষ) | লুইস এনরিকে (পিএসজি) |
| ইয়োহান ক্রুইফ ট্রিফি (নারী) | সারিনা ভিগমান (ইংল্যান্ড) |
| কোপা ট্রিফি (পুরুষ) | লামিনে ইয়ামাল (বার্সেলোনা) |
| কোপা ট্রিফি (নারী) | ভিকি লোপেজ (বার্সেলোনা, স্পেন) |
| বর্ষসেরা ক্লাব (পুরুষ) | পিএসজি |
| বর্ষসেরা ক্লাব (নারী) | আর্সেনাল |
| জার্ড মুলার ট্রিফি (পুরুষ) | ভিক্টর ইয়োরকেরেস (আর্সেনাল, সুইডেন) |
| জার্ড মুলার ট্রিফি (নারী) | এয়া পাজোর (বার্সেলোনা, পোল্যান্ড) |
| সক্রেটিস অ্যাওয়ার্ড | জানা ফাউন্ডেশন |

❖ US OPEN 2025

| US OPEN 2025 | |
|------------------------|--|
| আয়োজন | ১৪৫তম |
| আয়োজক | ITF (International Tennis Federation) |
| সময়কাল | ২৪ আগস্ট-৭ সেপ্টেম্বর ২০২৫ |
| স্বাগতিক | যুক্তরাষ্ট্র |
| ভেন্যু | USTA Billie Jean King National Tennis Center, New York |
| প্রাইজমানি | ৯ কোটি মার্কিন ডলার (একক চ্যাম্পিয়নরা পাবে ৫০ লাখ ডলার) |
| চ্যাম্পিয়ন: নারী একক | অ্যারিনা সাবালেঙ্কা (বেলারুশ) |
| চ্যাম্পিয়ন: পুরুষ একক | কার্লোস আলকারাজ (স্পেন) |

ফিফা বিশ্বকাপ আয়োজক সমাচার

এক নজরে FIFA

- ✓ FIFA এর পূর্ণরূপ Federation of International Football Association
- ✓ প্রতিষ্ঠা: ২১ মে, ১৯০৪ সাল।
- ✓ সদস্য: ২১১টি দেশ [প্রতিষ্ঠাকালীন ৭টি]
- ✓ বাংলাদেশ সদস্য হয়: ১৯৭৬ সালে।
- ✓ বর্তমান প্রেসিডেন্ট: জিয়ান্নি ইনফান্তিনো [ইতালি]
- ✓ প্রথম বিশ্বকাপ আয়োজন: ১৯৩০ সাল [আয়োজক: উরুগুয়ে]

বিশ্বকাপ আয়োজন:

| আসর | আয়োজক দেশ | অংশগ্রহণকারী দল | বিশেষ তথ্য |
|-----------------|--------------------------------|------------------------------|---|
| ২৩তম (২০২৬ সাল) | কানাডা, মেক্সিকো, যুক্তরাষ্ট্র | ৪৮টি দেশ [প্রথমবারের মতো] | <ul style="list-style-type: none"> উদ্বোধনী ম্যাচ ১১ জুন, ২০২৬ অনুষ্ঠিত হবে। ফাইনাল হবে ১৯ জুলাই, ২০২৬ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের নিউ জার্সি স্টেডিয়ামে। |
| ২৪তম (২০৩০ সাল) | স্পেন, পর্তুগাল, মরক্কো | ৪৮টি দেশ | সহ আয়োজক: উরুগুয়ে, আর্জেন্টিনা ও প্যারাগুয়ে। [ফিফা বিশ্বকাপের শতবর্ষ পূর্তি উপলক্ষে টুর্নামেন্টের শুরুতে একটি করে ম্যাচ আয়োজন করবে লাতিন আমেরিকার তিনটি দেশ।] |
| ২৫তম (২০৩৪ সাল) | সৌদি আরব | ৪৮টি দেশ | সৌদি আরব বিশ্বকাপ আয়োজন করা এশিয়ার চতুর্থ এবং মধ্যপ্রাচ্যের দ্বিতীয় দেশ। |

- সমাপ্ত -

Live MCQ কী এবং কেন?

Live MCQ বাংলাদেশের প্রথম প্রতিযোগিতামূলক অনলাইন পরীক্ষাকেন্দ্র। বাংলাদেশের সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার (যেমন, বিসিএস ও বিভিন্ন চাকরির পরীক্ষা) প্রস্তুতির সময় পরীক্ষার্থীরা বেশ কয়েকটি সমস্যা পড়েন, সেসব সমস্যার সমাধান করাই Live MCQ এর প্রধান লক্ষ্য। একটু বিস্তারিত বলা যাক -

বাংলাদেশের কয়েকটি চাকরির পরীক্ষা (যেমন, NTRCA, BJS) ছাড়া বাকি প্রায় সব চাকরির প্রিলি পরীক্ষা প্রতিযোগিতামূলক। আপনি পড়াশুনা করলেন, মডেল টেস্টের বইতে পরীক্ষা দিয়ে ভাল নাথার পেলেন আর ভাবলেন যে কাট মার্কতো এমনই থাকে তাই প্রস্তুতি ঠিক আছে। আসলেই কি তাই?

পরিসংখ্যান বলে, চাকরিভেদে প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করতে হলে আপনাকে প্রথম ৫-১০% এর মধ্যে থাকতে হবে। কিন্তু চূড়ান্ত পরীক্ষার আগে আপনি কোনভাবেই নিজের অবস্থান জানতে পারছেন না। কারণ, আপনি কখনোই প্রিলি পরীক্ষার আগে আপনার প্রতিদ্বন্দ্বীদের সাথে পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছেন না। যেমন, বিসিএসের প্রিলির জন্য আপনি একা একা মডেল টেস্ট দিয়ে যে প্রশ্নে ১১০ পেলেন এবং আগের বছরের কাট মার্কগুলো দেখে নিশ্চিত ভেবে বসলেন যে প্রস্তুতি ঠিক আছে। আদতে দেখা যাবে, সেই একই প্রশ্নে পরীক্ষা হলে, ৪ লাখ পরীক্ষা দিলে, ২৫ হাজার পাবেন ১২০ এর উপরে। পুরোটাই নির্ভর করছে প্রশ্ন কঠিন না সহজ হলো তার উপর। অর্থাৎ, এই প্রশ্নে পরীক্ষা হলে আপনার পাশ করার কোন সম্ভাবনা নেই বললেই চলে।

প্রস্তুতির প্রকৃত অবস্থান জানতে আপনি যাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঠিক তাদের সাথেই পরীক্ষা দিতে হবে, একা নয়।

Live MCQ আপনাকে সেই সুযোগটি করে দিয়েছে। Live MCQ ব্যবহার করে, আপনি -

- ঘরে বসেই বিসিএস এবং অন্যান্য চাকরির জন্য প্রস্তুতি নিতে পারবেন।
- চূড়ান্ত পরীক্ষার মত একটি নির্দিষ্ট সময়ে হাজারো পরীক্ষার্থীর সাথে Live পরীক্ষায়/মডেল টেস্টে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- একই 'মডেল টেস্ট' সকল প্রতিযোগীর সাপেক্ষে আপনার প্রস্তুতি এবং অবস্থান সম্পর্কে জানতে পারবেন।
- কোন প্রকার আলাদা পরিশ্রম ও সময় ব্যয় না করে প্রতিটি প্রশ্নের বিস্তারিত ব্যাখ্যা রেফারেন্সসহ পাবেন।
- আপনি যে কোন সময় আর্কাইভ থেকে পুরাতন প্রশ্নপত্র দেখতে ও পড়তে পারবেন এবং এই প্রশ্নে পরীক্ষা দিতে পারবেন।

Live MCQ এর অন্যতম বৈশিষ্ট্যসমূহ:

- ✓ প্রকৃত প্রতিযোগীদের সাথে একই সময়ে **LIVE** মডেল টেস্ট।
- ✓ পুরোপুরি বিজ্ঞাপনমুক্ত (Ad Free)।
- ✓ চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত নিয়মিত মডেল টেস্ট।
- ✓ বিষয়ভিত্তিক প্রস্তুতির জন্য রয়েছে টপিকগুরু।
- ✓ প্রতি সপ্তাহে ২০০ মার্কের ফ্রি মডেল টেস্ট।
- ✓ স্মার্ট সার্চের মাধ্যমে যে কোন প্রশ্নের উত্তর ও ব্যাখ্যা সহজেই খুঁজে পাওয়ার সুযোগ।
- ✓ কনফিউজিং ও বিতর্কিত সমস্যা নিয়ে বিশ্লেষণমূলক আলোচনা (তথ্যকল্পক্রম)।
- ✓ নিজের মত করে টপিক, প্রশ্নসংখ্যা ও সময় নির্ধারণ করে কুইজ পরীক্ষা দেয়ার সুযোগ।
- ✓ বিষয়ভিত্তিক ভিডিও ক্লাস ও ক্লাস টপিকের উপর পরীক্ষা।
- ✓ প্রতি পরীক্ষার শেষে ভুল ও ছেড়ে দেয়া প্রশ্নগুলো একসাথে দেখতে পাবেন Wrong and Unanswered বাটনে।
- ✓ পরিবর্তিত তথ্যের জন্য রয়েছে ডায়নামিক ইনফো প্যানেল।
- ✓ নিয়মিত রিয়েল জবের উপর লাইভ পরীক্ষা ও জব সল্যুশনের সমৃদ্ধ আর্কাইভ।
- ✓ এপসের মধ্যেই পাবেন স্টাডি গ্রুপে সংযুক্ত হওয়ার সুযোগ।

প্রতিযোগিতার পরীক্ষায় প্রতিযোগিতার মাধ্যমেই প্রস্তুতি নিন। আপনি এই দুইটির যেকোনো একটির মাধ্যমে আমাদের প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবেন:



Android App

[\[Play Store Link\]](#)



ios App

[\[App Store Link\]](#)



Website

livemcq.com